চালু হল
‘দুরন্ত বার্তা’
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 65 Saturday, 4 February, 2023 ❋ ২৮ বর্ষ, ৬৫ সংখ্যা ❋ ২০ মাঘ, ১৪২৯, শনিবার, ৪ ফেব্রুয়ারি, ২০২৩ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য- ৩ টাকা

‘আদানির জন্য রাজ্যের প্রকল্প বন্ধ হবে না’

প্রয়োজনে বিকল্প ব্যবস্থার ইঙ্গিত দিলেন কুণাল ঘোষ

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারিঃ আদানি গোষ্ঠীকে নিয়ে তোলপাড় হচ্ছে দালাল স্ট্রিট। আদানিদের শেয়ারে গরমিলের অভিযোগ তুলেছে হিন্ডেনবার্গ রিসার্চ নামে একটি সংস্থা। আদানি গোষ্ঠীকে নিয়ে শেয়ার বাজারে এক অর্থনৈতিক অস্থিরতা তৈরি হয়েছে। অতীতে বাংলার বিনিয়োগ মানচিত্রেও আদানিদের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা দেখা গিয়েছে। নবান্নে এসে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে বৈঠক করেছেন স্বয়ং গৌতম আদানি। বাংলার শিল্পের একাধিক ক্ষেত্রে আদানি গোষ্ঠীর বিনিয়োগ করার কথা। এমন অবস্থায় সেই সব প্রকল্পগুলির কী অবস্থা হবে তা নিয়ে প্রশ্ন তুলে দিয়েছেন রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তবে তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষ জানিয়ে তাজপুরের কী হবে? দেউচা পাচামির পাথর কে কিনবে? ইলেকটোরাল বন্ড কী করে আসবে?’’ যদিও বর্তমান বিতর্কের সঙ্গে মুখ্যমন্ত্রী-আদানির ছবি মিলিয়ে দেওয়ার কোনও কারণ খুঁজে পাচ্ছেন না তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষ। তাঁর প্রশ্ন, ‘‘আদানির সঙ্গে কি নরেন্দ্র মোদির ছবি নেই?’’ কুণালের ব্যাখ্যা, যারা দেশের প্রথম সারির শিল্পগোষ্ঠী, তাদের যেমন দেশের প্রধানমন্ত্রীর সঙ্গে ছবি রয়েছে, অন্য রাজ্যের মুখ্যমন্ত্রীদের সঙ্গেও ছবি রয়েছে, তেমনই তারা যদি মনে করে বাংলায় বিনিয়োগের পরিবেশ রয়েছে, তাহলে বাংলার মুখ্যমন্ত্রীর সঙ্গেও ছবি থাকতে পারে। সেই সঙ্গে তৃণমূল মুখপাত্র আরও বলেন, ‘‘কোনও শিল্পগোষ্ঠীর অভ্যন্তরীণ কোনও বিতর্কে নিয়ে যদি বাংলার মুখ্যমন্ত্রীর ছবি জড়িয়ে কেউ কিছু বলেন,

দিয়েছেন, কোনও সংস্থার অভ্যন্তরীণ গন্ডগোলের জন্য বাংলার কোনও প্রকল্পের উপর প্রভাব পড়বে না। প্রয়োজন হলে অন্য সংস্থাকে নিয়ে কাজ হবে, এমন ইঙ্গিতও দিয়েছেন কুণাল। তাহলে কি আদানিদের এই টালমাটাল পরিস্থিতিতে নিরাপদ দূরত্ব বজায় রাখতে চাইছে তৃণমূল? এমন জল্পনা আগেই উস্কে দিয়েছেন তৃণমূল সাংসদ সুখেন্দু শেখর রায়। আদানি গোষ্ঠীর কর্ণধারদের গ্রেফতারির দাবি তুলেছেন তিনি। তৃণমূল সাংসদের বক্তব্য, তদন্ত প্রক্রিয়া শুরুর আগেই যাতে আদানি গোষ্ঠীর কর্ণধাররা দেশ ছেড়ে পালাতে না পারেন, সেই জন্য তাঁদের গ্রেফতার করা উচিত। এমনকী পাসপোর্ট বাজেয়াপ্ত করা ও দেশের সব বিমানবন্দরে লুক আউট নোটিস জারি করার প্রয়োজন রয়েছে বলেও মনে করছেন তিনি। প্রয়োজনে ইন্টারপোলকেও সতর্ক করা দরকার বলে মত সুখেন্দুর। এদিকে গতকালই আবার নবান্নে মমতা-আদানি সাক্ষাৎ পর্বের ছবি হাতে নিয়ে শুভেন্দু অধিকারী বলেছেন, ‘‘আমি কোনও মন্তব্য করব না। সমঝদারো কে লিয়ে ইশারা হি কাফি হ্যায়।’’ এরপর মমতা-আদানির ছবি হাতে শুভেন্দুর বক্তব্য ছিল, ‘‘এবার তাহলে তিনি ‘বদ্ধ পাগল’ ছাড়া আর কিছু নন।’’ আদানি গোষ্ঠী রাজ্যে যে বিনিয়োগের পরিকল্পনা নিয়েছে, সেগুলির ভবিষ্যৎ নিয়ে শুভেন্দু গতকাল যে প্রশ্ন তুলে দিয়েছেন, এদিন তারও জবাব দেন কুণাল ঘোষ। তৃণমূল মুখপাত্র বলেন, ‘‘আদানি গোষ্ঠীকে কেন্দ্র করে একটি বিতর্ক তৈরি হয়েছে। বিপজ্জনক একটি অভিযোগ এসেছে। আদানি গোষ্ঠীও তাদের বক্তব্য রেখেছে। সব মিলিয়ে একটি ডামাডোল চলছে, তা নিয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু রাজ্যের কিছু প্রকল্প, যেখানে আদানি গোষ্ঠীর কোনও ইনভল্‌ভমেন্ট রয়েছে সেখানে এমন চিন্তা করার কোনও কারণ নেই সেই প্রকল্পগুলি অনিশ্চয়তায় পড়ে গেল। একটি গোষ্ঠী এগিয়ে এসেছিল। কিন্তু তার মানে এই নয় অন্য গোষ্ঠী এগিয়ে আসার জন্য অপেক্ষায় নেই। যদি তারা করতে পারেন, ভাল। যদি তারা করতে না পারে বা যদি কোনও জটিলতা তৈরি হয়, তাহলে রাজ্য সরকার বিকল্প পথে যাবে।’’ কুণালের সাফ বক্তব্য, ‘‘রাজ্য সরকার যে প্রকল্পগুলি করবে বলে ঠিক করেছে, কোনও একটি গোষ্ঠীর অভ্যন্তরীণ কোনও গন্ডগোলের জন্য সেই প্রকল্পগুলি কখনও থেমে যাওয়ার মতো অবস্থায় যাবে না।’’

নওশাদ অন্যায় করেছেন

বিজেপির বি টিম আইএসএফ ফিরহাদ

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারিঃ ধর্মতলায় আইএসএফ-এর কর্মসূচি ঘিরে গত ২১ জানুয়ারি উত্তাল হয়েছিল কলকাতার রাজপথ। পুলিশের সঙ্গে ধস্তাধস্তির পরিস্থিতি তৈরি হয়েছিল আইএসএফ নেতা-কর্মীদের। সেই ঘটনার পর গ্রেফতার হয়েছিলেন ভাঙড়ের আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকী। এখনও জামিন মেলেনি তাঁর। এই নিয়ে শুরু হয়েছে ব্যাপক রাজনৈতিক চাপান উতোর। জেলায় জেলায় আইএসএফ কর্মী-সমর্থকদের বিক্ষোভ দেখা গিয়েছে। দাবি উঠছে, নওশাদের মুক্তির। শাসক দল তৃণমূলের বিরুদ্ধে অসন্তোষ তৈরি হয়েছে সংখ্যালঘুদের একাংশের। এমন এক পরিস্থিতিতে এবার আসরে নামলেন মমতার ক্যাবিনেটের অন্যতম গুরুত্বপূর্ণ মন্ত্রী ফিরহাদ হাকিম। দলের মুখপাত্র কুণাল ঘোষকে পাশে নিয়ে একসঙ্গে সাংবাদিক বৈঠক করলেন। জানিয়ে দিলেন, ফুরফুরা শরীফের পীরজাদাদের প্রতি সম্মান রয়েছে কিন্তু নওশাদ সিদ্দিকী যা করছেন তা অন্যায়। শুধু তাই নয়, নওশাদের দল বিজেপির বি টিম হিসেবে কাজ করছে বলেও আক্রমণ করেন ফিরহাদ। ফিরহাদ হাকিম এদিন স্পষ্ট ভাষায় জানিয়ে দেন, ‘‘কোনও ধর্মগুরুকে অবমাননা করার ইচ্ছা তৃণমূল কংগ্রেসের নেই। কিন্তু ধর্মগুরুর চাদর পরে যদি কেউ রাজনীতিক হন এবং সংখ্যালঘুদের অধিকার হনন করার কোনও দলের সঙ্গে শুধু টাকার জন্য, ভোট-

কাটুয়া হয়ে কাজ করেন, তাহলে নিশ্চিতভাবে তৃণমূল প্রতিবাদ করবে।’’ পাশাপাশি বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত প্রতিবেদনও তুলে ধরেন ফিরহাদ-কুণাল। প্রশ্ন করেন, ‘‘নওশাদ সিদ্দিকীর অ্যাকাউন্টে কোটি কোটি টাকা কীভাবে লেনদেন হল? কার মাধ্যমে হল? কে দিয়েছে? একুশের নির্বাচনে অভিপ্রায় কী ছিল? আমরা তো জানতাম সিপিএম-এর সঙ্গে সমঝোতা ছিল। বিজেপির সঙ্গে এই সমঝোতা কীসের স্বার্থে? বিজেপি শীর্ষ নেতাদের সঙ্গে হোয়াটসঅ্যাপ চ্যাট কীসের স্বার্থে?’’ কড়া ভাষায় নওশাদ সিদ্দিকীর সমালোচনা করে ফিরহাদের বক্তব্য, ‘‘যদি তিনি আমাদের ধর্মগুরু হয়ে থাকেন, তাহলে যে ধর্মের মানুষকে সবথেকে বেশি আঘাত করেছে, সেই দলের নেতাদের সঙ্গে ভোটের সময় হোয়াটসঅ্যাপ চ্যাট কীসের জন্য?’’ প্রসঙ্গত, গতকালও সাংবাদিক বৈঠকে শুভেন্দু অধিকারী দাবি করেছেন, নওশাদ সিদ্দিকীর দম আছে, তাই অন্যদের মতো সারেন্ডার করেননি শাসক দলের কাছে। সেই প্রসঙ্গ টেনে ফিরহাদ বলেন, ‘‘শুভেন্দু অধিকারীও এখন নওশাদ সিদ্দিকীকে সার্টিফিকেট দিচ্ছেন। যে মানুষ নন্দীগ্রামে দাঁড়িয়ে বলেছিলেন, আমি ৭০ শতাংশের ভোট নেব, ৩০ শতাংশের ভোট নেব না। তিনিও সার্টিফিকেট দিচ্ছেন নওশাদ সিদ্দিকীকে? কীসের জন্য?’’ এককালে আসাদউদ্দিন ওয়াইসির মিমকে বিজেপির বি টিম বলে খোঁচা দিতে দেখা গিয়েছে অনেক দলকে। কিন্তু এবার নওশাদ সিদ্দিকীর আইএসএফ-কেই বিজেপির বি টিম বলে আক্রমণ করলেন ফিরহাদ। নওশাদকে একহাত নিয়ে বললেন, ‘‘যে মানুষগুলি আপনাকে হুজুর হুজুর করে, সেই মানুষগুলির বিশ্বাস ভেঙে দিলেন আপনি? বিজেপি এমন কী দিয়েছে?’’ কুণাল ঘোষও ফিরহাদের সঙ্গে সুর চড়িয়ে বললেন, ‘‘নওশাদ সিদ্দিকী যা করেছেন তা অন্যায় করেছেন।’’

গঙ্গার নীচ দিয়ে মেট্রো চালু চলতি বছরেই

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারিঃ গঙ্গার তলা দিয়ে কবে মেট্রো চলবে, সেই অপেক্ষায় রয়েছেন শহরবাসী। এবার কলকাতাবাসীর জন্য সুখবর নিয়ে এল মেট্রো রেল। ২০২৩ সালের ডিসেম্বর মাসের মধ্যেই হাওড়া ময়দান ও এসপ্ল্যানেড স্টেশনের মধ্যে মেট্রো পরিষেবা চালু করার সিদ্ধান্ত নেওয়া হল। পূর্ব রেলের জেনারেল ম্যানেজার অরুন অরোরা শুক্রবার সেই কথাই জানালেন। বউবাজারে মেট্রো বিপর্যয়ের জন্য ৮০০ মিটার কাজ থমকে রয়েছে। বিদেশ থেকে অভিজ্ঞ প্রযুক্তিবিদ এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে অভিজ্ঞ ইঞ্জিনিয়ার আনা হচ্ছে। তাঁরা এসে ওই ৮০০ মিটার কাজ কীভাবে করা যায়, তা দেখবেন। তাঁরা পরামর্শ দিলে সেই মত কাজ হবে ওই ৮০০ মিটার অংশে।

সেখানে সমস্যা মিটে গেলে ২০২৪ মার্চ মাসের মধ্যে হাওড়া ময়দান থেকে সেক্টর ফাইভ জুড়ে দেওয়া হবে। কলকাতা মেট্রোর সম্প্রসারণের কাজ দীর্ঘদিন ধরেই চলছে। একাধিক দিকে সম্প্রসারণের কাজ চলছে। বেশ কিছু রুটে মেট্রো ইতিমধ্যেই চালু হয়ে গিয়েছে। নোয়াপাড়া-দক্ষিণেশ্বর, শিয়ালদহ-সেক্টর ফাইভ, জোকা-তারাতলা মেট্রো ইতিমধ্যেই চালু হয়ে গিয়েছে। তবে বউবাজার এলাকায় প্রায় ৮০০ মিটার এলাকায় মেট্রোর কাজে বার বার বিঘ্ন দেখা দিয়েছে। বাড়িতে ফাটল সমস্যার জন্য বার বার থমকে গিয়েছে কাজ। শহরবাসী দীর্ঘদিন ধরে অপেক্ষা করে রয়েছে, গঙ্গার তলা দিয়ে মেট্রো চলার অপেক্ষায়। এবার তাঁদের জন্য সুখবর শোনালেন পূর্ব রেলের জেনারেল ম্যানেজার। চলতি বছরের ডিসেম্বরের মধ্যেই হাওড়া ময়দান ও এসপ্ল্যানেড স্টেশনের মধ্যে মেট্রো চলাচল শুরু করবে বসে আশাবাদী তিনি। এর পাশাপাশি হাওড়া ময়দানের সঙ্গে সেক্টর ফাইভকেও আগামী বছরের মার্চ মাসের মধ্যে যুক্ত করে দেওয়া সম্ভব হবে বলে মনে করছেন তিনি। প্রসঙ্গত, কলকাতা মেট্রো হল শহরের অন্যতম লাইফ লাইন। শহরের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে দ্রুত পৌঁছে যাওয়ার জন্য শহরবাসীর প্রথম পছন্দ মেট্রো পরিষেবাই। শুধু কলকাতাবাসীই নন, শহরতলির বহু মানুষ নিত্যদিনের যাতায়াতের জন্য নির্ভর করেন মেট্রো পরিষেবার উপর। হাওড়া ময়দানের সঙ্গে এসপ্ল্যানেডকে যুক্ত করার কাজ শেষ হলে শহরবাসীর জন্য আরও বেশি সুবিধা হবে বলেই মত ওয়াকিবহাল মহলের।

রাজ্য সরকারকে কড়া নির্দেশ বিচারপতির

‘শিক্ষকদের বকেয়া টাকা পেতে এত দেরি কেন?’

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারিঃ শিক্ষকদের বকেয়া পেতে কেন এত দেরি হচ্ছে, প্রশ্ন তুলল কলকাতা হাইকোর্ট। শিক্ষকদের ক্ষেত্রে সরকারের আরও সচেতন হওয়া উচিত বলে শুক্রবার মন্তব্য করেন কলকাতা হাইকোর্টের বিচারপতি রাজাশেখর মান্থা। বিচারপতি মান্থার পর্যবেক্ষণ, শিক্ষকরা শিক্ষাদান করেন। এটা মহ কাজ। তাই তাঁদের অবসরের পর পাওনা আর্থিক সুবিধা পেতে বিলম্ব হওয়াটা খুবই দুঃখজনক। এ বিষয়ে বিশেষ দৃষ্টি দেওয়া প্রয়োজন। এদিন বিচারপতি মন্তব্য করেন, হাইকোর্টের নির্দেশ সত্ত্বেও আবেদনকারী বহু শিক্ষক তাঁদের বকেয়া আর্থিক সুবিধা ঠিকমতো পাচ্ছেন না। বিচারপতির নির্দেশে এদিন আদালতে ভার্চুয়ালি হাজির ছিলেন বিভিন্ন জেলার বিদ্যালয় পরিদর্শক ও জেলাশাসক। বিচারপতি প্রশ্ন করেন, কী করছেন আপনারা? আপনাদের এই আচরণ আদালত মানতে নারাজ।

আপনাদের সরকারি বিভিন্ন বিভাগের ফাইল স্থানান্তরের জন্য শিক্ষকরা ক্ষতিগ্রস্ত হতে পারেন না। বিচারপতি নির্দেশ দেন, দ্রুত বকেয়া মেটাতে হবে। বছরের পর বছর শিক্ষকদের কাছ থেকে পরিষেবা নিয়ে বকেয়া আর্থিক পাওনা দেওয়ার সময় তাঁদের এভাবে নাজেহাল করছেন কেন?, প্রশ্ন করেন বিচারপতি মান্থা। শুনানিতে উপস্থিত বিদ্যালয় পরিদর্শক ও জেলাশাসকদের উদ্দেশে বিচারপতির প্রশ্ন, কাল যখন আপনার সঙ্গে হবে তখন আপনি কি করবেন? এদিন অবসরপ্রাপ্ত শিক্ষকদের বকেয়া আর্থিক সুযোগ সুবিধা সংক্রান্ত একটি মামলার শুনানি ছিল। সেখানে কার্যত আদালতের ভর্ৎসনার মুখে পড়তে হয় রাজ্য সরকারকে। একাধিক সরকারি স্কুলের শিক্ষকরা অবসর নেওয়ার পর প্রাপ্য আর্থিক সুযোগ সুবিধা পাচ্ছেন না বলেই এই মামলা দায়ের করেন। সেই মামলার পরিপ্রেক্ষিতেই এদিন খুব স্পষ্ট দু'টি মন্তব্য করেন বিচারপতি রাজাশেখর মান্থা। এই শুনানিতে ভার্চুয়ালি উপস্থিত থাকা বিভিন্ন জেলাশাসক এবং জেলা বিদ্যালয় পরিদর্শকদের স্পষ্ট বিচারপতি বার্তা দেন, এই শিক্ষকদের কাছ থেকে পরিষেবা নিয়েছেন। তারপরও কেন তাঁদের প্রাপ্যের জন্য যুঝতে হবে?

লক্ষ্য ২৮ আসন, তৃণমূলের বিরাট পরিকল্পনা! বড় যোগদানের ইঙ্গিত

আগরতলা, ৩ ফেব্রুয়ারিঃ ত্রিপুরা বিধানসভা ভোটের ২৮ আসনেই লড়াই করতে চলেছে তৃণমূল কংগ্রেস। এই ২৮ আসনের লড়াইয়ে একাধিক বিধানসভা কেন্দ্রে প্রচারে নেমে পড়েছে তৃণমূল কংগ্রেস নেতৃত্ব। বাড়ি বাড়ি গিয়েও প্রচার চালাচ্ছেন ভোট প্রার্থী ও নেতারা। তৃণমূল কংগ্রেসের দাবি, প্রচার পর্বে কদমতলা কুর্তি বিধানসভায় ১০০টি পরিবারের ৩২৫ জন ভোটার তৃণমূল কংগ্রেসে যোগদান করেছে। দলের সভাপতি পীযূষ কান্তি বিশ্বাস জানিয়েছেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের আদর্শে অনুপ্রাণিত হয়ে এবং অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সেনাপতিত্বকে অনুসরণ করে, কদমতলা কুর্তি বিধানসভা কেন্দ্রে ১০০টি পরিবারের ৩২৫ জন ভোটার তৃণমূল কংগ্রেসে যোগদান করেছেন। এই সভায় উপস্থিত ছিলেন, সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ সুস্মিতা দেব ও ত্রিপুরা প্রদেশ তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক তথা কদমতলা কুর্তি বিধানসভার সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস প্রার্থী আবদুল হাসিম তালুকদার। স্বচ্ছ ও সুস্থ সরকার গঠনে মানুষ তৃণমূল কংগ্রেসের উপর আস্থা রাখছেন এবং আগামীদিনে তৃণমূল কংগ্রেস ত্রিপুরার মাটিতে আরো শক্তিশালী দল হিসেবে হয়ে উঠবে, বলে জানিয়েছেন প্রার্থী আবদুল হাসিম তালুকদার। অন্যদিকে, সোনামুড়ায় একাধিক ওয়ার্ডে তৃণমূল কংগ্রেস প্রার্থীর প্রচার চলছে। ঠাকুরমুড়া ওয়ার্ড নং ১, ২ সোনামুরায় তৃণমূল কংগ্রেসের প্রচার করা হয়। প্রচারে উপস্থিত ছিলেন, সোনামুড়া তৃণমূল কংগ্রেস মনোনীত প্রার্থী, নীল কমল সাহা, জেলা কমিটি সদস্য শ্রী আশিক ইকবাল আহমেদ, জেলা যুব সভাপতি শ্রী জসীমউদ্দীন, রাজ্য কার্যনির্বাহী সদস্য রুহুল আমিন-সহ দলের অন্যান্য সদস্যরা। প্রার্থী নীল কমল সাহা জানিয়েছেন, ‘‘ত্রিপুরার জন্য তৃণমূল-এর এই প্রচারে জনগণের দুয়ারে দুয়ারে তাঁদের অবস্থার কথা শোনেন। জনগণের সকল প্রকার সহায়তায় পেতে আমরা তৎপর। জনগণের থেকে সাড়া পাওয়া যায়। সন্ত্রাসের হাত থেকে মুক্তি পাওয়ার ও নিজেদের অধিকার আদায়ের দাবীতে মানুষ সোচ্চার।’’ অন্যদিকে, ত্রিপুরা বিধানসভা নির্বাচনে, বিজেপি মুক্ত সরকার গড়তে ত্রিপুরার জন্য তৃণমূল এই প্রচারে কালীতলা, তেলিয়ামুরা অঞ্চলে তৃণমূল কংগ্রেস মনোনীত প্রার্থী, রবি চৌধুরী জনগণের দুয়ারে গিয়ে তাঁদের সঙ্গে কথা বলেন। তিনি তাঁদের সমস্যার কথা শোনেন, এবং সন্ত্রাস মুক্ত সরকার গড়া তৃণমূল কংগ্রেসের প্রধান লক্ষ্য সেই কথা জানান। এ বিষয়ে তিনি জণগণের আশীর্বাদ কামনা করেন। তিনি আরো বলেন, ‘‘জনগণ বিজেপির থেকে মুক্তি চাইছেন। এ বিষয়ে তৃণমূল কংগ্রেস সর্বদা মানুষের পাশে আছে। এছাড়াও জণগণের সকল প্রকার হিত কর্মে তৃণমূল কংগ্রেস সর্বদাই প্রস্তুত।’’

বিবিসির ডকুমেন্টারি নিষিদ্ধের মামলা নিয়ে কেন্দ্রকে সুপ্রিম নোটিশ



নয়াদিল্লি, ৩ ফেব্রুয়ারিঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সম্পর্কে বিবিসির তৈরি বিতর্কিত ডকুমেন্টারি সিরিজ নিষিদ্ধ ঘোষণা করার সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে মামলা দায়ের করা হয়েছে সুপ্রিম কোর্টে। শুক্রবার (৩ ফেব্রুয়ারি), এই মামলার বিষয়ে কেন্দ্রকে নোটিশ পাঠাল শীর্ষ আদালত। তিন সপ্তাহের মধ্যে এই বিষয়ে কেন্দ্রের জবাব চেয়েছে আদালত। পাবলিক ডোমেন থেকে ডকুমেন্টারি সিরিজটি সরিয়ে দেওয়ার বিষয়ে কেন্দ্রের নির্দেশের মূল নথিটিও দেখতে চেয়েছে আদালত। এদিন বিচারপতি সঞ্জীব খান্না এবং বিচারপতি এমএম সুন্দরেশের একটি বেঞ্চ এই মামলাটি শোনে। বেঞ্চ বলেছে, ‘‘আমরা নোটিশ জারি করছি। তিন সপ্তাহের মধ্যে পাল্টা হলফনামা দাখিল করতে হবে। তার দুই সপ্তাহের মধ্যে রিজয়েন্ডার দিতে হবে। আগামী এপ্রিলে এই মামলার পরবর্তী শুনানি হবে।’’ এই বিষয়ে সুপ্রিম কোর্টে মামলা করেছিলেন সাংবাদিক এন রাম, সমাজকর্মী প্রশান্ত ভূষণ এবং তৃণমূল সাংসদ মহুয়া মৈত্র। তাঁরা আবেদন করেছেন, এই ডকুমেন্টারিটি নিষিদ্ধ করা থেকে সরকারকে আটকাক আদালত। সোশ্যাল মিডিয়া থেকে ডকুমেন্টারিটির লিঙ্ক সরিয়ে দেওয়া এবং ডকুমেন্টারিটির প্রদর্শন বন্ধ করতে বিদ্যুৎ সংযোগ বন্ধ করে দেওয়াকে চ্যালেঞ্জ করেছেন আবেদনকারীরা। গত ২১ জানুয়ারি, ২০২১ সালের তথ্য প্রযুক্তি আইনের আওতায় জরুরি বিধান ব্যবহার করে বিতর্কিত ডকুমেন্টারিটির লিঙ্ক শেয়ার করা একাধিক ইউটিউব ভিডিয়ো এবং টুইটার পোস্ট ব্লক করার নির্দেশ জারি করেছিল। আইনজীবী এমএল শর্মা একটি পৃথক আবেদনে দাবি করেছেন, কেন্দ্রের পক্ষ থেকে কখনই সরকারিভাবে ডকুমেন্টারিটি প্রদর্শন নিষিদ্ধ করার নির্দেশটি প্রকাশ করা হয়নি। তিনি জানিয়েছেন, তথ্য প্রযুক্তি আইন অনুসারে এই জরুরি ভিত্তিতে ব্লক করার নির্দেশটি ৪৮ ঘণ্টার মধ্যে প্রকাশ করতে হয়। এই ক্ষেত্রে তা করা হয়নি। বিবিসির ডকুমেন্টারিটি নিষিদ্ধ করার সিদ্ধান্তকে তিনি খারাপ উদ্দেশ্যের, স্বেচ্ছাচারী এবং অসাংবিধানিক বলেছেন। এদিন আদালত এই বিষয়ে হিন্দু সেনা সংগঠনের সভাপতি বিষ্ণু গুপ্তা এবং বীরেন্দ্র কুমার সিং নামে এক কৃষকের আবেদনও শোনে। তাঁরা বিবিসি এবং তাদের কর্মীদের বিরুদ্ধে তদন্তের দাবি করেছেন। তাঁদের মতে, ভারত ও ভারত সরকারের বিরুদ্ধে পক্ষপাতদুষ্ট আচরণ করছে বিবিসি। বর্তমানে গোটা বিশ্বে ভারতের যেভাবে উত্থান ঘটছে, তার বিরুদ্ধে এক গভীর ষড়যন্ত্রের অংশ এই ডকুমেন্টারিটি। তাঁদের দাবি, ডকুমেন্টারিটি শুধুমাত্র মোদি-বিরোধী প্রেপাগান্ডার প্রতিফলনই নয়, এটা হিন্দু-বিরোধী প্রোপাগান্ডার অংশও বটে। ভারতের সামাজিক বাঁধন নষ্ট করা এর উদ্দেশ্য।

কেন্দ্রের আর্থিক ‘বঞ্চনা’ নিয়ে বিধানসভায় প্রাইভেট বিল প্রস্তাবের চিন্তাভাবনা রাজ্যের

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারিঃ ১০০ দিনের কাজ-সহ নানা বিষয়ে কেন্দ্রের আর্থিক বঞ্চনার অভিযোগ নিয়ে আসন্ন বাজেট অধিবেশনে ফের সরব হতে চলেছে তৃণমূল কংগ্রেস। সূত্রের খবর, এ নিয়ে একটি মোশন আনা বা প্রাইভেট বিল নিয়ে প্রস্তাব আনার বিষয়েও তৃণমূলের অন্দরে কথা চলছে। ১০০ দিনের কাজে টাকা না পাওয়া নিয়ে গত প্রায় দেড় বছর ধরে সরব তৃণমূল। সম্প্রতি বীরভূমের সভা থেকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও বলেছেন, ‘‘১০০ দিনের কাজের টাকা আগের বছর কমিয়ে দিয়েছিল। এবার ‘ড্রস্টিক কাট’ করে দিয়েছে। তার মানে ১০০ দিনের কাজ আর আপনারা ওদের কাছ থেকে পাবেন না। যাঁরা কাজ করেছেন, তাঁদের মাইনি পর্যন্ত এখনও দেননি। আমাদের টাকা তোমরা আটকে রাখো কী করে? ইজ ইট নট অ্যা ক্রিমিন্যাল অফেন্স? সংবিধানে বলা আছে, ১০০ দিনের কাজ করলে সময় মতো টাকা দিতে হবে। এটা কম্পালসারি। এটা অপশনাল নয়। এটা সাংবিধানিক। দেয়নি।’’ সূত্রের খবর, এবার এ নিয়ে বিধানসভা অধিবেশনেও সোচ্চার হবে শাসকদল। আগামী ৮ ফেব্রুয়ারি থেকে রাজ্যের বাজেট অধিবেশন শুরু হবে। সূত্রের খবর, সেই অধিবেশনে ১০০ দিনের কাজ, গঙ্গাভাঙন রোধ-সহ একাধিক বিষয় নিয়ে সরব হতে চলেছে শাসকদল। গত নভেম্বরে গত বিধানসভা অধিবেশনেও মুখ্যমন্ত্রী এ নিয়ে সরব হয়েছিলেন। শোনা যাচ্ছে, দিল্লিতে বাংলার শাসকদল সর্বদলীয় প্রতিনিধি দল নিয়ে যাবে। বাংলা ভাঙন-সহ বিভিন্ন যেসব বকেয়া আছে কেন্দ্রের কাছে, তার দাবি তুলবে তারা। অন্যদিকে যদি প্রাইভেট বিল আনা যায়, সেখানে তৃণমূল কংগ্রেসের যে বক্তব্য তা বিধানসভার খাতা কলমে রেকর্ড থাকবে। প্রাইভেট বিল আনা হলে এটাও সামনে আসবে, তৃণমূল নেতা, মন্ত্রীরা যে শুধু মঞ্চে এ নিয়ে সরব হন এমন নয়, বিধানসভার অন্দরেও এ নিয়ে তৃণমূল যে সরব হয়েছে তা নথিভুক্ত থাকবে। যেহেতু বাজেট অধিবেশন, সেখানে বিরোধীরা কোনও বিষয়কে ইস্যু করে শাসকদলকে বিঁধতে চাইলে, পাল্টা এই ইস্যুকে তুলে ধরবেন শাসকদলের বিধায়করাও।

কুন্তল ঘোষের বিস্ফোরক অভিযোগ

তাপস মণ্ডলের সঙ্গে সরাসরি যোগ বিজেপির!

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারিঃ ‘‘এটা বিজেপির বড় একটা ষড়যন্ত্র। তাপস মণ্ডল বিজেপির সঙ্গে যুক্ত রয়েছে’’। আদালতে পেশ হওয়ার আগে আবারও এক নয়া তথ্য খাঁড়া করলেন তৃণমূলের যুবনেতা কুন্তল ঘোষ। শুক্রবার কুন্তলের ১৪ দিনের ইডি হেফাজতের মেয়াদ শেষ হয়। এ দিন ফের তাঁকে আদালতে পেশ করা হয়। ইডি আগেই আদালতে জানিয়েছে, নিয়োগ দুর্নীতিতে ৩০ কোটিরও বেশি আত্মসাৎ করেছেন কুন্তল। এদিন আদালতে যাওয়ার পথে ফের বিস্ফোরক তিনি। সরাসরি বিজেপির বিরুদ্ধে ষড়যন্ত্রের অভিযোগ তুলেছেন তিনি। সঙ্গে বলেছেন, ‘‘তাপস মণ্ডল কীভাবে বিজেপির সঙ্গে যুক্ত রয়েছে, দেখে নিন...।’’ মনে করা হচ্ছে, নিয়োগ দুর্নীতিতে এই প্রথম সরাসরি বিজেপির নাম করলেন কোনও অভিযুক্ত। ইডির তরফ থেকে বলা হচ্ছিল, কুন্তল ঘোষ তদন্ত প্রক্রিয়াকে ব্যাহত করার চেষ্টা করছেন। এদিনও আদালতে সওয়াল জবাবের সময়ে ইডি-র তরফে আইনজীবী এই বিষয়টি উল্লেখ করেন। ইডি আধিকারিকদের একাংশ তার আইনি ব্যাখ্যাও দিয়েছেন। ৫০ পিএমএলএ অ্যাক্ট অনুযায়ী অভিযুক্তের বয়ান রেকর্ড করে ইডি। পুলিশের কাছে ১৬১ ধারায় যে বয়ান রেকর্ড হয়, তার সঙ্গে ইডি-র কাছে রেকর্ড হওয়া বয়ানের পার্থক্য থাকে। ইডি কাছে যে

বয়ান রেকর্ড হয়, সেটি জুডিসিয়াল স্টেটমেন্ট। পুলিশের কাছে সে ক্ষেত্রে বয়ান বদল করা যায়। ইডি-র কাছে অভিযুক্ত কিংবা সাক্ষী যে বয়ান দেবেন, তার থেকে সরতে পারবেন না। ইডির বক্তব্য, কুন্তল তদন্তকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। কুন্তল আধিকারিকদের একাধিক তথ্য দিয়ে তদন্তের মোড় অন্য দিকে ঘোরানোর চেষ্টা করছেন বলে দাবি ইডি-র। সেক্ষেত্রে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার অনুমান, কাউকে আড়াল করার চেষ্টা করছেন কুন্তল। এবার বিজেপির সঙ্গে তাপস যোগের কথা বলে আরও একটি তত্ত্ব খাঁড়া করতে চাইছেন তিনি, মনে করছেন তদন্তকারীদের একাংশ। কেন এতদিন তাপসের সঙ্গে বিজেপি যোগের তত্ত্ব সামনে আনেননি? এই কথাটি আগে তাঁর বয়ানে ছিল না, ইডি সূত্রে খবর। বিজেপি সর্ব ভারতীয় সহ সভাপতি দিলীপ ঘোষ বলেন, ‘‘তাপসের সঙ্গে বসে যখন টাকা তুলছিলেন, তখন মনে ছিল না বিজেপি না টিএমসি? এখন আদালতে এসব কথা বললে চলবে? তাপস যেমন প্রমাণ দিচ্ছেন, ওঁ প্রমাণ দিন। তাপস তো বলেছেন টাকা তুলেছিলেন কুন্তল, তার কাগজ দেখিয়েছেন। এবার কুন্তলও তাঁর বক্তব্যের প্রেক্ষিতে প্রমাণ দিন।’’ প্রসঙ্গত, কুন্তলের বিরুদ্ধে মানিক ঘনিষ্ঠ তাপস মণ্ডল দাবি করেছিলেন, তিনি চাকরি দেওয়ার নাম করে ১৯ কোটি ৪৪ লক্ষ টাকা তুলেছিলেন। সেই দাবি পক্ষে প্রমাণ পেয়ে কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার আধিকারিকরা কুন্তলকে গ্রেফতার করেন। হেফাজতে থাকাকালীন এবার অন্য দাবি করতে থাকেন কুন্তল। তিনি পাল্টা দাবি করেন, তাপস তাঁর কাছ থেকে ৫০ লক্ষ টাকা ‘ঘুষ’ চেয়েছিলেন। তাঁদের মুখোমুখি বসিয়ে ম্যারাথন জেরাও করেছেন ইডি আধিকারিকরা। এবার আবার নয়া তত্ত্ব খাঁড়া করলেন কুন্তল।

দেওঘরে ন্যানো সার কারখানার ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী

রাঁচি, ৩ ফেব্রুয়ারি ঃ শনিবার দেওঘরে আসবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। প্রথমে বাবা বৈদ্যনাথ মন্দিরে প্রার্থনা করবেন তিনি। এর পরে সাঁওতাল পরগণাকে একটি বড় উপহার দেবেন তিনি। জাসিডিহ শিল্প এলাকায় ইফকোর ন্যানো সার কারখানার ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন স্বরাষ্ট্রমন্ত্রী।শনিবার একটি বিশেষ বিমানে সকাল ১১টায় দেওঘর বিমানবন্দরে পৌঁছাবেন শাহ। সেখান থেকে সরাসরি বাবা বৈদ্যনাথ মন্দিরে দর্শন করবেন তিনি। এরপর দুপুর দেড়টায় পৌঁছাবেন জাসিডিহ শিল্প এলাকায়। তিনি ইফকোর ন্যানো ফার্টিলাইন প্ল্যান্টের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। বিকাল ৩.১৫ থেকে ৪.৪৫ পর্যন্ত আরকে মিশন বিদ্যাপীঠের শতবর্ষ উদযাপনের অনুষ্ঠানে অংশ নেবেন।কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শাহের দেওঘর সফরকে ঘিরে ইতিমধ্যেই প্রস্তুতি শুরু করেছে বিজেপি নেতারা। দেওঘরের বিধায়ক নারায়ণ দাস এবং শরথের বিধায়ক রণধীর সিং প্রস্তুতির বিষয়টি খতিয়ে দেখে নিচ্ছেন। রাজ্য সভাপতি দীপক প্রকাশ, বিধায়ক দলের নেতা বাবুলাল মারান্ডি, রাজ্যসভার সাংসদ আদিত্য সাহু সহ অন্যান্য নেতারাও পৌঁছেছেন দেওঘরে। ইফকোর এমডি ইউএস অবস্থি জানান, ভিত্তিপ্রস্তর স্থাপনের পর ২৪ মাসের মধ্যে ন্যানো সার কারখানা তৈরি হয়ে যাবে। এতে এলাকার ১৫০-২০০ বেকার যুবকের কর্মসংস্থান হবে। প্ল্যান্টের জন্য আইএফএফসিও ২০০ একর জমি পেয়েছে। এই কারখানা কৃষকদের জন্য একটি বড় উপহার দেওয়া হবে।

আমুল দুধের দাম বেড়েছে লিটার প্রতি ৩ টাকা

নয়াদিল্লি, ৩ ফেব্রুয়ারি ঃ আবারও দামি হয়েছে আমুলের দুধ। শুক্রবার সকালে হঠাৎ করে দুধের দাম বেড়ে যাওয়ায় বিস্ময় প্রকাশ করেন সাধারণ মানুষ। আমুল পাউচ দুধের (সব ধরনের) দাম লিটারে ৩ টাকা বাড়ানো হয়েছে।গুজরাট কো-অপারেটিভ মিল্ক মার্কেটিং ফেডারেশন লিমিটেড জানিয়েছে, আমুল সমস্ত ধরণের দুধের দাম লিটার প্রতি ৩ টাকা বাড়িয়েছে। ৩ রা ফেব্রুয়ারি থেকে দুধের নতুন দাম কার্যকর হবে বলেও জানিয়েছে সংস্থা।প্রসঙ্গত, এতদিন আমুলের ফুল ক্রিম দুধ বিক্রি হচ্ছিল প্রতি লিটার ৬৩ টাকায়। ১৫ অক্টোবর এটি প্রতি লিটার ৬১ টাকা থেকে বাড়িয়ে ৬৩ টাকা করা হয়েছিল।

কেন্দ্রীয় বাজেটে কর্ণাটক কিছুই পায়নিঃ ডি কে শিবকুমার

বেঙ্গালুরু (কর্নাটক),৩ ফেব্রুয়ারিঃ কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আমাদের রাজ্য থেকে হওয়া সত্ত্বেও কেন্দ্রীয় বাজেটে কর্ণাটক কিছুই পায়নি বলে অভিযোগ করলেন কর্ণাটক রাজ্য কংগ্রেসের প্রধান ডি কে শিবকুমার। গত বৃহস্পতিবার তিনি বলেন, কর্ণাটক কেন্দ্রীয় বাজেটে কিছুই পায়নি। বাজেট সরাসরি কর্ণাটককে প্রভাবিত করে না এবং আমরা খুবই দু ঃখিত যে আমরা ভেবেছিলাম নির্মলা সীতারমন আমাদের রাজ্য থেকে গিয়েছেন এবং তিনি কিছু করবেন। রাজ্যকে উৎসাহিত করুন কিন্তু কিছুই করা হয়নি।নির্মলা সীতারামন গতবুধবার তার বাজেট বক্তৃতায় কর্ণাটকের তুঙ্গা প্রকল্পের জন্য ৫,৩০০ কোটি টাকা অনুদান ঘোষণা করেছেন।প্রসঙ্গত, গত বুধবার কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সাধারণ বাজেটে কর্নাটকের খরা-প্রবণ কেন্দ্রীয় অঞ্চলে, টেকসই মাইক্রো সেচ এবং পানীয় জলের জন্য পৃষ্ঠের ট্যাঙ্কগুলি পূরণ করার জন্য তুঙ্গা প্রকল্পকে ৫,৩০০ কোটি টাকা কেন্দ্রীয় সহায়তা দেওয়া হবে বলে ঘোষণা করেন।

সন্ত্রাসী হামলার হুমকি পাওয়ার পর মুম্বইয়ে পুলিশি সতর্কতা

মুম্বই, ৩ ফেব্রুয়ারি ঃ সন্ত্রাসী হামলার হুমকি পাওয়ার পর মুম্বইয়ে পুলিশি সতর্কতা বাড়ান হয়েছে এবং শহরের গুরুত্বপূর্ণ স্থানে নিরাপত্তা জোরদার করা হয়েছে।সূত্রের খবর, ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সির (এনআইএ) মেল আইডিতে সন্ত্রাসবাদী হুমকি সম্বলিত একটি ইমেল পাওয়া গেছে। এর পরেই দেশের সমস্ত শহরকে সতর্ক করে এনআইএ। এনআইএ গতবৃহস্পতিবার মধ্যরাতে ১২ টায় মুম্বই পুলিশের কন্ট্রোল রুমে এই বিষয়ে একটি সতর্কতা পাঠিয়েছিল। এনআইএ-র ইমেলের প্রেরক উল্লেখ করেছেন, তিনি তালেবান সংগঠনের প্রধান নেতা

জোর দেওয়া হয়েছে ক্ষমতায়নের ভিত্তিতে এক অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি গড়ে তোলার ওপর

নয়াদিল্লি,৩ফেব্রুয়ারিঃকেন্দ্রীয় অর্থমন্ত্রী শ্রীমতী নির্মলা সীতারমন সংসদে ২০২৩-২৪ অর্থবর্ষের যে কেন্দ্রীয় বাজেট প্রস্তাব পেশ করেন, তাতে অমৃতকালে পৌঁছনোর লক্ষ্যে একটি রূপরেখা তুলে ধরা হয়েছে। অর্থমন্ত্রীর মতে, এই বাজেট প্রস্তাব ক্ষমতায়নের ভিত্তিতে এক অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি গা৷ে তুলতে ভারতকে সাহায্য করবে। তিনি বলেছেন, আমাদের লক্ষ্য হল এক সমৃদ্ধ অন্তর্ভুক্তিমূলক ভারত গড়ে তোলা যার মাধ্যমে উন্নয়নের সুফল পৌঁছে যাবে দেশের সবক'টি অঞ্চলের নাগরিকদের কাছে। বিশেষত, দেশের তরুণ ও যুব সমাজ, মহিলা, কৃষক, অন্যান্য অনগ্রসর শ্রেণীর মানুষ, তপশিলি জাতি এবং তপশিলি উপজাতিভুক্ত মানুষ এর ফলে বিশেষভাবে উপকৃত হবেন।অমৃতকালের লক্ষ্য ও দৃষ্টিভঙ্গি - ক্ষমতায়নের ভিত্তিতে এক অন্তর্ভুক্তিমূলক ভারত গঠনঅর্থমন্ত্রীর মতে, আমাদের লক্ষ্য হল এমন এক অমৃতকালে পৌঁছে যাওয়া যেখানে প্রযুক্তি পরিচালিত এবং জ্ঞান-নির্ভর এক অর্থনীতির বনিয়াদ গড়ে তোলা যাবে সর্বোচ্চ মাত্রায় সরকারি লগ্নির মাধ্যমে। ফলে, দেশের আর্থিক ক্ষেত্রটি হয়ে উঠবে যথেষ্ট মজবুত ও শক্তিশালী। এই সাফল্য অর্জনের লক্ষ্যে জনভাগিদারি অর্থা, সকলের অংশীদারিত্ব তথা ' সবকা সাথ, সবকা প্রয়াস'-এর পথ অনুসরণ করা একান্ত জরুরি বলে তিনি মন্তব্য করেন।এই লক্ষ্যে পৌঁছনোর জন্য দেশের অর্থনৈতিক কর্মসূচিতে তিনটি অগ্রাধিকার চিহ্নিত করা হয়েছে। এগুলি হলঃ১) দেশের নাগরিক তথা তরুণ ও যুব সমাজের আশা-আকাঙ্ক্ষা পূরণে যথেষ্ট মাত্রায় সুযোগ-সুবিধার প্রসার২) উন্নয়ন ও অগ্রগতি তথা কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির ওপর বিশেষ দৃষ্টি এবং৩) বৃহদায়তন অর্থনীতি ক্ষেত্রে স্থিতিশীলতাকে অক্ষুণ্ণ রাখা তথা তা আরও মজবুত করে তোলা।দেশে ১০০ শতাংশ সাফল্য অর্জনের লক্ষ্যকে সামনে রেখে রূপান্তর প্রচেষ্টায় যে চারটি বিষয়কে চিহ্নিত করা হয়েছে তার মধ্যে রয়েছেঃ-১) স্বনির্ভর গোষ্ঠীগুলির মাধ্যমে মহিলাদের আর্থিক তথা অর্থনৈতিক ক্ষমতায়ন দীনদয়াল অন্ত্যোদয় যোজনা জাতীয় গ্রামীণ জীবিকা মিশন-এর উল্লেখযোগ্য সাফল্যের একটি চিত্র তুলে ধরে অর্থমন্ত্রী বলেন যে গ্রামীণ মহিলাদের ৮১ লক্ষ স্বনির্ভর গোষ্ঠীর কর্মকাণ্ডে সামিল করে উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে। তিনি বলেন, এই স্বনির্ভর গোষ্ঠীগুলিকে অর্থনৈতিক ক্ষমতায়নের পরবর্তী পর্যায়ে নিয়ে যেতে উৎপাদকদের ব৷ ধরনের সংস্থা বা সমবায় গঠনের মধ্য দিয়ে পেশাগতভাবে উন্নয়ন প্রচেষ্টাকে যুক্ত করা হবে। উৎপাদকদের প্রত্যেকটি প্রতিষ্ঠানে কয়েক হাজার সদস্যকে কাজের দায়িত্ব দেওয়া হবে। উন্নতমানের নকশা বা ডিজাইন তৈরি করা, নির্দিষ্ট গুণমান অক্ষুণ্ণ রাখা, উপাদিত পণ্যের ' নেম' স্থির করা এবং পণ্য বিপণনের কাজে সাহায্য করতে কাঁচামালেরও যোগান

দেওয়া হবে। নীতিগতভাবে পণ্যের এক বৃহৎ বাজার গড়ে তুলতে সমস্ত রকমভাবে সাহায্য করা হবে। প্রসঙ্গত, কয়েকটি স্টার্ট-আপ সংস্থা যেভাবে ইউনিকর্ন-এর পর্যায়ে উন্নীত হয়েছে, তার একটি দৃষ্টান্ত অর্থমন্ত্রী তাঁর বক্তব্যে তুলে ধরেন।২) প্রধানমন্ত্রী বিশ্বকর্মা কৌশল সম্মান (পিএম বিকাশ) ভ্থর্থমন্ত্রী ' নামে প্রথাগত শিল্পী ও কারিগরদের জন্য একটি নতুন কর্মসূচি রূপায়ণের কথাও ঘোষণা করেন। তিনি বলেন যে তাঁদের তৈরি শিল্পকলা ' ভারত'-এর শক্তিংকে আরও উসাহদান করবে। এই লক্ষ্যে এই প্রথমবার তাঁদের জন্য সহায়তার একটি বিশেষ প্যাকেজের প্রস্তাব করা হয়েছে। এই নতুন কর্মসূচির আওতায় শিল্পী ও কারিগররা একদিকে যেমন তাঁদের কাজের পরিধি ও পরিসর বৃদ্ধির সুযোগ পাবেন, অন্যদিকে তেমনই উপাদিত পণ্যের মানকেও আরও উন্নীত করে তোলার সুযোগ পাবেন। এইভাবে ক্ষুদ্র, মাঝারি ও অণু শিল্পের মূল্য শৃঙ্খলের সঙ্গে তাঁদের প্রচেষ্টাকে যুক্ত করা সম্ভব হবে।অর্থমন্ত্রী বলেন যে শিল্পী ও কারিগরদের শুধুমাত্র আর্থিক দিক থেকেই সহায়তা দেওয়া হবে না, সেইসঙ্গে উন্নতমানের দক্ষতা অর্জন, আধুনিক ডিজিটাল কৃকৌশল সম্পর্কে তাঁদের জ্ঞান ও অভিজ্ঞতা বৃদ্ধি, পরিবেশ অনুকূল প্রযুক্তির সুদক্ষ ব্যবহার, উপাদিত পণ্যের ব্র্যান্ড আরও উন্নত করে তোলা, স্থানীয়, আঞ্চলিক তথা বিশ্ব বাজারে উৎপাদিত পণ্য পৌঁছে দেওয়া, ডিজিটাল লেনদেন পদ্ধতির সুযোগ-সুবিধা এবং সামাজিক নিরাপত্তারও সুযোগ সম্প্রসারিত হবে।শ্রীমতী সীতারমনের মতে, এর ফলে তপশিলি জাতি, তপশিলি উপজাতি, অনগ্রসর অন্যান্য শ্রেণী, মহিলা এবং দুর্বলতর শ্রেণীর নাগরিকরা বিশেষভাবে উপকৃত হবেন।৩) পর্যটনের প্রসারকে ' মোড'-এ নিয়ে যাওয়া দেশের অভ্যন্তরীণ পর্যটন তথা এ দেশ সফরে বিদেশি পর্যটকদের আকর্ষণ করার লক্ষ্যে বর্তমানে ভারতে অফুরন্ত সম্ভাবনা রয়েছে বলে মন্তব্য করেন অর্থমন্ত্রী। তিনি বলেন, শুধু তাই নয় একইসঙ্গে তরুণ ও যুব সমাজের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং শিল্পোদ্যোগ স্থাপনে তাঁদের উৎসাহদানের সম্ভাবনাও নিহিত রয়েছে এর মধ্যে। তাই, পর্যটনের বিকাশ ও প্রসার বর্তমানে একান্তভাবে জরুরি। তিনি ঘোষণা করেন যে পর্যটনের প্রসারকে ' মোড'-এ নিয়ে যাওয়া হবে। এজন্য এই প্রচেষ্টায় যুক্ত করা হবে দেশের সবক'টি রাজ্যকে। বিভিন্ন সরকারি কর্মসূচির মধ্যে সমন্বয় এবং সরকারি-বেসরকারি অংশীদারিত্বকে উৎসাহদান দুটি অতি প্রয়োজনীয় ক্ষেত্র বলে বর্ণনা করেন তিনি।৪) পরিবেশ অনুকূল উন্নয়ন ও অগ্রগতিঃঅর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণে পরিবেশ অনুকূল উন্নয়ন ও অগ্রগতির লক্ষ্যে সরকারি প্রচেষ্টার কথা তুলে ধরে বলেন যে পরিবেশে কার্বনের ঘনত্ব হ্রাসে কেন্দ্রীয় সরকার অনলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এই ব্যবস্থায় পরিবেশ-বান্ধব কর্ম সংস্থানের ব্যাপক সুযোগ রয়েছে বলেও উল্লেখ করেন তিনি। শ্রীমতী সীতারমন বলেন, পরিবেশ-বান্ধব জ্বালানি, প্রাকৃতিক কৃষি পদ্ধতি, পরিবেশ অনুকূল বাসস্থান নির্মাণ, পরিবেশ-বান্ধব যন্ত্রপাতি ও সাজসরঞ্জাম ইত্যাদি সম্পর্কিত বিভিন্ন কর্মসূচি বর্তমানে রূপায়িত হচ্ছে। অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে শক্তি ও জ্বালানির সুদক্ষ ব্যবহারের লক্ষ্যে কয়েকটি নীতিও প্রণয়ন করা হয়েছে বলে উল্লেখ করেন তিনি। সপ্তঋষিঃ২০২৩-২৪ অর্থ বছরের কেন্দ্রীয় বাজেটে প্রস্তাবিত কয়েকটি অগ্রাধিকারের ক্ষেত্রঅর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণে ঘোষণা করেন যে অমৃতকালের লক্ষ্যে দেশের উন্নয়ন তথা অগ্রগতির যাত্রায় সাতটি বিশেষ অগ্রাধিকারকে চিহ্নিত করা হয়েছে যা ' নামে পরিচিতি লাভ করবে। অগ্রাধিকারের ক্ষেত্রগুলি হলঃ১) অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন২) উন্নয়নের সুফলকে দেশের শেষ প্রান্ত পর্যন্ত পৌঁছে দেওয়া৩) পরিকাঠামো ও বিনিয়োগ৪) সম্ভাবনার উৎসগুলিকে পর্যাপ্ত মাত্রায় কাজে লাগানো৫) পরিবেশ অনুকূল উন্নয়ন ও অগ্রগতি৬) যুবশক্তি এবং৭) আর্থিক ক্ষেত্র।সবকা সাথ সবকা বিকাশ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট প্রস্তাবে যে বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব লাভ করেছে তা হল দেশের নাগরিকদের অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন। শ্রীমতী নির্মলা সীতারমনের মতে ' সবকা সাথ, সবকা বিকাশ' - সরকারের এই দৃষ্টিভঙ্গির কেন্দ্রবিন্দুতে রয়েছেন দেশের কৃষক, মহিলা, তরুণ ও যুব সমাজ, অন্যান্য অনগ্রসর শ্রেণী, তপশিলি জাতি, তপশিলি উপজাতি, দিব্যাঙ্গজন এবং অর্থনৈতিক দিক থেকে অনগ্রসর স্তরের নাগরিকরা। বিশেষভাবে অগ্রাধিকার দেওয়া হবে বঞ্চিত মানুষের সার্বিককল্যাণসাধন প্রচেষ্টায়।অর্থমন্ত্রী জানান, জম্মু ও কাশ্মীর, লাদাখ এবং উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়ন ও অগ্রগতির দিকে বিশেষভাবে দৃষ্টি দেওয়ার কথাও তুলে ধরা হয়েছে আলোচ্য বছরের বাজেট প্রস্তাবে।

প্রধানমন্ত্রী আন্তর্জাতিক সমস্যার সমাধান খুঁজতে পিজিএ বিজ্ঞান ও প্রযুক্তির নির্ভরতার প্রশংসা

নয়াদিল্লি,৩ফেব্রুয়ারিঃরাষ্ট্রসঙ্ঘের সাধারণ সভার ৭৭তম অধিবেশনের প্রেসিডেন্ট মাননীয় শ্রী সাবা কোরোসি দেখা করেছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে।বৈঠকে শ্রী সাবা কোরোসি জলসম্পদ ব্যবস্থাপনা এবং সংরক্ষণ সহ সাধারণ মানুষের জন্য রূপান্তরকারী উদ্যোগে ভারতের প্রশংসা করেছেন। বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সংস্কারে ভারতের প্রয়াসকে স্বীকৃতি জানিয়ে শ্রী সাবা কোরোসি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সংস্কারের প্রয়াসে ভারতের সামনে থাকার গুরুত্ব তুলে ধরেছেন। প্রধানমন্ত্রী সাবা কোরোসিকে সভাপতি হওয়ার পর প্রথম দ্বিপাক্ষিক সফরে ভারতকে বেছে নেওয়ার জন্য ধন্যবাদ জানিয়েছেন। তিনি আন্তর্জাতিক সমস্যা সমাধানে সাবা কোরোসির বিজ্ঞান ও প্রযুক্তি ওপর নির্ভরতার প্রশংসা করেছেন। তিনি সাবা কোরোসিকে আশ্বস্ত করে জানিয়েছেন যে রাষ্ট্রসঙ্ঘের ২০২৩-এর জল সম্মেলন সহ ৭৭তম ইউএনজিএ বৈঠকে তাঁর সভাপতি হিসেবে উদ্যোগকে ভারত সম্পূর্ণ সমর্থন জানাবে।প্রধানমন্ত্রী রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদ সহ বহুমুখী ব্যবস্থাগুলির সংস্কারের গুরুত্বের ওপর জোর দিয়েছেন যাতে সাম্প্রতিক ভূ-রাজনৈতিক বাস্তব প্রকৃতই প্রতিফলিত হয়।

ত্রিপুরায় অস্তিত্ব রক্ষায় বামফ্রন্ট ও কংগ্রেস জোট বেঁধেছে

আগরতলা, ৩ ফেব্রুয়ারিঃ মানুষের কল্যাণে নয়, ত্রিপুরায় অস্তিত্ব রক্ষায় বামফ্রন্ট ও কংগ্রেস জোট বেঁধেছে। কিন্তু, বিজেপি ত্রিপুরাকে সারা বিশ্বে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য লড়াই করছে। অমরপুরে বিজয় সংকল্প জনসভায় অংশ নিয়ে এভাবেই বামগ্রেস জোটকে বিঁধলেন বিজেপি সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা। তাঁর দাবি, অতীতের খুন-সন্ত্রাসী, রেশন চোর, কমিশনবাজ দুই দল একসাথে মিলেছে। কারণ, ত্রিপুরায় বিপ্লব কুমার দেব ও মানিক সাহার সরকার জনগণের অধিকার প্রতিষ্ঠা করেছে। স ও স্বচ্ছ সরকার বেঈমানদের যুগের সমাপ্তি ঘটিয়েছে।এদিন তিনি বলেন, পাঁচ বছর পূর্বে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী চেয়েছিলেন, দেশের অন্য অংশে বিকাশের ছোঁয়া পৌছালে ত্রিপুরাতেও উন্নয়নের পরশ লাগতে হবে। প্রধানমন্ত্রীর সেই স্বপ্নকেই বিপ্লব কুমার দেব ও মানিক সাহার নেতৃত্বে সরকার পূরণে এগিয়ে নিয়ে চলেছেন। তার প্রমাণ ইতিমধ্যেই মিলেছে। তাঁর দাবি, পাঁচ বছরে পুরনো ত্রিপুরা বদলে নতুন আকাঙ্ক্ষার রাজ্যে পরিণত হয়েছে। ডাবল ইঞ্জিনের সরকার এই রাজ্যের ভাগ্য এবং চিত্র বদলে দিয়েছে। কারণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তর-পূর্বাঞ্চলের জন্য বিশেষ চিন্তা করেন। তাই, এই অঞ্চলের উন্নয়নের গাড়ি এগিয়ে চলেছে, কখনোই থেমে যাবে না, দৃঢ় প্রত্যয়ের সুরে বলেন তিনি। বিজেপি সর্বভারতীয় সভাপতি কেন্দ্রীয় বাজেটের বিশেষ প্রাপ্তিগুলি জনগণের কাছে সবিস্তারে তুলে ধরেছেন। তিনি বলেন, অমৃতকালে সাধারণ বাজেটে প্রধানমন্ত্রী আবাস যোজনায় ৭৯০০০ কোটি টাকা, জনজাতি কল্যাণে ১৫০০০ কোটি টাকা এবং জনজাতি ছেলেমেয়েদের শিক্ষার প্রশ্নে ৩৮৮০০ শিক্ষক নিযুক্তির ব্যবস্থা রাখা হয়েছে। তাঁর দাবি, গত নয় বছরে ভারত গোটা বিশ্বে দশম থেকে পঞ্চম অর্থনীতির দেশে পরিণত হয়েছে। এবারের সাধারণ বাজেটে তা আরও কয়েক ধাপ এগিয়ে নিয়ে যাবে। তাঁর বক্তব্য, বাজেটে জনজাতি ক্ষেত্রে বরাদ্দ ৪ গুণ বৃদ্ধি হয়েছে।তাঁর কথায়, ত্রিপুরায় বিজেপি জোট সরকার প্রতিষ্ঠার পর ২ লক্ষ ৭০ হাজার রান্নার গ্যাসের সংযোগ, ৩ লক্ষ ৮০ হাজার ঘর নির্মাণ, ১৩ লক্ষ আয়ুষ্মান কার্ড প্রদান, ৪ লক্ষ ৫০ হাজার শৌচালয় নির্মাণ সফলতার সাথে জনস্বার্থে উৎসর্গিত হয়েছে। তাঁর দাবি, সন্ত্রাসবাদে ক্ষতিগ্রস্ত ত্রিপুরায় এনএলএফটি-র সাথে কেন্দ্রীয় সরকারের চুক্তির মাধ্যমে শান্তি প্রতিষ্ঠা করা হয়েছে। শুধু তাই নয়, দীর্ঘকালের ব্রু শরণার্থী সমস্যার সমাধান ত্রিপুরায় তাঁদের পুনর্বাসনের মাধ্যমে সম্ভব হয়েছে। সাথে তিনি যোগ করেন, পর্যটনে বিকাশের মাধ্যমে ত্রিপুরার অর্থনৈতিক ভিত মজবুতের প্রচেষ্টা নেওয়া হয়েছে।তিনি দৃঢ় প্রত্যয়ের সুরে বলেন, ত্রিপুরার জন্য যাঁরা কখনোই

ফের রবিবার দিল্লি যাবেন পশ্চিমবঙ্গের রাজ্যপাল

কলকাতা, ৩ ফেব্রুয়ারি ঃসম্প্রতি দিল্লি সফর করেছিলেন পশ্চিমবঙ্গের রাজ্যপাল সিভি আনন্দ বোস। আবারও দিল্লি সফরে যাচ্ছেন রাজ্যপাল। জানা গিয়েছে, রবিবার দিল্লি গিয়ে সোমবারেই ফিরে আসবেন তিনি।সূত্রের খবর, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে দেখা করবেন বাংলার রাজ্যপাল। এর আগে গত ২৬ জানুয়ারি ' হাতে খড়ি' অনুষ্ঠানের পরে ২৭ জানুয়ারি দিল্লি গিয়েছিলেন তিনি। পূর্ব নির্ধারিত কর্মসূচি অনুযায়ী তাঁর সঙ্গে দেখা করার কথা ছিল স্বরাষ্ট্রমন্ত্রীর। তবে সেই সাক্ষা হয়নি। তাই আবারও রবিবার দিল্লি সফরে যাচ্ছেন রাজ্যপাল। স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দেখা করতে পারেন তিনি। ফিরে আসবেন তার পরেরদিনই।জানা গিয়েছে, দিল্লি সফরে গিয়ে বঙ্গভবনে থাকবেন রাজ্যপাল। এর আগে ২৭ জানুয়ারি দিল্লি সফরে গিয়ে চাণক্যপুরীর বঙ্গভবন থেকে বেরিয়ে তিনি গিয়েছিলেন রাইসিনা বেঙ্গলি স্কুলে। সেখান থেকেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'পরীক্ষা পে চর্চা' অনুষ্ঠানে যোগ দেন রাজ্যপাল। অবশ্য ভার্চুয়ালি ভাবে। স্কুলের ২০০ পড়ুয়ার সঙ্গে সরাসরি কথাও বলেন বঙ্গের রাজ্যপাল। এরপরে পশ্চিমবঙ্গে ফিরে দক্ষিণেশ্বর মন্দিরে পুজো দিয়ে মন্দির ও সংলগ্ন এলাকা পরিদর্শন করেন রাজ্যপাল। সঙ্গে ছিল তাঁর পরিবার।

উলুবেড়িয়ায় কলকাতা পিআইবি আয়োজিত সারাদিনব্যাপী গণমাধ্যম কর্মশালা 'বার্তালাপ'

উলুবেড়িয়া,(হাওড়া) ঃহাওড়ার উলুবেড়িয়ার রবীন্দ্র ভবনে প্রেস ইনফরমেশন ব্যুরো (পিআইবি), কলকাতা গণমাধ্যম কর্মশালা 'বার্তালাপ' আয়োজন করে। এই কর্মশালায় ক্ষুদ্র ও মাঝারি সংবাদপত্রের সাংবাদিকরা সহ জেলার গণমাধ্যম প্রতিনিধিরা বিরাট সংখ্যায় যোগদান করেন। পিআইবি কর্তৃক কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্প ও কর্মসূচি সংক্রান্ত খবর এবং সাংবাদিক কল্যাণ কর্মসূচির সম্পর্কেও ওয়াকিবহাল করাই এই কর্মশালার উদ্দেশ্য। পিআইবি কলকাতার অতিরিক্ত মহানির্দেশক (প্রচারমাধ্যম ও যোগাযোগ) শ্রীমতী জেন নামচু উলুবে৷য়া এবং সংলগ্ন এলাকায় কাজ করা সাংবাদিকদের কেন্দ্রীয় সরকারের বিভিন্ন কর্মসূচি এবং নীতি সংক্রান্ত খবর ডিজিটাল মাধ্যম সহ অন্য বিভিন্ন মাধ্যমে পাওয়ার পর তার সত্যাসত্য পিআইবি-র দেওয়া প্রকৃত তথ্যের ভিত্তিতে যাচাই করে নিতে অনুরোধ করেন।পিআইবি কলকাতার যুগ্ম অধিকর্তা শ্রী পার্থ ঘোষ অনুষ্ঠান পরিচালনাকালীন পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে পিআইবি-র গুরুত্ব এবং ভূমিকা ব্যাখ্যা করেন। পিআইবি-র ফ্যাক্ট চেক দিকটির তিনি বিস্তারিত ব্যাখ্যা করেন এবং কেন্দ্রীয় সরকার সংক্রান্ত খবরের যথার্থতা পিআইবি-র দেওয়া তথ্যের ভিত্তিতে পরীক্ষা করে নিতে সাংবাদিকদের অনুরোধ করেন। সাংবাদিক কল্যাণ কর্মসূচির দিকটিও তিনি আলোকপাত করেন এবং জেলার সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের তিনি উত্তর দেন।বৈদ্যুৎতিন মাধ্যম বিশেষজ্ঞ শ্রী অরিন্দমম চক্রবর্তী ও মুদ্রণ মাধ্যম বিশেষজ্ঞ শ্রী অমল সরকার তাঁদের পেশাগত অভিজ্ঞতা সকলের সঙ্গে ভাগ করে নেন। সেইসঙ্গে তাঁরা পিআইবি-র প্রেস রিলিজ, ফিচার পরিষেবা এবং আলোকচিত্র সরকার ও জনকল্যাণমূলক কর্মসূচি সংক্রান্ত সত্য খবর পরিবেশনের ক্ষেত্রে যে এক বড় ভূমিকা পালন করে তাও ব্যাখ্যা করেন। তাঁরা গণমাধ্যমের প্রতিনিধিদের অনুরোধ করেন, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প থেকে সাধারণ মানুষ কি উপকার পাবেন সেই খবর মানুষের কাছে পৌঁছে দেওয়ার আগে পিআইবি-র দেওয়া তথ্য দেখে নিতে। প্রবীণ সাংবাদিক শ্রী পুলকেশ ঘোষ ভুয়ো খবরের বিষয়ে ব্যাখ্যা করেন এবং ভুয়ো খবর এ৷তে বিভিন্ন ব্যবস্থার কথা বলেন। কর্মশালায় আরও জানানো হয় পিআইবি-র প্রেস রিলিজ, আলোকচিত্র, ইনফোগ্রাফিক্স এবং গণমাধ্যম সংক্রান্ত বিষয় পিআইবি-র ওয়েবসাইট, ফেসবুক পেজ এবং বাংলায় টুইটার হ্যান্ডেল, হিন্দি, ইংরেজি এবং অন্যান্য ভারতীয় ভাষার পাশাপাশি কিভাবে পাওয়া যেতে পারে। ডিজিটাল মাধ্যমের জন্য নীতি-নির্দেশিকার বিধির দিকটির ওপরও আলোকপাত করা হয়।ন্যাশনাল জুট বোর্ড-এর যুগ্ম অধিকর্তা শ্রী অনিন্দ্য আচার্য এবং কলকাতার জুট কমিশনার কার্যালয়ের সহকারী অধিকর্তা শ্রী সৌম্যদীপ্ত দত্ত জেলায় পাট শিল্পের উন্নয়নে গৃহীত ব্যবস্থার কথা তুলে ধরেন। দেশে পাট শিল্পের বৈচিত্র্যকরণের ক্ষেত্রে উন্নয়নমূলক বিভিন্ন পদক্ষেপ এবং বিপণনের নানাবিধ ব্যবস্থা সম্পর্কে শ্রী দত্ত জানান। পাটের আইসিএআরই, সিএসএপিএম, জেআরসিপিসি, জে আরএমবি, জেআরও, পিএলআই প্রভৃতি প্রকল্পের দিক তুলে ধরে শ্রী আচার্য বলেন যে জাতীয় পাট উন্নয়ন কর্মসূচির অধীন এইসব সুবিধা পাওয়া যায়। পাট রপ্তানিকারীদের এর প্রসারে উপাদন-ভিত্তিক অনুদান প্রদান করা হয়ে থাকে। এই কর্মসূচির বিস্তারিত ন্যাশনাল জুট বোর্ড-এর ওয়েবসাইট www.jute.com-এ পাওয়া যায় বলে তিনি জানান। তাঁরা আরও বলেন, পাট চাষী এবং পাট শিল্পের সঙ্গে জ৷তি পরিবার গুলির কল্যাণে ন্যাশনাল জুট বোর্ড দশম শ্রেণী পর্যন্ত ৫ হাজার টাকা করে এবং দ্বাদশ শ্রেণীর ছাত্রীদের ১০ হাজার টাকা করে বৃত্তি প্রদান করে থাকে।এই কর্মশালায় জেলার ৩৯ জন সাংবাদিক অংশ নেন। মনোগ্রাহী আলোচনা ও কথোপকথনের মাধ্যমে এই কর্মশালা আকর্ষণীয় হয়ে ওঠায় তাঁরা এর প্রশংসা করেন।জেলার সাংবাদিকতার উন্নয়নে অবদানের জন্য সেখানকার ছয় প্রবীণ সাংবাদিককে সংবর্ধনাজ্ঞাপন করে পিআইবি।

আদানি গোষ্ঠীর সঙ্কটে কংগ্রেস, অন্যান্য দল যৌথ সংসদীয় মিটি অথবা এসসি-তত্ত্বাবধানে তদন্ত চাইছেঃ কংগেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে

নয়াদিল্লি, ৩ ফেব্রয়ারি ঃ আদানি গোষ্ঠীর সঙ্কটে যৌথ সংসদীয় কমিটি অথবা সুপ্রিম কোর্ট-তত্ত্বাবধানে তদন্ত চাইছে কংগ্রেস-সহ বিরোধী দলগুলি। এই মন্তব্য করলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। বৃহস্পতিবার বিজয় চকে সাংবাদিক সম্মেলন করেন বিরোধীরা। সেখানে মল্লিকার্জুন খাড়গে বলেছেন, যৌথ সংসদীয় কমিটি অথবা সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির তত্ত্বাবধানে আদানি গোষ্ঠীর সঙ্কটের তদন্ত করা উচিত।কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে বলেছেন, কোটি কোটি ভারতীয়দের কষ্টার্জিত অর্থকে বিপন্ন করে, বাজার মূল্য হারাচ্ছে এমন কোম্পানিগুলিতে এলআইসি, পাবলিক সেক্টর ব্যাঙ্ক এবং আর্থিক প্রতিষ্ঠানগুলির বিনিযাগের বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য আমরা নিয়ম ২৬৭-এর অধীনে সাসপেনশন অফ বিজনেস নোটিশ দিয়েছি। খাড়গের কথায়, আমরা আলোচনা চেয়েছিলাম, কিন্তু আমাদের নোটিশ প্রত্যাখ্যান করা হয়। আমরা যখন গুরুত্বপূর্ণ বিষয়গুলি উত্থাপন করি, তখন সেগুলি নিয়ে আলোচনার জন্য সময় দেওয়া হয় না। গরিব মানুষের টাকা এলআইসি, এসবিআই এবং অন্যান্য জাতীয় ব্যাঙ্কগুলিতে রয়েছে এবং তা পছন্দের সংস্থাগুলিকে দেওয়া হচ্ছে।

বিরোধীদের হট্টগোলের জেরে দুপুর আড়াইটা পর্যন্ত মুলতবি রাজ্যসভা

নয়াদিল্লি, ৩ ফেব্রয়ারি ঃ হিন্ডেনবার্গের রিপোর্ট নিয়ে শুক্রবারও রাজ্যসভায় হট্টগোল চলতে থাকায় রাজ্যসভা কার্যবিবরণী শুক্রবার দুপুর আড়াইটা পর্যন্ত মুলতবি করা হয়।এদিন সকালে হাউসের কার্যপ্রণালীর উদ্বোধন করে চেয়ারম্যান জগদীপ ধনখড় বিধি ২৬৭ এর অধীনে ১৫ জন সদস্যের মুলতবি নোটিশের কথা জানান। তিনি বলেন, এই নোটিশগুলি বিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ না হওয়ায় খারিজ করা হয়। তিনি বলেন, নোটিশগুলি কংগ্রেসের মল্লিকার্জুন খাড়গে, প্রমোদ তিওয়ারি এবং অ্যামি ইয়াগনিক, জাতীয়তাবাদী কংগ্রেস পার্টির প্রিয়াঙ্কা চতুর্বেদী, দ্রাবিড় মুন্নেত্র কাজগমের তিরুচি শিবা, বাম দলগুলির জন ব্রিটাস, কে ইলাভারম এবং কে শিবাদাসন, তেলেঙ্গানা রাষ্ট্র সমিতির পক্ষ থেকে দেওয়া হয়েছে।এর পরে, চেয়ারম্যান যখন সংসদে জিরো আওয়ার করার চেষ্টা করেন, তখন কংগ্রেস সহ বিরোধী দলের সদস্যরা উচ্চস্বরে কথা বলতে শুরু করেন। চেয়ারম্যান বলেন, সংসদে আদেশ থাকলেই কার্যক্রম পরিচালনা করা যাবে। তিনি সদস্যদের শান্ত হওয়ার আহ্বান জানালেও তাতে কোনো ফল হয়নি। ফলে এদিন দুপুর আড়াইটা পর্যন্ত সংসদের কার্যক্রম মুলতবি করেন চেয়ারম্যান জগদীপ ধনখড়।

১৫ লক্ষ টাকার মোবাইল আত্মসাতের দায়ে ধৃত স্টোর ম্যানেজার

কলকাতা, ৩ ফেব্রয়ারি ঃ প্রায় ১৫ লক্ষ টাকার মোবাইল ফোন আত্মসাতের দায়ে ধরা হল দমদম নাগেরবাজারের এক স্টোর ম্যানেজারকে।অভিযোগ, যাঁর ওপর দোকান চালানোর দায়িত্ব, সেই ম্যানেজারই মোবাইল ফোন আত্মসা করেছেন। তাঁকে হেফাজতে নিয়ে পুলিশ জানার চেষ্টা করবে মোবাইলগুলি কোথা তিনি কোথায় বিক্রি করেছেন।সুরজি সাহু নামে ওই ব্যক্তিকে বৃহস্পতিবার রাতে গ্রেফতার করে নাগেরবাজার থানার পুলিশ। শুক্রবার তাঁকে সাত দিনের পুলিশি হেফাজতের আবেদন জানিযে ব্যারাকপুর আদালতে পেশ করা হবে। পুলিশ সূত্রে খবর, বৃহস্পতিবার নাগেরবাজার থানায় বহুজাতিক বৈদ্যুতিক বাণিজ্যিক সংস্থার তরফে অভিযোগ করা হয় যে, ওই থানা এলাকায় তাঁদের একটি স্টোর থেকে প্রায় ২২ টি মোবাইল খোয়া গিয়েছে। যার মধ্যে ১৪ টি আই ফোন এবং সব মিলিয়ে খোয়া যাওয়া মোবাইলের অর্থের পরিমাণ ১৪ লক্ষ ৬০ হাজার টাকা। সেই ঘটনার তদন্তে নেমে পুলিশ জানতে পারে স্টোর ম্যানেজারই ওই মোবাইল আত্মসাৎ করেছে।এরপরে তাঁকে আটক করা হয় এবং পরবর্তী সময় গ্রেফতার করা হয়। সূত্রের আরও খবর, গত মাসের ২৭ তারিখ দোকানের স্টক মেলাতে গিয়ে দেখা যায় প্রায় ২২টি মোবাইল স্টোর থেকে খোয়া গিয়েছে। এরপরেই নাগেরবাজার থানায় অভিযোগ দায়ের করা হয়। সেই ঘটনার তদন্তে নেমে পুলিশ সুরজি সাহু নামে দোকানের স্টোর ম্যানেজারকে গ্রেফতার করে।

দেশে করোনা আক্রান্তের সংখ্যা ১৭৬৪

নয়াদিল্লি, ৩ ফেব্রয়ারি ঃ গোটা বিশ্বে দুই বছরেরও বেশি সময় পেরিয়ে গেলেও কিছু দেশে করোনা সংক্রমণের ঘটনা বাড়লেও, তবে স্বস্তি এদেশে সংক্রমণের তেমনভাবে প্রভাব নেই। দেশে করোনা আক্রান্তের সংখ্যা ১৭৬৪।শুক্রবার কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, সকাল ৭ টা পর্যন্ত ২২০.৫৪ কোটিরও বেশি ভ্যাকসিন দেওয়া হয়েছে। গত ২৪ ঘন্টায় দেশে করোনার আক্রান্তের সংখ্যা ১৭৬৪ এবং ৯৮ জন রোগী নিরাপদে হাসপাতাল থেকে বাড়ি ফিরেছেন। যার ফলে কোভিড থেকে সুস্থ হওয়া মোট লোকের সংখ্যা বেড়ে ৪,৪১,৫০,৬১৭ হয়েছে। পুনরুদ্ধারের হার ৯৮.৮০ শতাংশে পৌঁছেছে।মন্ত্রক জানিয়েছে, গত ২৪ ঘন্টায় করোনা ভাইরাস সংক্রমণের কারণে কোনও রোগীর মৃত্যু হয়নি, যার কারণে মৃতের সংখ্যা ৫,৩০,৭৪১ এবং মৃত্যুর হার ১.১৯ শতাংশে রয়ে গেছে।জাতীয় রাজধানীতে গত ২৪ ঘন্টায় চারজন নতুন করে আকান্ত হওয়ায় মোট সংখ্যা বেড়ে ১৪ হয়েছে। রাজ্যে এই মহামারী থেকে পুনরুদ্ধারের সংখ্যা বেড়েছে ১৯,৮০,৮৫৪ এবং মৃতের সংখ্যা ২৬,৫২২ জনে স্থিতিশীল।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,৪ ফেব্রুয়ারি ঃশনিবার, ২০মাঘ মাস ১৪২৯ বঙ্গাব্দ, ইংরেজীঃ৪ফেব্রুয়ারিঃ ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ২০ মাঘ মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ২০ মাঘ মাস ১৪২৯, ভারতীয় সিভিলিঃ২০ মাঘ মাস ১৯৪৪, মৈতৈঃ৮ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪ পদ ।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫

আবহাওয়া

অংশত, সকালে দিকে মেঘলা আকাশ হবে। পরে পরিস্কার থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ২৬.০৫ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ১৬.০২ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৮৭শতকরা এবং ৪৩শতকরা। বৃষ্টি হয়নি শুক্রবার । জোয়ার- সকাল ৮টা ২০ মিনিট এবং রাত-৮টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৮টা ২০মিনিট। রাত-৮টা ২০ মিনিট। সূর্য উদয় হবে আজঃ ৬ টা ১৬মিনিট এবং সূর্য অস্ত যাবে আজকের দিনেঃ ৫ টা - ২৬মিনিটের মধ্যে হবে আবহাওয়া পরিবর্তন

রাশিফল

মেষ রাশিঃআজ মানসিক চর্চার জন্য আকর্ষণীয় কিছু পুন। বেশি খরচ করা এবং সন্দেহজনক আর্থিক পরিকল্পনা এড়িয়ে চলুন।
বৃষ রাশিঃ আপনি আপনার ইতিবাচক মনোভাব এবং আত্মবিশ্বাসের সঙ্গে আপনার চারপাশের মানুষের মনে ছাপ ফেলতে পারবেন। অর্থ সঞ্চয় হবে
মিথুন রাশিঃআপনার দয়ালু স্বভাব আজ অনেক খুশির মুহূর্ত বয়ে আনবে। আর্থিকভাবে, আপনি সবল থাকবে। শুভদিন।
কর্কট রাশিঃআপনি আপনার শারীরিক মনোবল বজায় রাখার জন্য খেলাধুলায় আপনার সময় ব্যয় করুন। বিবাহের যোগ হবে।
সিংহ রাশিঃএকটি আমোদপ্রমোদ এবং মজার দিন। আপনি আজ আপনার অর্থ সঙ্গীর খারাপ স্বাস্থ্যের জন্য ব্যয় করতে পারেন।
কন্যা রাশিঃঅফিস থেকে তাড়াতাড়ি বেরোতে চেষ্টা করুন
তুলা রাশিঃআপনার ক্ষমতা শক্তি বেশী থাকবে এবং আপনার অমীমাংসিত কাজ সম্পন্ন করার
বৃশ্চিক রাশিঃসন্তান হতে পারে। সংসারে শান্তি হতে পারে।অর্থব্যয়
ধনু রাশিঃ পিতামাতার স্বাস্থ্যের উন্নতি হবে এবং তাঁরা আপনার উপর ভালোবাসা বর্ষণ করবেন।
মকর রাশিঃঅন্যদের সাথে খুশি ভাগ করে নেওয়ার মাধ্যমে স্বাস্থ্যের বিকাশ ঘটতে পারে।
কুম্ভ রাশিঃআপনার স্বাস্থ্যের খাতিরে চিৎকার করবেন না। আপনার বন্ধুবান্ধবের সাহায্য আর্থিক ঝঞ্ঝাটকে সহজ করে দেবে। বিবাহের যোগ হতে পারে।
মীন রাশিঃআপনার নিজের মনের উপর নিয়ন্ত্রণ আছে। আপনার বাড়ির একজন প্রবীণ আপনার অর্থায়নে আপনাকে সহায়তা করতে পারে বলেই আজ আপনাকে নিজের অর্থ ব্যয় করতে হবে না।আপনার পক্ষে সিদ্ধান্ত নেবে। উপেক্ষা করুন। আপনার

বহুতলের মিটার বক্সে আগুনের ঘটনায় আতঙ্কিত চৌধুরীবাগান এলাকা

শ্রেয়া আদক, হাওড়া, ৩ ফেব্রুয়ারি ঃ বহুতলের মিটার বক্সে আগুনের ঘটনায় আতঙ্ক ছড়ালো হাওড়ার চৌধুরীবাগান এলাকায়। দমকলের তৎপরতায় দ্রুত নিয়ন্ত্রণে আসে আগুন। জানা গেছে, চৌধুরীবাগান এলাকায় বহুতলের গ্রাউন্ড ফ্লোরে মিটার বক্সে শুক্রবার অগ্নিকাণ্ডের ঘটনায় আতঙ্কে বাড়ির ছাদে উঠে যান ফ্ল্যাটের বাসিন্দারা। দমকলের তৎপরতায় আগুন দ্রুত নিয়ন্ত্রণে আসে। ওই বহুতল বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে মিটার বক্সে শুক্রবার দুপুর নাগাদ আগুন লাগে। এই ঘটনায় ওই বহুতলের বাসিন্দারা আতঙ্কিত হয়ে পড়েন। যদিও দমকল কর্মীরা তৎপরতার সঙ্গে খুব দ্রুত আগুন নিয়ন্ত্রণে আনায় বড় কোনও দুর্ঘটনা ঘটেনি। এদিনের অগ্নিকাণ্ডের ঘটনা প্রসঙ্গে স্থানীয় বাসিন্দা পায়েল বন্দ্যোপাধ্যায় বলেন, ঘটনার সময় বাড়িতে ছিলাম না। ফোনে একজন জানায় আগুন লেগেছে। স্বাভাবিকভাবেই প্রথমে মনে হয়েছিল আমাদের আবাসনেই আগুন লেগেছে। দ্রুত ঘটনাস্থলে এসে দেখি দমকল কাজ করছে। আমার ঘরের দিকে অগ্নিকান্ডের ঘটনা ঘটেনি। অন্য জায়গায় হয়েছে। এই ঘটনায় আতঙ্কিত হয়ে পড়েছিলাম। প্রায় ২০ জন ওই আবাসনে বসবাস করেন। অন্যদিকে এদিনের ঘটনায় বাসিন্দাদের অভিযোগ, আবাসনের অনেকেই রক্ষণাবেক্ষণের জন্য টাকা দেন না। এই আবাসনের বয়স্ক আবাসিকরাই টাকা দেন রক্ষণাবেক্ষণের জন্য। এই ব্যাপারে দমকলে অভিযোগ করা হবে। দমকলের হাওড়া স্টেশন অফিসার আর কে সাহা জানান, আগুনের শিখা দেখা গিয়েছিল। সেখানে অসংখ্য মিটার বক্স ৬ তলা আবাসনের। খবর জানার পর দ্রুত ঘটনাস্থলে দমকল পৌঁছায়। সিইএসসিও ঘটনাস্থলে আসে। কি কারণে এই আগুন লেগেছে তা খতিয়ে দেখা হচ্ছে। প্রসঙ্গত, এই ঘটনায় যথেষ্ট আতঙ্ক ছড়িয়ে পড়ে গোটা এলাকায়। যে ফ্ল্যাটে ওই ঘটনাটি ঘটে সেখানে প্রায় ২০ টি পরিবার থাকেন বলে জানা গেছে। মিটার বক্সে শর্ট সার্কিট থেকে আগুন লাগে বলে প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে। দমকলের ২ টি ইঞ্জিন ঘটনাস্থলে আসে। দমকল সূত্রের খবর, আগুন দ্রুত নিয়ন্ত্রণে আনা গেছে। এই ঘটনায় কোনও হতাহতের খবর নেই। তবে কিভাবে আগুন লেগেছে তা খতিয়ে দেখা হচ্ছে। এই ঘটনায় কোনও গাফিলতি ছিল কিনা সেটাও তদন্ত করে দেখা হচ্ছে।

জরুরী ভিত্তিতে সাবওয়ে নির্মাণ জনাই স্টেশন এলাকা পরিদর্শনে মন্ত্রী জেলাশাসক বিধায়ক ও রেলের অফিসাররা

বনস্পতি দে, হুগলি, ৩ ফেব্রুয়ারি ঃ শুক্রবার জনাই স্টেশনে চিকরণ জলাপাড়া ও পাঁচঘড়া জলাপাড়া রেল সংলগ্ন এলাকা রেলপাঁচিল দিয়ে ঘেরার কারণে জনসাধারণের অসুবিধা হচ্ছে তা পরিদর্শনে রাজ্যের কৃষিজ বিপণন দপ্তরের মন্ত্রী শ্রী বেচারাম মান্না। উপস্থিত ছিলেন জেলার ডিএম দিপ প্রিয়া পি, অ্যাডিশনাল এসপি (রুরাল) লাল্টু হালদার, ওসি চন্ডীতলা, বিডিও চন্ডীতলা ২নং ব্লক, চন্ডীতলা ২নং ব্লকের প্রেসিডেন্ট বিকাশ ঘোষ, জেলা পরিষদের মেম্বার অর্পিতা কুন্ডু, চন্ডীতলার এমএলএ স্বাথী খন্দকার, রেলের আধিকারিক সুনীল যাদব ও অন্যান্য কর্তৃপক্ষ। শুক্রবার রেলের অফিসাররা ও মন্ত্রী বেচারাম মান্না জেলাশাসক ও অন্যান্যরা জনাই স্টেশনের এক পার থেকে আরেক পারে রেল লাইন টপকে তারা পরিদর্শন করলেন এবং স্টেশন চত্বর তারা ঘুরে দেখলেন রেল লাইনের উপর দিয়ে হেঁটে পার হলেন মন্ত্রী বেচারাম মান্না সাধারণ মানুষের জন্য কেন জরুরী ভিত্তিতে সাবওয়ে দরকার সেটা রেলের অফিসারদের ভালো করে বোঝালেন ও সেই সঙ্গে জনাই স্টেশনের দক্ষিণ পাড়ের দিকে যাতে একটা ভালো রাস্তা রেল করে দেয় সেটাও জানালেন। এই প্রসঙ্গে মন্ত্রী বেচারাম মান্না বলেন,

সাধারণ মানুষ জীবনের ঝুঁকি নিয়ে রেললাইন পার হয়ে যাওয়া- আসা করে অবিলম্বে জরুরী ভিত্তিতে সাধারণ মানুষের জন্য করতে হবে একটা সাবওয়ে ও দক্ষিণ দিকে একটা রাস্তা করতে হবে। রেলের অফিসাররা এসেছেন জেলাশাসক এসেছেন পুলিশের কর্তারা এসেছেন বিধায়ক এসেছেন সবাই মিলে আলোচনা করে কেন সাবওয়ে জরুরী দরকার সেটার রেলের অফিসারদের আমরা বোঝালাম ও স্টেশনের দক্ষিণ দিকে একটা রাস্তা করতে হবে সেটাও বলা হয়েছে।

জয়নগর থানার পুলিশের তৎপরতায় পারুলিয়া কোস্টাল থানা এলাকা থেকে উদ্ধার এক কিশোরী

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর, ৩ ফেব্রুয়ারি ঃ জয়নগর থানার পুলিশের তৎপরতায় আবার উদ্ধার এক কিশোরী। জয়নগর থানার গোলাবাটির এক কিশোরী উদ্ধার হয় বৃহস্পতিবার পারুলিয়া কোস্টাল থানা এলাকা থেকে। শুক্রবার পাঠানো হয় বারুইপুর মহকুমা আদালতে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেল, জয়নগর থানার গোলাবাটির এক কলেজ পড়ুয়াকে গত ২৪ জানুয়ারি থেকে পাওয়া যাচ্ছিল না, এদিক ওদিক বিভিন্ন আত্মীয় স্বজনের বাড়ি, বন্ধু বান্ধবের বাড়ি খোঁজাখুঁজি করে ও কোনো খোঁজ না পেয়ে ওই কিশোরীর পরিবার গত ৩০ জানুয়ারি জয়নগর থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। আর তার পরেই জয়নগর থানার আই সি রাকেশ চ্যাটার্জীর নির্দেশ মেনে এস আই তন্ময় দাসের নেতৃত্বে পুলিশের বিশেষ টিমের তৎপরতায় বৃহস্পতিবার রাতে পারুলিয়া কোস্টাল থানার কামারপল্লী এলাকা থেকে উদ্ধার করা হয় ওই নিখোঁজ কিশোরীকে। আর উদ্ধার হওয়া ওই কিশোরীকে শুক্রবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়। পুলিশের তৎপরতায় এত দ্রুত মেয়েকে ফিরে পেয়ে খুশি ওই কিশোরীর মা সহ পরিবার।

নিষিদ্ধ ফেনসিডিলসহ পাচারকারীকে আটক বিএসএফের

দুরন্ত বার্তা, উত্তর ২৪ পরগনা, ৩ ফেব্রুয়ারি ঃ নিষিদ্ধ ফেনসিডিল পাচার করতে গিয়ে এক চোরাকারবারীকে আটক করেছে বিএসএফ। চোরাকারবারীরা এসব পণ্য ভারত থেকে বাংলাদেশে নিয়ে যাওয়ার চেষ্টা করছিল। ধৃত বাংলাদেশি পাচারকারীর নাম রেশমা। তিনি বাংলাদেশের যশোর জেলার বাসিন্দা। শুক্রবার বিএসএফের দেওয়া তথ্য অনুযায়ী, প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বৃহস্পতিবার রাতে বিএসএফ সদস্যরা এক বাংলাদেশি নাগরিককে আটক করে। তার কাছ থেকে ১০ বোতল নিষিদ্ধ ফেনসিডিল উদ্ধার করা হয়। ধৃত বাংলাদেশি নাগরিককে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করলে সে জানায়, পণ্যগুলো তাকে পেট্রাপোলের বাসিন্দা বাভলা বাংলাদেশে অন্য কোনও চোরাকারবারীর কাছে হস্তান্তরের জন্য দিয়েছিল। এ কাজের জন্য সে সাড়ে তিন হাজার টাকা পেতেন। অন্য একটি ঘটনায়, বিএসএফ সদস্যরা বিওসি টুঙ্গি, বিওসি সুটিয়া এবং বিওসি নওয়াদা এলাকায় অভিযান চালিয়ে মোট ২৭৮ বোতল ফেনসিডিল এবং ৪ কেজি গাঁজা উদ্ধার করেছে। এই ঘটনায় বাজেয়াপ্ত ফেনসিডিল বোতলের আনুমানিক মূল্য ৫৯ হাজার ১২৯ টাকা।

এরকম চোরেরা আছে বলেই মমতা ব্যানার্জি ক্ষমতায় আছে, বিস্ফোরক সিপিআইএম মুখপাত্র শতরূপ ঘোষ

দুরন্ত বার্তা, মালদা, ৩ ফেব্রুয়ারি ঃ পথ সভাতে যোগ দিতে এসে সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে দুর্নীতি ইস্যুতে তৃণমূলকে তীব্র আক্রমণ করলেন সিপিআইএমের মুখপাত্র শতরূপ ঘোষ। ক্ষোভ প্রকাশ করলেন পুলিশ প্রশাসনের ভূমিকা নিয়ে। সাথে দিলেন হুশিয়ারি। পঞ্চায়েত ভোটের প্রাক্কালে সরগরম এলাকার রাজনীতি। চোরেরা আছে বলেই মমতা ব্যানার্জি আছে। ঠিক এই ভাষাতে মালদা জেলার হরিশ্চন্দ্রপুর থেকে তৃণমূলকে তীব্র আক্রমণ করলেন শতরূপ ঘোষ। তিনি বলেন রাজ্য-জুড়ে দুর্নীতি চলছে। পঞ্চায়েত ভোট কখন করাবে বলা যাচ্ছে না। রাজ্য-জুড়ে ব্যাপক দুর্নীতি হচ্ছে। উন্নয়ন হচ্ছে শুধু মমতা ব্যানার্জির ভাই-ভাইপোদের। এদের কাছে পঞ্চায়েত দখল করা মানে নিজের ব্যক্তিগত সম্পত্তি বৃদ্ধি করা। মমতা ব্যানার্জির প্রয়োজনে করোনা আবহতেও উপনির্বাচন হয়। এদিকে মানিকতলায় সাধন পাণ্ডে মারা যাওয়ায় দেড় বছর হয়ে গেলেও উপনির্বাচন হয়নি। এই তো চলছে রাজ্যে। ২০১৭ সালে হরিশ্চন্দ্রপুর এলাকায় ভয়াবহ বন্যায় ত্রাণ নিয়ে কোটি কোটি টাকার দুর্নীতি হয়েছিল। তদন্ত সাপেক্ষে সেই দুর্নীতিতে অন্যতম অভিযুক্ত হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লক পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধক্ষ্যা তথা মহিলা তৃণমূলের ব্লক সভা নেত্রী জয়শ্রী কর্মকার এবং তার স্বামী তৃণমূল নেতা বাপি পাল। শতরূপ ঘোষ বলেন, আদালত এদের আগাম জামিনের আবেদন খারিজ করে দিয়েছে। পুলিশ বলছে এরা পলাতক। কিন্তু দিনে দুপুরে প্রকাশ্যে কর্মসূচি করছে। বাপি পাল রেশন ডিলারশিপের জন্য পুলিশ ভেরিফিকেশন পেয়ে যাচ্ছে। আসলে এই ধরনের চোররা আছে বলেই মমতা ব্যানার্জি ক্ষমতায় আছে। আমাদের রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতা বিজেপি এবং তৃণমূলের সঙ্গে। কিন্তু পুলিশ তৃণমূলের দালালি না ছাড়লে বড় বড় মন্ত্রীদের মতো পুলিশ অফিসারদেরকেও জেল খাটতে হবে।

আলাদা সেল চালু করার পরিকল্পনা পরিবহন দফতরের

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারি ঃ অ্যাপ- ক্যাবের বিরুদ্ধে যাত্রী প্রত্যাখ্যান, বেশি ভাড়া নেওয়ার মতো নানা অভিযোগ নিরসনে পরিবহন দফতর আলাদা সেল চালু করার পরিকল্পনা নিয়েছে। পাশাপাশি সাম্প্রতিক কালে এধরণের সংস্থাগুলির বিরুদ্ধে নানা ধরণের অনিয়মের অভিযোগ ওঠায় রাজ্যের পরিবহন মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী আগামী সপ্তাহেই অ্যাপ ক্যাব পরিচালকদের সঙ্গে বৈঠকে বসার কথা জানিয়েছেন। তিনি জানান, ইতিমধ্যেই অ্যাপ ক্যাব নিয়ে জনগণের অভিযোগ শুনে তৎক্ষণাত ব্যবস্থা নিতে সরকারি অফিসারদের নিয়ে সেল তৈরির প্রস্তাব নিয়ে আলোচনা চলছে। পরিবহণ দফতর সূত্রে জানা গেছে, ক্যাব ও বাইক সংস্থাগুলিকে লাইসেন্স দেওয়ার সময়ে যাত্রীরা কোনও সমস্যায় পড়লে যাতে অভিযোগ জানাতে পারেন, তার ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু সেই ব্যবস্থা জনপ্রিয় হয়নি। তাই নতুন পৃথক অভিযোগ সেল তৈরি করার উদ্যোগ নেওয়া হয়েছে।

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাজ্যের প্রতিটি জেলায় নজরদারি কেন্দ্র

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারি ঃ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাজ্যের প্রতিটি জেলায় নজরদারি কেন্দ্র তৈরি করা হচ্ছে। দেশ জুড়ে নিত্য প্রয়োজনীয় পণ্যের অভিন্ন দাম বিষয়ে গৃহীত নীতি অনুসারে পদক্ষেপ করার জন্য এই কেন্দ্রগুলি তৈরি করা হচ্ছে। এই কেন্দ্রগুলি থেকে চাল-ডাল- আটা, তেল, নুন, আলু, পেঁয়াজের মতো মোট ২২ টি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের বাজারদরের ওপর নিয়মিত নজরদারি করা হবে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে। জানা গেছে, প্রতিটি কেন্দ্রে ক্রেতা সুরক্ষা দফতরের কর্মী আধিকারিকদের নিয়ে একটি করে পরিদর্শক দল থাকবে। যাঁরা বিভিন্ন দোকান বাজার সরেজমিনে ঘুরে দেখে রাজ্য সরকারকে রিপোর্ট পাঠাবে। রাজ্য সেই রিপোর্ট কেন্দ্রকে পাঠাবে। ইতিমধ্যেই রাজ্যের ৭ টি জেলায় ক্রেতা সুরক্ষা দফতরের অধীনে এই ধরণের কেন্দ্র তৈরি করা হযেছে। বাকি ১৬ জেলা - পশ্চিম বর্ধমান, হাওড়া, কালিম্পং, জলপাইগুড়ি, মুর্শিদাবাদ, নদীয়া, উত্তর ২৪ পরগনা, কোচবিহার, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর, পূর্ব বর্ধমান, বাঁকুড়া, পূর্ব মেদিনীপুর, ঝাড়গ্রাম, হুগলি, দক্ষিণ ২৪ পরগনা জেলাতে এই ধরনের বাজারদর নিয়ন্ত্রণ কেন্দ্র তৈরি করার জন্য রাজ্য সরকার নির্দেশ দিয়েছে।

শীতের আমেজ ফিরল বঙ্গে, থাকবে আগামী এক সপ্তাহ

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারি ঃ পূর্বাভাস অনুযায়ী বঙ্গে আরও নামল তাপমাত্রার পারদ। যাওয়ার বেলাতেও ফের একবার শীতের আমেজ ফিরল বঙ্গে। দফতর। এই আমেজ আগামী এক সপ্তাহ পর্যন্ত থাকবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। কলকাতা শহরে রাতের তাপমাত্রা কমে দাঁড়িয়েছে ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। দিনের তাপমাত্রাতেও রাতারাতি পরিবর্তন এসেছে। আলিপুর আবহাওয়া দফতর জানাচ্ছে, শুক্রবার কলকাতা শহরের সর্বনিম্ন তাপমাত্রা ১৫.২ ডিগ্রি সেলসিয়াস। যা স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি কম। বৃহস্পতিবার দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস। হাওয়া অফিস জানাচ্ছে, আগামী এক সপ্তাহ পর্যন্ত দিনের ও রাতের তাপমাত্রার মধ্যে ফারাক কমবে। ফলে শহরের তাপমাত্রা ১৪ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত নেমে আসতে পারে। ৬ ফেব্রুয়ারি পর্যন্ত শহরের তাপমাত্রা নিম্নগামীই থাকবে। ৭, ৮ এবং ৯ ফেব্রুয়ারি তা ঊর্ধ্বগামী হবে। ১০, ১১ ফের তা নিম্নগামী হবে। আগামী ১৪ ফেব্রুয়ারি থেকে এই মরশুমে আর তাপমাত্রা পতনের কোনও সম্ভাবনা নেই। পাশাপাশি উত্তরবঙ্গেও রবিবার পর্যন্ত দুই থেকে তিন ডিগ্রি পারাপতনের পূর্বাভাস রয়েছে। সমতলের জেলা অর্থাৎ মালদা, জলপাইগুড়ি এবং দুই দিনাজপুরে সকালে হালকা কুয়াশা থাকবে। বেলা বাড়লে পরিষ্কার হবে আকাশ। প্রসঙ্গত, উত্তর পশ্চিম ভারতে একটি পশ্চিমী ঝঞ্ঝা ঢুকবে শুক্রবার। একটি ঘূর্ণাবর্ত রয়েছে রাজস্থান এবং সংলগ্ন এলাকায়। নতুন করে পশ্চিমী ঝঞ্ঝা আসছে শনিবার। আবহাওয়ার পরিবর্তন হবে দেশজুড়ে। শুক্রবার থেকে রবিবারের মধ্যে জম্মু কাশ্মীর হিমাচলপ্রদেশ সহ উত্তর পশ্চিম পার্বত্য এলাকায় বৃষ্টি ও তুষারপাতের সম্ভাবনার কথা জানিয়েছে হাওয়া অফিস। বঙ্গোপসাগরে একটি গভীর নিম্নচাপ তৈরি হয়েছে। যা দক্ষিণ পশ্চিম বঙ্গোপসাগর এলাকায় অগ্রসর হচ্ছে। দক্ষিণ পশ্চিম বঙ্গোপসাগরে এটি গভীর নিম্নচাপের রূপ নিয়ে শ্রীলঙ্কা উপকূলের দিকে ক্রমশঃ এগোচ্ছে। এর প্রভাবে শ্রীলঙ্কা উপকূল এবং তামিলনাড়ু ও পন্ডিচেরি উপকূলে উত্তাল হতে পারে সমুদ্র। শুক্রবার ভারী বৃষ্টির সম্ভাবনা তামিলনাড়ু উপকূলে।

জামিনের আর্জি খারিজ নওশাদ সিদ্দিকির, ৬ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারি ঃ নওশাদে তপ্ত রাজনীতি। এবার পুলিশ হেফাজতে ভাঙড়ের আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকি। শুক্রবার নওশাদের জামিনের আর্জি খারিজ করে ৬ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিল বারুইপুর আদালত। কলকাতা লেদার কমপ্লেক্স বা কেএলসি থানার পুলিশের আর্জির ভিত্তিতে এদিন আদালতে তোলা হয় নওশাদকে। তারা বৃহস্পতিবার নওশাদের প্রোডাকশন ওয়ারেন্ট চেয়ে আদালতে আবেদন জানিয়েছিল। এদিন আদালত জানিয়ে দিল, ৬ দিনের পুলিশ হেফাজতে থাকবেন তিনি। এদিকে দলীয় বিধায়কের জামিন মঞ্জুর না হওয়ায় আইএসএফ এদিন দুপুরে আদালত সংলগ্ন মাঠে বিক্ষোভ দেখায়। এই নিয়ে তপ্ত এলাকা। আদালত চত্বরে উপস্থিত এক আইএসএফের রাজ্য কমিটির নেতা মহম্মদ সাজান লস্কর বলেন, পুলিশ চক্রান্ত করে নওশাদ সিদ্দিকিকে ফাঁসিয়েছে। এই জামিন যে হবে না তা জানতাম। যাদের জেলে থাকার কথা তারা বাইরে আর যারা গণতন্ত্রের পক্ষে কথা বলে তারা জেলের ভিতরে। তবে আমাদের আইনের উপর ভরসা আছে। আর আমরাও রাস্তায় থাকব। আমাদের নেতা জেলে আছেন, তবে হাজার হাজার কর্মী রাস্তায় আছেন। ইতিমধ্যেই ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত জেল হেফাজতে রয়েছেন নওশাদ। ধর্মতলায় পুলিশের সঙ্গে আইএসএফের ঝামেলার ঘটনায় গ্রেফতার হয়েছিলেন নওশাদ-সহ ১৮ আইএসএফ কর্মী-সমর্থক। ব্যাঙ্কশাল আদালত প্রথমে তাঁকে ১ ফেব্রুয়ারি পর্যন্ত পুলিশ হেফাজতের নির্দেশ দেয়। সেই মেয়াদ ফুরনোর পর আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজত হয় নওশাদদের। ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত জেল হেফাজতে থাকার নির্দেশ দেওয়া হয়। এরইমধ্যে এবার কেএলসি থানার পুলিশ সক্রিয়। গত ২১ জানুয়ারি ভাঙড়ের হাতিশালার ঘটনায় কেএলসি থানায় একাধিক ধারায় অভিযোগ দায়ের হয়। নওশাদের আইনজীবীর বক্তব্য, একদিকে কলকাতার হেয়ার স্ট্রিট থানা ও নিউ মার্কেট থানায় অভিযোগ হয়েছে। যার ভিত্তিতে নওশাদকে গ্রেফতার করা হয় সেদিন। অন্যদিকে হাতিশালায় গোলমালের ঘটনায়ও নওশাদের নাম রয়েছে। যার ভিত্তিতে এদিন ৬ দিনের পুলিশ হেফাজত হল। নওশাদ প্রসঙ্গে রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম বলেন, রাজনীতি করতে গেলে মাঠে নেমে রাজনীতি করতে হবে। ধর্মের অবলম্বন দিয়ে রাজনীতি করাটা ঠিক না। তাহলে বিজেপির সঙ্গে আর তফাত কোথায় রইল? আপনি ধর্মীয় নেতা হলে ধর্ম নিয়ে থাকুন। রাজনীতি করতে হলে রাজনীতির ময়দানে কাজ করতে হবে। বামেদের সঙ্গে জোট করে গোটা বাংলায় যে একটা আসন পেয়েছে, তাদের নিয়ে তৃণমূল কংগ্রেস ভাববে? সিপিএম নেতা সুজন চক্রবর্তীর বক্তব্য, নওশাদ সিদ্দিকির গাড়ি ভাঙচুর হয়েছে। তার দায় যাদের, তাদের গ্রেফতার না করে তৃণমূল ভয় পেয়ে এসব করছে। অন্যদিকে বিজেপি নেতা শমীক ভট্টাচার্য বলেন, নওশাদ সিদ্দিকির রাজনীতির সঙ্গে আমাদের কোনও যোগাযোগ নেই। অবস্থানগতভাবে আমরা বিরোধী। তবে একজন জনপ্রতিনিধিকে যেভাবে পুলিশ গ্রেফতার করল, বিধায়কের গাড়ি ভাঙচুর, অপরাধীদের ছেড়ে দেওয়া সুস্থ গণতন্ত্রে হয় না। এর তীব্র প্রতিবাদ করি।

শুক্রবার হাওড়া পৌরনিগমে স্বাস্থ্য দপ্তরের সাথে এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়। ওই বৈঠকের পৌরহিত্য করেন হাওড়া পুরনিগমের মুখ্য প্রশাসক ডাঃ সুজয় চক্রবর্ত্তী। উপস্থিত ছিলেন প্রশাসকমন্ডলীর তরফে মনজিত রাফেল, অনুপ চক্রবর্ত্তী, রাইচরণ(বাপী) মান্না এবং দিলীপ ঘোষ। এছাড়াও পুরনিগমের আধিকারিকরা উপস্থিত ছিলেন ওই বৈঠকে।

বাগুইআটি-উল্টোডাঙা রুটে বন্ধ অটো, ভোগান্তি যাত্রীদের

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারি ঃ বাগুইআটি-উল্টোডাঙা রুটে বন্ধ অটো। সপ্তাহের মাঝে ব্যাপক ভোগান্তিতে অফিস যাত্রীরা। বেআইনি অটোর প্রতিবাদে অটো চালানো বন্ধ রেখেছেন চালকেরা। বৃহস্পতিবার থেকেই চলছে এই বিক্ষোভ। জানা গিয়েছে, যাত্রী তোলা নিয়ে বচসা থেকে ঝামেলার সূত্রপাত। ওই রুটের বৈধ অটোচালকদের উপর অবৈধ অটোচালকদের দাদাগিরি ও মারধরের অভিযোগে বৃহস্পতিবার দুপুর থেকেই অটো চালানো বন্ধ রেখে বিক্ষোভে সামিল হন তারা। অটোচালকদের এই দ্বন্দ্বে নাভিশ্বাস যাত্রীদের। অফিস টাইমে অটো না পেয়ে ব্যাপক অসুবিধেয় যাত্রীরা। বাসে বাসে বাদুরঝোলা ভিড়। অফিস থেকে স্কুল-কলেজ দিনের ব্যস্ত সময়ে অটো না পেয়ে ব্যাপক সমস্যায় পড়েছেন নিত্যযাত্রীরা।

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The **Director General (S&D)**, **KMC** invites tender online percentage rate two bid system for the following work:

NIT No.: KMC/DG(S_D)/CEN/22-23/51

Name of the Work: **Repairs to broken manhole cover with shafts a different road in Ward No.-66 under Br.-VII**. Estimated Cost: **Rs. 4,99,962.43**. Earnest Money: **Rs. 10,000.00**. Period of Completion: **14 days**. Last date and time of submission of bid (online): **13.02.2023 at 1.00 p.m.** The bid forms and other details are available on and from: **03.02.2023 at 1.00 p.m.** the website **https://etender.wb.nic.in**

The **Executive Engineer (Water Supply/GRWW)**, **KMC** invites e-tender for the following works:

(1) NIT No.: EEWS/KMC/GRWW/22-23/215

Name of the Work: **Construction of road side wheel guard at the Northern side of security barrack within GRWW clear water complex including other allied works**. Estimated Cost: **Rs. 2,47,539.00**. Earnest Money: **Rs. 4,951.00**. Period of Completion: **21 days**.

(2) NIT No.: EEWS/KMC/GRWW/22-23/178

Name of the Work: **Supplying installation of air valve of 200 mm dia at Nature Park near Rail Gate and strengthening of 1800 mm dia M.S Blank Flange opposite Taratala Valve Station**. Estimated Cost: **Rs. 2,36,147.00**. Earnest Money: **Rs. 4,723.00**. Period of Completion: **7 days**. Last date and time of receipt/opening of tender (online): **15.02.2023 at 2.00 p.m./ 17.02.2023 at 2.00 p.m. [For Sl. No. 1 & 2]**. The bid forms and other details will be available shortly from the website **https://etender.wb.nic.in [For Sl. No. 1 & 2]**.

The **Director General (Roads)**, **KMC** invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No.: KMC/ROADS/NORTH/250/2022-2023 (1st Call)

Name of the Work: **Repairing of road at junction of Beleghata E.M Bypass and Maniktala Main Road (Bengal Chemical) E.M Bypass in Ward No.-32 & 33 under Br.-III**. Estimated Amount (including GST & CESS): **Rs. 4,94,969.67**. Earnest Money: **Rs. 9,900.00.** Period of Completion: **30 days**. Last Date and Time of submission of Bid: **15.02.2023 at 12.00 noon**. The bid forms and other details are available on and from: **04.02.2023 (12.00 Noon)** in the website **https://etender.wb.nic.in**

(2) NIT No.: KMC/ROADS/NORTH/172/2022-2023 (1st Call)

Name of the Work: **Laying of seal coat at Kyd Street in Ward No.-63, Br.-VII**. Estimated Amount (including GST & CESS): **Rs. 3,33,580.37 (Excl. contingency Amt.)**. Earnest Money: **Rs. 6,700.00.** Period of Completion: **15 days**.

(3) NIT No.: KMC/ROADS/SOUTH/2022-2023/297 (1st Call)

Name of the Work: **Laying of seal coat at Elgin Road from ATM Road to Sarat Bose Road under Br.-VIII**. Estimated Amount (including GST & CESS): **Rs. 1,98,995.81 (Excl. contingency Amt.)**. Earnest Money: **Rs. 4,000.00.** Period of Completion: **15 days**.

(4) NIT No.: KMC/ROADS/SOUTH/2022-2023/296 (1st Call)

Name of the Work: **Laying of seal coat at R.B. Connector from Bijon Setu to E.M. Bypass under Br.-VII & XII**. Estimated Amount (including GST & CESS): **Rs. 4,23,523.72 (Excl. contingency Amt.)**. Earnest Money: **Rs. 8,500.00.** Period of Completion: **15 days**. Last Date and Time of submission of all bids: **17.02.2023 at 12.00 noon [For Sl. No. 2 to 4]**. The bid forms and other details are available on and from: **08.02.2023 (12.00 noon) [For Sl. No. 2 to 4]**. Tender will be published & bidders will be able to participate in the e-tender available in the website **https://etender.wb.nic.in [For Sl. No. 2 to 4]**.

The **CME (SWM)**, **KMC** invites tender online item rate two bid system for the following works:

(1) NIT No.: SWM-II/DIST-IV/68/22-23

Tender ID: 2023_KMC_464328_1

Name of the Work: **Painting of full body and cabin (inside & outside) with lettering of 4 nos. Movable compactor Vehicle Nos. WB03D-1353, WB03D-1214, WB03D-1784 and WB03D-1197 under Dist-IV Garage/SWM-II**. Estimated Amount: **Rs. 1,55,760.00**. Earnest Money: **Rs. 3,200.00**. Period of Completion: **30 days**. Last date and time of submission of Bid: **15.02.2023 up to 1.00 p.m.** The bid forms and other details are available on and from: **03.02.2023 (5.00 p.m.)**.

(2) NIT No.: SWM-II/SSU/55/22-23/1

Tender ID: 2023_KMC_464304_1

Name of the Work: **Thorough Repairing, Painting of 01 no. of T.P.S. Make Portable Compactor (PC No. 142) under SSU Garage/SWM-II**. Estimated Amount: **Rs. 1,98,480.00**. Earnest Money: **Rs. 4,000.00**. Period of Completion: **15 days**.

(3) NIT No.: SWM-II/SSU/55/22-23/2

Tender ID: 2023_KMC_464304_2

Name of the Work: **Thorough Repairing, Painting of 01 no. of T.P.S. Make Portable Compactor (PC No. 146) under SSU Garage/SWM-II**. Estimated Amount: **Rs. 1,97,772.00**. Earnest Money: **Rs. 4,000.00**. Period of Completion: **15 days**.

(4) NIT No.: SWM-II/SSU/55/22-23/3

Tender ID: 2023_KMC_464304_3

Name of the Work: **Thorough Repairing, Painting of 01 no. of T.P.S. Make Portable Compactor (PC No. 152) under SSU Garage/SWM-II**. Estimated Amount: **Rs. 1,96,828.00**. Earnest Money: **Rs. 4,000.00**. Period of Completion: **15 days**.

(5) NIT No.: SWM-II/SSU/55/22-23/4

Tender ID: 2023_KMC_464304_4

Name of the Work: **Thorough Repairing, Painting of 01 no. of T.P.S. Make Portable Compactor (PC No. 177) under SSU Garage/SWM-II**. Estimated Amount: **Rs. 1,96,592.00**. Earnest Money: **Rs. 4,000.00**. Period of Completion: **15 days**.

(6) NIT No.: SWM-II/SRC/46/2022-23

Tender ID: 2023_KMC_464378_1

Name of the Work: **Repairing and Maintenance of Cesspool Emptier (Small) (500 ltr. Capacity) Bearing Nos. WB02AL-0394 (Tata Ace) under SRC Garage/SWM-II**. Estimated Amount: **Rs. 1,94,700.00**. Earnest Money: **Rs. 4,000.00**. Period of Completion: **7 days**.

(7) NIT No.: SWM-II/SSU/65/22-23

Tender ID: 2023_KMC_464357_1

Name of the Work: **Repairing and maintenance of the Vehicle No. WB03D-5679, 5710 and 5726 (Tata-1919, Water Sprinkler) of SSU Garage under SWM-II**. Estimated Amount: **Rs. 1,95,515.00**. Earnest Money: **Rs. 4,000.00**. Period of Completion: **10 days**.

(8) NIT No.: SWM-II/GRU-018/2022-23

Tender ID: 2023_KMC_464404_1

Name of the Work: **Engagement of one hired LCV truck for attending break down service of different vehicles under GRU/SWM-II deptt**. Estimated Amount: **Rs. 1,83,000.00**. Earnest Money: **Rs. 3,700.00**. Period of Completion: **183 days**. Last date and time of submission of bid: **11.02.2023 up to 1.00 p.m. [For Sl. No. 2 to 8]**. The bid forms and other details are available on and from: **02.02.2023 (3.00 p.m.) [For Sl. No. 2 to 8]**.

(9) NIT No.: SWM-II/DH/56/2022-23

Tender ID: 2023_KMC_464570_1

Name of the Work: **Repairing, fitting, fixing and painting the load body and driver cabin of the Tipper Truck vide no. WB-25E-1190 under Dhapa Garage, SWM-II**. Estimated Amount: **Rs. 1,80,801.00**. Earnest Money: **Rs. 3,700.00**. Period of Completion: **15 days**.

(10) NIT No.: SWM-II/DH/57/2022-23

Tender ID: 2023_KMC_464603_1

Name of the Work: **Repairing and painting of 4.5 cum capacity 08 nos. Blue Containers under Dhapa Garage, SWM-II**. Estimated Amount: **Rs. 2,77,959.00**. Earnest Money: **Rs. 5,600.00**. Period of Completion: **15 days**.

(11) NIT No.: SWM-II/DH/61/2022-23

Tender ID: 2023_KMC_464702_1

Name of the Work: **Repairing and overhauling with painting of TPS make 2 nos. Portable Compactor Machine vide no. 16E/230 and 17C/331 under Dhapa Garage, SWM-II**. Estimated Amount: **Rs. 2,68,695.00**. Earnest Money: **Rs. 5,500.00**. Period of Completion: **15 days**. Last date and time of submission of bid: **11.02.2023 up to 1.00 p.m. [For Sl. No. 9 to 11]**. The bid forms and other details are available on and from: **02.02.2023 (5.00 p.m.) [For Sl. No. 9 to 11] from the** website **https://etender.wb.nic.in or https://wbtenders.gov.in [For Sl. No. 1 to 11]**.

The **Dy. Chief Engineer (E)/S&D**, **KMC** invites e-tender online item rate two bid system for the following works:

(1) NIT No.: KMC/S and D/ADPS/05/22-23 (1st Call)

Name of the Work: **Urgent dismantling and open out of the 1950 LPS capacity WPIL make SWF vertical pump unit no. 5 for inspecting various rotating components and re-assembling the pumping unit at ADPS**. Estimated Amount: **Open Quotation**. Earnest Money: **2% of quoted rate.** Period of Completion: **10 days**. Last Date and Time of submission of Bid: **11.02.2023 at 5.00 p.m**. The bid forms and other details are available on and from: **03.02.2023 (5.00 p.m.)** from the website **https://etender.wb.nic.in**. For corrigendum etc, if any, the same website has to be seen.

(2) NIT No.: KMC/DR/PBPS/E/20/22-23 (RT) (2nd Call)

Name of the Work: **Dismantling, necessary repairing, heat varnishing with allied works of 180 KW H.T motor of pump unit no. D at DWF Stn. of PBPS (Dr.)/S&D**. Estimated Amount: **Quotation**. Earnest Money: **2% of quoted rate.** Period of Completion: **30 days**.

(3) NIT No.: KMC/DR/PBPS/E/19/22-23 (RT) (2nd Call)

Name of the Work: **Dismantling, necessary repairing, heat varnishing with allied works of 180 KW H.T motor of pump unit no. C at DWF Stn. of PBPS (Dr.)/S&D**. Estimated Amount: **Quotation**. Earnest Money: **2% of quoted rate.** Period of Completion: **30 days**. Last Date and Time of submission of Bid: **15.02.2023 at 3.00 p.m. [For Sl. No. 2 & 3]**. The bid forms and other details are available on and from: **04.02.2023 (5.00p.m.)** from the website **https://wbtenders.gov.in [For Sl. No. 2 & 3]**.

1045/22-23

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
দুরন্ত বার্তা
২৮ বর্ষ, দৈনিক ৬৫ সংখ্যা, শনিবার, ২০ মাঘ, ১৪২৯

শিল্পপতি কাণ্ড

শিল্পপতিরা এমন সব কাণ্ড করেন তা ধরাছোঁয়ার বাইরে অবস্থান করে। সেটাই দেখতে পাওয়া গেল এবারে আদানি কাণ্ডে। আদানি কাণ্ড যাতে বেশি করে মাথা চাড়া দিয়ে না উঠতে পারে তার জন্য সক্রিয় হয়ে উঠতে শুরু করেছে একটি শক্তিশালী গোষ্ঠী। বিজেপি সরকার ক্ষমতায় আসার আগেই বলেছিল তারা একটি স্বচ্ছ সরকার উপহার দিতে চায়। কালো টাকা উদ্ধার করতে চায়। কিন্তু এগুলি কথার কথা হয়ে গিয়েছে। বাস্তবে কিন্তু পরিণত হয়নি। মহান ভারত গড়ে তোলার লক্ষ্য নিয়ে বিজেপি এগিয়ে চলতে শুরু করে দিয়েছিল। কিন্তু তার মধ্যে দিয়ে দুর্বৃত্ত শিল্পপতিরা মাথা চাড়া দিয়ে উঠতে শুরু করলো যখন তারা বুঝতে পারলো যে সরকার তাদের ছাড়া চলবে না। সরকারকে তাদের কাছে দ্বারস্থ হতে হবে। কিন্তু ভারত স্বাধীনতা লাভ করার সময়ে শিল্পপতিরা এই রকম দম্ভ দেখাতে পারেনি। তার একটি মাত্র কারণ হচ্ছে তখন ভারতকে যারা শাসন করতে তারা সবাই ব্যক্তিত্ববান পুরুষ। সরকার চালাতে গিয়ে তারা কারোর কাছে কুর্নিশ করতে রাজি ছিল না। চিন ভারত যুদ্ধের সময়ে শিল্পপতির দ্বারে গিয়ে উপস্থিত হয়নি সরকার। কিন্তু এখন সরকারকে প্রতিটা মুহুর্তে শিল্পপতিদের কাছে দ্বারে গিয়ে উপস্থিত হতে হচ্ছে। তার ফলে যা হবার হচ্ছে। লুঠ করতে শুরু করে দিয়েছে ব্যাঙ্কের টাকা। লুঠ হয়ে গিয়েছে নিয়মমাফিকভাবেই। আইনকে সামনে রেখে যে টাকা লুঠ করা যায় সেটা পরিস্কার করে গিয়েছে শিল্পপতিরা। বিজয় মালিয়া তার উজ্জ্বল উদাহরণ। তিনি তো বিলাতে দিব্যি ঘুরে বেড়াচ্ছেন। উইম্বলডন টেনিস থেকে শুরু করে লর্ডসের ক্রিকেট খেলা দেখতে উপস্থিত হচ্ছেন। তিনি এখন ধরাছোঁড়া বাইরে অবস্থান করছেন। এরা যে দেশেরপ সম্পদ লুঠ করেছে তার কোনও সুরাহা হচ্ছে না। আইনী জটিলতায় সব আটকে গিয়েছে। আদানি ব্যাপারে হাত গুটিয়ে বলেছিল শেয়ার বাজারের নিয্যরণ সংস্থা সেবি। আবারে রির্জাভ ব্যাঙ্ক নামলো। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি নজরদারিত্বে আদানি কেলেঙ্কারীর পুর্ণাঙ্গ তদন্ত হবে বলে জানতে পারা গিয়েছে। রির্জাভ ব্যাঙ্ক এবং স্টেট ব্যাঙ্ক সহ বিভিন্ন ব্যাঙ্কগুলির কাছে জানতে চেয়েছে শিল্পপতি গৌতম আদানি কত কোটি টাকা ঋণ নিয়েছেন। আদানি গোষ্ঠীর দেনার পরিমাণ দুই লক্ষ কোটি টাকার বেশি। স্টেট ব্যাঙ্কের মতো রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি আদানি গোষ্ঠীকে বিপুল পরিমান ঋণ দিয়েছে। আদানি গোষ্ঠীর টাকার শেয়ারে লগ্নি রয়েছে ৭৪ হজার কোটি টাকা জীবন বিমা নিগম এবং এলআইসিতে। শেয়ারের দরে কারচুপির অভিযোগে যখন আদানির শেয়ারে দর হু হু করে পড়তে শুরু করে দিয়েছিল তখন স্টেট ব্যাঙ্ক এবং আইআইসিতে টাকা সুরক্ষার ব্যাপারে চিন্তিত হয়ে পড়েছিল মধ্যবিত্ত। বিরোধীরা এই নিয়ে সংসদে প্রশ্ন তুলতে শুরু করে সংসদ মুলতুবি হয়ে যায়। কংগ্রেস থেকে অভিযোগ উঠতে শুরু করে যে আদানিকে নিয়ে সংসদে আলোচনা হোক সেটা চাননি প্রধানমন্ত্রী। কেন্দ্রীয় সরকার ব্যাঙ্কগুলিকে আদানি গোষ্ঠীতে ঋণ দিতে বাধ্য করেছিল কিনা এবং এলআইসিকে আদানি গোষ্ঠীর শেয়ারে টাকা ঢালতে চাপ দিয়েছিল কিনা তা নিয়ে যৌথ সংসদীয় কমিটি এবং সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি নজরদারিতে তদন্ত হোক। কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে একেবারে চুপ করে বসে রয়েছে। তারা কোনও কথাই বলছে না। কিন্তু এই সরকারের কাছ থেকে জনগণ বহু প্রত্যাশা করেছিল। সব কিছুই একেবারে জলে চলে গিয়েছে। এখন শিল্পপতিদেরকে দিকে ঢলে পড়তে শুরু করে দিয়েছে। দেশের জনগণের পাশে সরকার নেই সেটা পরিস্কার। দেশের জন্য যদি গরিব থেকে যায় তাহলে কী করে মহান ভারত গড়ে উঠবে তা কিন্তু কেউ ভাবতে পারছে না। ব্যবসাকে বেশি করে প্রাধান্য দেওয়া হয়েছে। সরকারের সেবার মানসিকতা একেবারে দূর হয়ে গিয়েছে। সেবা করছে শুধু ধনী শিল্পপতিদের। এদেরকে রক্ষা করতে সরকার সব কিছুই আইন তৈরি করতে প্রস্তুত। পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক জানিয়েছে যে আদানি গোষ্ঠী ৭ হাজার কোটি টাকা ঋণ নিয়েছে। সেই ঋণ শোধ নিয়ে চিন্তিত ব্যাঙ্ক। ব্যাঙ্ক অব বরোদার কাছে আদানির দেনার পরিমান ৪ হাজার কোটি টাকা। এরপরে ঋণ দেওয়া বন্ধ করে দিয়েছে বেসরকারি ব্যাঙ্কগুলি। আদানিরা ২০ হাজার কোটি টাকার শেয়ার বিক্রি বন্ধ করে দিলেও শেয়ার বাজার নিয়ন্ত্রক সংস্থা সেবি তা নিয়ে কোনও তদন্ত করার নির্দেশ দেয়নি। পাঁচ বছর আগে কংগ্রেস কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে গিয়ে বলেছিল আম্বানিকে রাফাল যুদ্ধ বিমান কেনার ব্যাপারে সুবিধা পাইয়ে দিয়েছিল। কিন্তু তা নিয়ে সাধারণ মানুষ মাথা ঘামায় নি। নির্বাচনে শাসক দল উৎড়ে গিয়েছিল। আদানিদের প্রতারণার সঙ্গে দেশের সাধারণ মানুষ জড়িয়ে পড়তে শুরু করে দিয়েছে। আমেরিকার লগ্নি নিয়ে গবেষণা সংস্থা হিন্ডেনবার্গ রিসার্চ অভিযোগ তুলেছিল যে গৌতম আদানির গোষ্ঠী কারচুপি করে তাদের শেয়ার দর বৃদ্ধি করেছে। শেয়ারে দাম পড়ে গেলে ব্যাঙ্কগুলি বিপদে পড়বে। আদানি গোষ্ঠীর কেলেঙ্কারীকে কেন্দ্র করে বিরোধী দল এবার কংগ্রেসের সঙ্গে এক হয়ে স্লোগান তুলতে শুরু করে দিয়েছে। তৃণমূল কংগ্রেসের সাংসদেরাও কংগ্রেসের সঙ্গে হাত মিলিয়ে আদানি কেলেঙ্কারী তদন্ত করা হোক বলে দাবি করেছে। আদানি শিল্প গোষ্ঠীর শেয়ারের পতন এবং তাদের সম্পত্তির মূল্য কমে যাওয়ায হইচই শুরু হয়ে গিয়েছে সর্বত্র। পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুরের তাজপুরের বন্দর এবং বীরভূমের ডেউচা পাঁচামির খনি প্রকল্পে আদানির বিনিয়োগ করা কথা রয়েছে। পশ্চিমবঙ্গে কৃষি ভিত্তিক শিল্প গড়ে তোলার ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছেন আদানি। দুর্গাপুর এক্সপ্রেসওয়ের সম্প্রসারণের কাজে তারা নিযুক্ত। তবে দেখতে পাওয় যাচ্ছে যে আদানি যদি শিল্প গড়ে তুলতে না পারে তাহলে সেটা ক্ষতি হবে পশ্চিমবঙ্গের। আদানির গোষ্ঠীর আর্থিক পতন হয় তাহলে কি তিনি আবার দেশ ছেড়ে বিদেশে গিয়ে থাকবেন তা নিয়ে বিরোধীরা বলতে শুরু করে দিয়েছে। এই রকম আর্থিক কেলেঙ্কারী পণ্ডিত নেহরু বা ইন্দিরা গান্ধির সময়ে দেকতে পাওয়া যায়নি। ইউপিএ সরকারের জামানায় কংগ্রেস জোট সরকারকে বাঁচিয়ে রাখতে বহু আর্থিক কেলেঙ্কারীতে জড়িয়ে পড়েছিল।

অনুকূলচন্দ্র ঠাকুরের অমৃত বাণী

তোমার ভাষা যদি কুৎসাকলঙ্কজড়িতই হয়ে থাকে, অপরের সুখ্যাতি করতে না পারে, তবে যেন কারো প্রতি কোনো মতামত প্রকাশ না করে। আর মনেমনে তুমি নিজ স্বভাবকে ঘৃনা করতে চেষ্টা করো এবং ভবিষ্যতে কুৎসানরক ত্যাগ করতে দৃঢ়প্রতিজ্ঞ হও

রামকৃষ্ণদেবের কথামৃত

ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, শক্তির দাত্রী হচ্ছেন মা। তিনি শক্তি দেওয়ার মূ সূত্র। তিনি শক্তি না দিলে কেউই শক্তি পেতে পারেন না। মা হচ্ছেন সর্ব শক্তির আধার। তিনি সবশক্তিদায়িনী।তিনি মায়ের শক্তি দিয়ে অপদেবতাকে পরাস্ত করতে পেরেছেন। সেই কারণে দরকার মাতৃশক্তি। জ্ঞান শক্তি। বুদ্ধি শক্তি। এই সব শক্তির আধার হচ্ছেন মা। তাঁর আশির্বাদ গ্রহণ করতে হবে। মাতৃভক্তিকে জাগরিত করতে হবে। কাজ করতে হবে। ভক্তিভাবে কাজ করতে হবে। তবেই সাধনা লাভ করা সম্ভব। ভক্তির সঙ্গে কাজ করতে পারলে তবেই সাধনায় সিদ্ধিলাভ করা সম্ভব। ঈশ্বরকে লাভ করা সম্ভব কাজের মধ্যে দিয়ে। ভালো কাজ করতে হবে। সত্যের প্রকাশ করতে হবে। জ্ঞান ভাণ্ডারের শ্রীবৃদ্ধি করতে হবে। তবেই নিজের শক্তির বিকাশ পাওয়া সম্ভব। সবার মনে শক্তি রয়েছে। সেই শুভ শক্তিকে জাগরিত করতে হবে। অশুভ শক্তির বিনাশ করতে হবে। মনকে পরিশুদ্ধ করতে হবে। জ্ঞানের প্রসারতা বৃদ্ধি করতে হবে। মনের গভীরতা বিকাশ ঘটাতে হবে।

অধ্যাপক নির্মল দাশের দৃষ্টিতে ‘যোদ্ধা পণ্ডিত’

রবীন্দ্রকুমার শীল্

রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক নির্মল দাশ ছিলেন একজন ভাষাবিজ্ঞানী। সারা জীবন ধরে তিনি সত্যের সন্ধান করে গিয়েছেন। সেই সত্যকে উপস্থাপিত এতটুকু কার্পণ্য করেনি। রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের অন্যতম প্রাণপুরুষ ছিলেন এই মহান ব্যক্তিটি। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে যেমন অসিত কুমার বন্দ্যোপাধ্যায় ছিলেন প্রাণপুরুষ সেই রকমই ছাত্রদের মধ্যে জনপ্রিয়তা অর্জন করতে পেরেছিলেন নির্মল দাস তাঁর পাণ্ডিত্য দিয়ে। প্রাক্তন উপাচার্য অধ্যাপক পবিত্র সরকার লিখেছেন, নির্মল ছেট্টোখাট্টো দেখলে হবে কি, যেমন তার তীক্ষ্ন বুদ্ধি, তেমনই তার বচনপটুত্ব। এহেন সাহসী অধ্যাপক একটি সত্যের সন্ধানে বাংলার বিভিন্ন প্রান্ত ঘুরে বেড়িয়েছেন যার নামের সঙ্গে পরিচয় বাংলার মানুষের থাকলে তার সম্পর্কে কেউ পরিস্কার করে কোনও কিছুই জানে না। শিরোনামে একটি শব্দ ব্যবহার করা হয়েছে-‘যোদ্ধা পণ্ডিত’। এই যোদ্ধা পণ্ডিত হলেন মদনমোহন তর্কালঙ্কার মহাশয়। তাঁর লেখা ‘পাখি সব করে রব রাতি পোহাইল’ কবিতাটি ছেলেমেয়েরা মুখে মুখে বলতো। আজকে হয়তো অধিকাংশ বাচ্চা ছেলেমেয়েরা একন আর তাঁর নাম বলতে পারবে না। কারণ তারা ইংরেজি মাধ্যম স্কুলের ছাত্র। এই সব ইংরেজি মাধ্যম স্কুলগুলি দেশের কতখানি কতখানি ক্ষতি করছে তা বোলে বোঝানো একেবারে অসম্ভব। অতীতেও ইংরেজি মাধ্যম স্কুল ছিল। কিন্তু সেখানে বাংলার ভাষাক গুরুত্ব দিয়ে চর্চা করানো হতো। বাংলা এবং ইংরেজ উভয় ছিল শিক্ষা প্রধান অঙ্গ। কিন্তু আজকে ইংরেজি স্কুল মাধ্যম স্কুলগুলি থেকে বাংলার প্রায় উঠে গিয়েছে বলা যেতে পারে। তার ফলে বাংলার সাহিত্য জগতে এবং শিক্ষা জগতে অবদানকারী মহান পণ্ডিতদের কথা আমরা ভুলতে বসেছি। এই রকম একজন ভুলতে বসা পণ্ডিতকে নিয়ে গবেষণামূলক বই রচনা করে ফেললেন অধ্যাপক নির্মল দাস। সেই মহান পণ্ডিত ব্যক্তির নাম হচ্ছে মদনমোহন তর্কালঙ্কার। ১৮১৭ সালের ৩ জানুয়ারি নদিয়ার জেলার বিল্বগ্রামে পণ্ডিত মদনমোহন তর্কালঙ্কার জন্মগ্রহণ করেন। তাঁর পিতা ছিলেন কলকাতা সংস্কৃত কলেজের লিপিকর। তিনি মদনমোহনকে নিয়ে এসে সংস্কৃত কলেজে ভর্তি করে দিয়েছিলেন। কিন্তু অসুস্থার জন্য তিনি গ্রামে ফিরে যান। সেখানেই পণ্ডিতদের কাছ থেকে লেখাপড়া করেন। এরপরে তাঁর পিতৃব্য তাঁকে আবার কলকাতায় নিয়ে এসে সংস্কৃত কলেজে ভর্তি করে দিয়েছিলেন সেটা ১৮২৯ সাল। এই বছর ঈশ্বর চন্দ্র বীরসিংহ গ্রাম থেকে কলকাতায় এসে সংস্কৃত কলেজে ভর্তি হয়েছিলেন। ফলে দুই জনের মধ্যে বন্ধুত্ব গড়ে ওঠে। দুইজনই সংস্কৃত নিয়ে চর্চা করতে শুরু করেন। মদনমোহন তর্কালঙ্কারের ছিল সৃষ্টিশীল প্রতিভা। মাত্র ১৭ বছর বয়সে তিনি সংস্কৃত রসশাস্ত্রের আলংকারিক তত্ত্ব বাংলায় বাংলায় ব্যাখ্যা করে ‘রসতরঙ্গিনী’ কাব্য লিখে ফেলেন। তার দুই বছর পরে তিনি সংস্কৃত গদ্যকাব্য ‘বাসবদত্তা’ কাহিনীকে অবলম্বন করে বাংলায় ‘বাসবদত্তা’ কাব্য লিখে খ্যাতি অর্জন করলেন। ছাত্রাকলেই তাঁর নাম পণ্ডিত মহলে ছড়িয়ে পড়তে থাকে। ছাত্রজীবন থেকে বের হয়ে এসে কর্ম জীবনে প্রবেশ করেন দুই বন্ধু বিদ্যাসাগর এবং মদনমোহন তর্কালঙ্কার। মদনমোহন



তর্কালঙ্কার যখন সংস্কৃত কলেজের অধাপক হয়ে এলেন তখন দেখা গেল তিনি স্ত্রীশিক্ষা ও স্ত্রীব্যক্তিত্বের স্বাধীন বিকাশে ব্যাপারে উৎসাহী হয়ে উঠেছেন। বেথুন সাহেবকে বালিকা বিদ্যালয় স্থাপন ও পরিচালনার ব্যাপরে সামাজিক কুৎসাকে উপেক্ষা করে সক্রিয়ভাবে সহযোগিতা করেছিলেন। ছাত্র জীবনে মদনমোহন থাকতেন রামতনু লাহিড়ীর বাড়িতে। রামতনু ছিলেন ডিরোজিও ইয়ংবেঙ্গলের সক্রিয় সদস্য। রামতনু প্রায় সময়ে রামগোপাল ঘেষের বাড়িতে যেতেন। সেই সময়ে ‘সাধারণ জ্ঞানোপার্জিকা সভা’ স্থাপন করা হয়েছিল। সেখানে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হতো। ‘জ্ঞানান্বেষণ’ ও ‘বেঙ্গল’ দুটি পত্রিকাও প্রকাশ হতো। বাংলায় স্ত্রী শিক্ষার ব্যাপারে বিদ্যাসাগর ছিলেন অগ্রণী পুরুষ। কিন্তু মদনমোহন বিদ্যাসাগরের সঙ্গে যোগাযোগ সূত্রে বিধবা বিবাহ ব্যাপারে উৎসাহী হয়ে পড়েন। বেথুন যখন বিদ্যালয় স্থাপন করছেন তখন বিদ্যাসাগর নেই। তখন বেথুনের পাশে রয়েছেন মদনমোহন। বেথুনস্কুল স্থাপিত হওয়ার পরে কোনও মেয়ে ছাত্ররা ভর্তি হচ্ছে না দেখে নিজেদের দুই কন্যাকে ভর্তি করে দিলেন মদনমোহন। তখন এই বেথুন স্কুলকে বয়কট করেছিল সমাজ। তারা চায়নি মেয়েরা ইংরেজি শিক্ষা গ্রহণ করুক বাংলা ঘরে বাইরে এসে শিক্ষা গ্রহণ করুক। মেয়েদের শিক্ষা গ্রহণ করার কোনও অধিকার হিন্দু শাস্ত্র বিধান দেয়নি বলে প্রচার করা হয়েছিল। এমনকী সেই সময়ে জনপ্রিয় কবি ঈশ্বর গুপ্ত বেথুন স্কুলকে নিয়ে ব্যঙ্গ কবিতা লিখতে শুরু করলেন। সেই সব কিছুকে ভ্রান্ত করে দিয়ে স্ত্রী শিক্ষার ওপরে বেশি করে জোর দিয়েছেন মহনমোদন এবং বিদ্যাসাগর। ১৮৫০ সালে কলকাতা ত্যাগ করে বহরপুর চলে গেলেন মদনমোহন তখন বেথুন স্কুলকে দেখার দায়িত্ব দিয়ে গেলেন বিদ্যাসাগরের ওপরে। বহরপুরে গিয়ে তিনি জজ পণ্ডিতে চাকরি গ্রহণ করলেন। সেখানে ১৮৫৩ সালে ১ নভেম্বর বহরপুর কলেজ (পরে নামাঙ্কিত কৃষ্ণনাথ কলেজ) স্থাপন করেন। এই কলেজ প্রতিষ্ঠার করার জন্য তিনি তহবিল সংগ্রহের ব্যাপারে তাঁর সক্রিয় সহযোগিতা দেখতে পাওয়া যায়। সবচেয়ে আশ্বর্যের বিষয় হচ্ছে যে ৮৪ জন নিরক্ষর কৃষক প্রত্যেকেই স্বেচ্ছায় এক টাকা করে চাঁদা দিয়েছিলেন। মদনমোহনের বক্তৃতা শক্তিতেই কাজ দিয়েছিল বলে সবাই অনুমান করতে থাকে। বিধবা বিবাহ আইন (২৬ জুলাই ১৮৫৬ সাল) যখন চালু হলো তখন বিদ্যাসাগরের সঙ্গে বন্ধুত্ব বিচ্ছেদ ঘটে গিয়েছে। তবুও সক্রিয়ভাবে বিধবা বিবাহে ঘটকালি করেছেন মদনমোহন। প্রথম বিধবা বিহার সম্পন্ন হয়েছিল ৭ ডিসেম্বর ১৮৫৬ সালে। পাত্র শ্রীশচন্দ্র বিদ্যারত্ন পাত্রী কালীমতি। এরা দুইজন ছিলেন মদনমোহনের পরিচিত। মদনমোহন ‘শিশুশিক্ষা’ এবং ‘স্ত্রীশিক্ষা’ নামক দুইটি বই লিখেছিলেন। বিদ্যাসাগর যেমন বিধবা বিবাহ এবং স্ত্রী শিক্ষাকে প্রাধান্য দিয়েছেন পাশাপাশি তাঁর অকৃত্রিম বন্ধু মদনমোহন স্ত্রীশিক্ষা এবং বিধবা বিবাহকে অগ্রাধিকার দিয়েছেন। বন্ধুত্ব বিচ্ছেদ হলেও মনের বিচ্ছেদ হয়নি কোনও কালেও। তবে মদনমোহন পরলোকগমন করলে তাঁর পরিবারের সদস্যারা বিদ্যাসাগরকে অপদস্থ করার চেষ্টা করেছিল। তবে কিন্তু শেষ পর্যন্ত তাঁরা বিদ্যাসাগরে কাছে আত্মসমর্পণ করেন। অধ্যাপক নির্মল দাশকে একটি বই সম্পদনা করেছেন শতাব্দী দাস এবং দীপক কুমার দাঁ। এই বইটির নাম ‘বিশ্রুত ভাষাবিজ্ঞানী -অমৃতাভ-জ্ঞানতাপস অধ্যাপক নির্মল দাশ’। এই বইটিকে প্রবন্ধ লিকে সমৃদ্ধ করেছেন নীরেন্দ্রনাথ চক্রবর্তী, রামেশ্বর শ, করুণা সিন্ধু দাশ(প্রাক্তন উপাচার্য) , পল্লব সেনগুপ্ত, মিনাক্ষী সিংহ, গৌতম ঘোষ, শ্যামল কুমার দাশ, অলোক রায়, জয়তী মণ্ডলসহ আরও অনেকে। এই বইয়ের শুরুতে তাঁর কন্যা শতাব্দী দাশ ‘পিতৃতর্পণ’তে লিখেছেন, ‘প্রখ্যাত ভাষাত্ত্ববিদ অধ্যাপক নির্মলকুমার দাশ (১৪.০২.১৯৪০ - ০৪.০২.২০১৬) সম্পর্কে কিছু লিখতে যাওয়া আমার পক্ষে ধৃষ্টতা কারণ, তাঁর অগাধ পাণ্ডিত্য, অসাধারণ মেধা, দক্ষ প্রশাসক ও সংগঠক- এর কোনোটির ছিটেফোঁটা আমার মধ্যে বিদ্যমান নয়।

বাংলার তরুণ বিপ্লবী শহিদ গোপীনাথ সাহা

বিদ্রোহী কবি নজরুল ১৯২৪ সালের জানুয়ারি মাসে তাঁর পত্রিকা ‘ধূমকেতু’ একটি সম্পাদকীয়তে লিখলেন, “ ভিক্ষা দাও! পুরবাসী ভিক্ষা দাও! তোমাদের একটি সোনার ছেলে ভিক্ষা দাও। আমাদের এমন একটি ছেলে দাও যে বলবে আমি ঘরের নই, আমি পরের। আমি আমার নই, আমার দেশের।.ওরে তরুণ দল। একবার বুকে হাত দিয়ে বল দেখি একবারও নাগপাশ ছিঁড়ে ফেলতে ইচ্ছা হয়নি? একবারও কি জগদ্দল পাথর ঠেলে ফেলতে ইচ্ছা হয়নি। ওরে ওঠ, ওরে তোরা ওঠ, দূর করে দে জড়তা, ছিঁড়ে ফেলে দে বন্ধন। হৃদয় থেকে কোমলতা দূর করে দে। শয়তানের হিংসা নিয়ে শত্রুর পানে ছুটে চল। বিশ্বের গরল এনে প্রাণে ঢেলে দে। তোরা বিশ্বময় বিষ ছড়িয়ে দে, সুখের সংসার ছাই হয়ে যাক। অত্যচার। অত্যাচার। ঐ দেখ অত্যাচার তার ভীষণ মূর্তি ধরে বসেছে।..কে আছ বীর তার টুটি ধরে মারতে পারো। কে আছ দুঃসাহসী, তার সহস্র ফনা নিয়ে খেলতে পারো। কে আছ নাস্তিক, কে আছ হিংসুক, কে আছো বিদ্রোহী, এসো। কে আছ তরুণ, কে আছ পাগল, ভিক্ষা দাও, তোমার মাতাল প্রাণটি ভিক্ষা দাও।”

একটি ছেলে প্রায় সময়ে ধমূকেতু অফিসে এসে চুপ করে বসে থাকতেন খানিকক্ষণের জন্য। তারপর বের হয়ে যেতেন। প্রথবার যখন ধূমকেতু পত্রিকা অফিসে এসেছিলেন সেই সময়ে এই তরুণ বিপ্লবী বালকটি কবি নজরুল ইসলামকে দেখে নমস্কার করেছিলেন। নজরুল তাঁর নমস্কার গ্রহণ করেন। তিনি কিন্তু তখন বুঝতে পারেনি কী কারণে এই তরুণ বালকটি তাঁকে নমস্কার করে গেলেন। একটু আসছি বলে রাস্তায় বের হয়ে যেতেন। তারপরে আর ফিরতেন না। আবার তার পরদিন ধূমকেতু অফিসে এসে চুপ করে একটি চেয়াবে বসে থাকতেন। নজরুল এই ব্যাপারটা লক্ষ্য করেছিলেন। কিন্তু তিনি একবার জানতে পারেননি কী কারণে এই তরুণ বালকটি বারবার ধুমকেতু অফিসে আসছে। চুপ করে বসে থাকছে। আবার বের হয়ে যাচ্ছে। এই রকম প্রায় বেশ ক.কেদিন ধূমকেতু অফিসে এসে বসেছিলেন। প্রথমবার নজরুল তাকে যে রকম দেখে ছিলেন তারপরে তাঁর চেহারার পরিবর্তন হতে শুরু করলো। কোমল চোখ মুখ ক্রমশ ক্রমশ কঠিন থেকে কঠিনতর হতে শুরু করে দিয়েছে তরুণ বালকটির। নজরুল এহ তরুণ বালকটি নিয়ে সেই সময়ে বেশি মাথা ঘামাননি। কত ছেলে তো বিপ্লবী মন্ত্রে দীক্ষিত হয়ে দেশ উদ্ধার করার পরিকল্পনা গ্রহণ করে থাকে। তরুণ বয়সে উচ্ছ্বাস বলে ধরে নিয়েছিলেন নজরুল। প্রায় দিন পরে একটি খবর পেয়ে কবি খুবই বিচলিত হয়ে পড়লেন। তিনি খবর পেলেন যে কলকাতা পুলিশের কমিশনার টার্লস টেগার্টকে মারতে গিয়ে ভুল করে একজন নিরীহ সাবেহকে মেরে ফেলেছে। তাঁকে অনেকটা পুলিশ কর্তা চার্লস টেগার্টের মতো দেখতে ছিল। তার নাম ছিল আর্নেস্ট ডে। একজন ব্যবসায়ী। কলকাতার চৌরঙ্গী ব্যস্ততম স্থান। সেখানে গিয়ে গুলি করে হত্যা করার পরিকল্পনা গ্রহণ করেছিলেন এই তরুণ বিপ্লবী বালকটি। মাত্র ১৮ বছর বয়স। ১৯২০ দশকে বাংলার বিপ্লবীদের গুপ্ত হত্যার তালিকার শীর্ষে ছিলেন চার্লর্স টেগার্ট। ১৯০৬ সাল থেকে তিনি নবগঠিত গোয়েন্দা দফতরের প্রধান হিসাবে কাজ শুরু করেন। তবে তিনি ছিলেন প্রচণ্ড সাহসী। নির্ভীক পুলিশ অফিসার। ১৯২০ সালে তিনি আয়ারল্যাণ্ডেও কাজ করেছেন। ১৯২৬ সালে নাইট উপাধি লাভ করেন। প্রায় তিরিশ বছর ধরে কাজ করেছিলেন। চার্লস টেগার্টকে মারতে আরও বেশ কয়েকবার চেষ্টা করেছিল বিপ্লবীরা। ১৯৩০ সালে তাঁর গাড়ির ওপরে বোমা মেরেছিল। চালর্স টেগার্ট খুবই সতর্ক হয়ে পা ফেলতেন। তিনি যখন কোন পথ ধরে যাবেন তা আগাম কেউ জানতে পারতো না। তিনি যদি বলতেন দক্ষিণে যাব তাহলে তিনি পূর্ব দিকের পথ ধরে যেতেন। তার ফলে তাঁকে বিপ্লবীদের ধরা খুবই মুশকিল ছিল। ১৯১৫ সালে বালেশ্বরে বিপ্লবী বাঘা যতীন মুখোপাধ্যায়ের সঙ্গে সংঘর্ষ করে হত্যা করেছিলেন চালর্স টেগার্ট। বালেশ্বর যুদ্ধে চারজন বালক প্রাণপণ লড়াই করেছিলেন ইংরেজ সেনাদের বিরুদ্ধে। চৌরঙ্গীতে চার্লস টেগার্টকে হত্যার চেষ্টা করাকে কেন্দ্র করে কংগ্রেসের অহিংসা মতবাদে বিশ্বাসীদের মধ্যে মতপার্থক্য দেখা দিতে শুরু করে। সেই সময়ে কংগ্রেস দলের বহু অহিংসা পুজারিরা এই তরুণ বালককে সমর্থন করতে শুরু করে দিয়েছিলেন। দেশবন্ধু চিত্তরঞ্জন দাস তাদের মধ্যে একজন ছিলেন। কংগ্রেসে থেকে বিপ্লবীদের সমর্থন করা নিয়ে নেহরু এবং গান্ধির সঙ্গে মতপার্ক্য দেখা দিতে শুরু করে চিত্তরঞ্জন দাসের। মহাত্মা গান্ধি এই হত্যাকাণ্ডের চরম নিন্দা করেছিলেন। সুভাষচন্দ্র বোস এবং দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ বাংলার কংগ্রেস সদস্যরা কিন্তু গোপীনাথ সাহার পক্ষ অবলম্বন করেন। তার ফলে কংগ্রেসের নমরপন্থীদের দ্বারা চরমপন্থীরা নিন্দিত হতে থাকেন। ১৯০৫ সালে ৭ অক্টোবর গোপীনাথ সাহা জন্ম গ্রহণ করেন। পিতার নাম ছিল বিজয়কৃষ্ণ সাহা। মাতার নাম ছিল সুরবালা সাহা। স্বামীর আকস্মিক মৃত্য হলে নাবালক গোপীনাথকে বিজয়কৃষ্ণ সাহার পৈতৃত বাড়ি শ্রীরামপুরের অক্সফোর্ড স্ট্রীটে (আধুনা ক্ষেত্রমোহন সা স্ট্রিট) চলে আসেন। পোপীনাথ সাহারা ছিলেন চার ভাই। বড়জন শ্যামসুন্দর, মেজ মদনমোহন, গোপীনাথ এবং বিশ্বনাথ। গোপীনাথকে ইউনিয়ন ইন্সটিটিউশনে ভর্তি করে দেওয়া হল। কিন্তু স্কুলে ভর্তি করলে কী হবে তিনি বিপ্লবী কাজে অংশ গ্রহণ করতে এই ধরনীতে উপস্থিত হয়েছেন। (ক্রমশ)

সর্বদলীয় বৈঠকে ইমরানকে ডাকলেন শাহবাজ শরিফ

বর্তমানে পাকিস্তানের আর্থিক পরিস্থিতি সঙ্গিন। জানা গিয়েছে, সন্ত্রাসবাদ প্রতিরোধে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সর্বদলীয় বৈঠক ডাকা হয়েছে। এ বৈঠকে অংশ নিতে প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ও পাকিস্তান তেহরিক ই ইনসাফ (পিটিআই) দলের প্রধান ইমরান খানকে আমন্ত্রণ জানিয়েছেন। গত সোমবার জোহরের নামাজের সময় পাকিস্তানের পেশোয়ারে আঞ্চলিক পুলিশ সদর দপ্তরের ভেতরে মসজিদে আত্মঘাতী বোমা হামলার ঘটনা ঘটে। বিস্ফোরণে মসজিদ ভবনের একাংশ পুরোপুরি ধ্বংস হয়ে যায়। নিহত হন ৮০ জনের বেশি মুসল্লি।

পাকিস্তানের পেশোয়ার শহরে একটি মসজিদে আজ সোমবার জোহরের নামাজের সময় বিস্ফোরণের ঘটনা ঘটে। এ ঘটনার পর দেশটিতে সন্ত্রাসী হামলা প্রতিরোধে জাতীয় পর্যায়ের সব কটি রাজনৈতিক দলকে নিয়ে বৈঠক ডেকেছেন প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। সরকারি বিবৃতিতে দেওয়া তথ্যানুযায়ী, রাজধানী ইসলামাবাদে আগামী মঙ্গলবার সর্বদলীয় এ বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা। এ বিষয়ে পাকিস্তানের কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচারবিষয়ক মন্ত্রী মরিয়ম আওরঙ্গজেব সংবাদমাধ্যমকে জানান, আইন ও বিচারমন্ত্রী সরদার আয়াজ সাদিক প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের পক্ষে বৈঠকে অংশ নিতে সব রাজনৈতিক দলের নেতাদের কাছে আমন্ত্রণপত্র পৌঁছে দিয়েছেন। পিটিআইয়ের প্রতিনিধির কাছে ইমরান খানের আমন্ত্রণপত্র পৌঁছে দেওয়া হয়েছে। পিটিআইয়ের নেতা ও পার্লামেন্টের প্রাক্তন স্পিকার আসাদ কায়সার এবং প্রাক্তন প্রতিরক্ষামন্ত্রী পারভেজ খাট্রাক পিটিআইয়ের প্রধানের হয়ে আমন্ত্রণপত্র গ্রহণ করেছেন। মন্ত্রী মরিয়ম আওরঙ্গজেব জানান, সর্বদলীয় এ বৈঠকে শুধু সন্ত্রাসবাদ নিয়ে আলোচনা হবে। দেশে চলমান অর্থনৈতিক ও রাজনৈতিক অচলাবস্থা নিয়ে আলোচনা হবে না। তবে সরকার যাই বলুক না কেন, এই মুহুর্তে সরকারের কাছে সর্বদলীয় বৈঠকে পরিস্থিতি নিয় আলেচনা করা ছাড়া কোনও উপই নেই। তাই মনে করা হচ্ছে সরকার সবার সামনে সমস্যা নিয়ে বিস্তর আলোচনা করতেই এই ভাবে সবার সামন পরিস্থিতি নিয়ে হাজির হওয়ার পরিকল্পন করেছে। দেখার বিষয় এই নিয়ে প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খান কি বলেন। পোকিস্তানের পেশোয়ারে আঞ্চলিক পুলিশ সদর দপ্তরের ভেতরে মসজিদে আত্মঘাতী বোমা হামলাকারী ছিলেন পুলিশের পোশাকে। তাঁর মাথায় হেলমেট ছিল। গত বৃহস্পতিবার পুলিশপ্রধান এ তথ্য জানান। জোহরের নামাজের সময় এ বিস্ফোরণের ঘটনা ঘটে। এ সময় মসজিদটি মুসল্লিতে পূর্ণ ছিল। বিস্ফোরণে মসজিদ ভবনের একাংশ পুরোপুরি ধ্বংস হয়ে গেছে। সর্বশেষ তথ্যমতে এ ঘটনায় ৮৪ জন নিহত হয়েছেন। খাইবার পাখতুনখাওয়া প্রদেশের পুলিশ বাহিনীর প্রধান মোয়াজ্জাম জাহ আনসারি এক সংবাদ সম্মেলনে বলেন, ‘দায়িত্বে থাকা লোকজন তাঁকে (হামলাকারী) তল্লাশি করেননি কারণ, তিনি পুলিশের পোশাকে ছিলেন...এটি নিরাপত্তাজনিত একটি ত্রুটি।’ এই পুলিশ কর্মকর্তা জানান, সিসিটিভি টিভির ফুটেজ দেখে হামলাকারী কে, সে সম্পর্কে পুলিশ ‘মোটামুটি ধারণা’ পেয়েছে। হামলাকারীর একা হামলা চালানোর পরিকল্পনা ছিল না উল্লেখ করে আনসারি বলেন, তাঁর পেছনে একটি বড় নেটওয়ার্ক রয়েছে। পেশোয়ার শহরটি আফগানিস্তান সীমান্তসংলগ্ন। এটি পাকিস্তানের খাইবার পাখতুনখাওয়া প্রদেশের রাজধানী। শহরের সবচেয়ে নিরাপদ জায়গা হিসেবে বিবেচনা করা হয় পুলিশ লাইনসকে। পুলিশের এ আঞ্চলিক সদর দপ্তরে গোয়েন্দা বিভাগ, কাউন্টার টেররিজম ব্যুরো এবং এর পাশে প্রাদেশিক সরকারের সচিবালয়ের অবস্থান। এমন গুরুত্বপূর্ণ এলাকায় এত বড় ধরনের হামলা কীভাবে ঘটল, কর্তৃপক্ষ তা তদন্ত করছে। নাম প্রকাশ না করার শর্তে সিটি পুলিশের একজন জ্যেষ্ঠ কর্মকর্তা বলেছেন, কম্পাউন্ডের ভেতরে থাকা লোকজন হামলার ঘটনায় সমন্বয .করতে সহাযতা করেছিল কি না, তাও তদন্ত করে দেখছে কর্তৃপক্ষ। এ ঘটনায় এখন পর্যন্ত ২৩ জনকে আটক করা হয়েছে। বিশ্লেষকেরা বলছেন, আফগানিস্তান থেকে মার্কিন ও ন্যাটো সৈন্য প্রত্যাহার এবং তালেবান কাবুল দখল করার পর থেকে জঙ্গিদের দৌরাত্ম্য বাড়ছে। পাশাপাশি ইসলামাবাদ তাদের সীমান্ত সুরক্ষিত করতে ব্যর্থ হয়েছে।

সৌমিত্র সম্পর্কে আদালতে সুজাতার তোপ

অন্য মহিলার সঙ্গে সম্পর্ক

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ৩ ফেব্রুয়ারি ঃ সৌমিত্র খাঁর সঙ্গে সম্পর্ক নষ্টের পেছনে অন্যে এক নারী। শুক্রবার বাঁকুড়া জেলা আদালত চত্বরে দাঁড়িয়ে চাঞ্চল্যকর দাবি করলেন তৃণমূল নেত্রী সুজাতা মণ্ডল। সম্পর্কের মধ্যে সেই ফাটলের জেরেই বিবাহ বিচ্ছেদের মামলা উঠেছে আদালতে। সুজাতা বলছেন সম্পর্ক নষ্টের পেছনে ত্রিকোণ প্রেম। পাল্টা সৌমিত্রর সংক্ষিপ্ত মন্তব্য, জীবন থেমে থাকে না। শুক্রবার আদালত চত্বরে সাংসদ স্বামীর বিরুদ্ধে বিস্ফোরক মন্তব্য করেন সুজাতা। সুজাতার দাবি, স্বামী ও স্ত্রীর মধ্যে তৃতীয় নারীর প্রবেশ কোনও স্ত্রী মেনে নিতে পারে না। বিয়ের পর থেকেই তাঁর উপর অত্যাচার শুরু করে স্বামী, এমনটাই অভিযোগ সুজাতার। স্বামী বিবাহ বহির্ভূত সম্পর্কে জড়িয়ে পড়েছেন জানতে পারায় অত্যাচারের মাত্রা সীমা ছাড়ায়। আদালত চত্বরে সাংবাদিকদের সুজাতা মণ্ডল বলেন, মামলা চলছে। এনিয়ে বেশি কিছু বলতে পারব না। চাইব আপনারা একজন নারীর লড়াইয়ে পাশে থাকবেন। যা সত্যি সেটাই লিখুন। আমি থাকতে থাকতেই আমার স্বামী অন্য নারীকে নিয়ে ঘর বাঁধা শুরু করেছে। সুজাতার তোপ, ওঁর পেজে কীভাবে ডিভোর্সড লেখা থাকে? উনি নাকি সংবিধান প্রণেতা! যিনি ডিভোর্স না পেয়েও পেজে লিখে রাখেন ডিভোর্সড। আমি যখন দল ছেড়েছিলাম তখন ওর গ্লিসারিন দেওয়া কান্নায় অনেকেই ভুল ভেবেছিলেন। সেদিন আমি সব সহ্য করেছিলাম কারণ আমি বুঝেছিলাম আমাকে বাঁচতে হবে। আপনাদের সবার আশীর্বাদে আমি বেঁচে রয়েছি। আর আমি বাঁচলেই লড়াই করতে পারব। সুজাতা বলেন, আমি থাকতে থাকতেই অন্য এক নারীকে তিনি জীবনে জায়গা দিয়েছেন। যার জন্যই উনি ডিভোর্সের আবেদন করেছিলেন। আমি সেদিন ভেবেছিলাম উপরওয়ালা এর বিচার করবে। ওঁর পরিবারের অত্যাচার বহু বছর সহ্য করেছি। তাঁর দিদির বিয়ের আগে তাঁর ব্যক্তিগত সম্পর্কের কথা জেনে যাওয়ায় আমার উপরে অকথ্য নির্যাতন শুরু হয়। ভেবেছিলাম স্বামীর জন্য সবকিছুই সহ্য করা করা যায়। সেভাবেই ছিলাম। কিন্তু তিনি অনেকদিন আগে থেকেই অন্য এক নারীকে নিজের জীবনে স্থান দিয়ে ফেলেছেন। তিনি শিলিগুড়ির বিজেপির জেলা সভাপতির স্ত্রীর সঙ্গে তিনি সম্পর্কে জড়িয়েছিলেন। অন্যদিকে, সুজাতা মণ্ডলের অভিযোগ নিয়ে সৌমিত্র খাঁ বলেন, জীবন থেমে থাকে না। জীবন বয়ে যায় নদীর জলের মতো। কারা কী অভিযোগ রয়েছে তা আমার দেখে লাভ নেই। পার্সোনাল বিষয় নিয়ে কে কী বলল তাতে কিছু যায় আসে না। বিষ্ণুপুর লোকসভা নিয়ে কাজ করছি। এটাই আসল কথা। উল্লেখ্য, ২০১৬ সালের ১ জুলাই বড়জোড়ার বাসিন্দা সুজাতা মণ্ডলকে বিয়ে করেন বিষ্ণুপুরের তৎকালীন তৃণমূল সাংসদ সৌমিত্র খাঁ। ২০১৯ সালের লোকসভা নির্বাচনের আগে তৃণমূল ছেড়ে সৌমিত্র বিজেপিতে যোগ দেন। ২০১৯ সালে আদালতের নিষেধাজ্ঞায় বিষ্ণুপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী সৌমিত্র নিজের নির্বাচনী কেন্দ্রে প্রচারে নামতে পারেননি। সেই সময় সুজাতা স্বামীর হয়ে প্রচারে নামেন। ২০১৯ সালে সুজাতার কাঁধে ভর করেই নির্বাচনী বৈতরণী পার করেন সৌমিত্র। নির্বাচনে জয়ের পরই ধীরে ধীরে স্বামী ও স্ত্রীর মধ্যে দূরত্ব বাড়তে থাকে। ২০২০ সালে দুজনে আলাদা থাকতে শুরু করেন। এরপর সৌমিত্র সুজাতার বিবাহ বিচ্ছেদের মামলা গড়ায় আদালতে। আজ সেই মামলার শুনানিতেই হাজির হন বাঁকুড়া জেলা আদালতে।

চোর ধরতে পঞ্চায়েতজুড়ে ক্যামেরা

দুরন্ত বার্তা, মালদা, ৩ ফেব্রুয়ারি ঃ এলাকায় ক্রমশ বাড়ছে চোরের উপদ্রব। তাই চোর ধরতে গোটা চত্বরজুড়ে সিসি ক্যামেরা বসানোর উদ্যোগ নিল পঞ্চায়েত কর্তৃপক্ষ। হবিবপুর ব্লকের বুলবুলচন্ডী গ্রাম পঞ্চায়েত এলাকায় সংশ্লিষ্ট পঞ্চায়েত কর্তৃপক্ষ ইতিমধ্যে ৩২টি সিসি ক্যামেরা বিভিন্ন জায়গায় বসানোর ব্যবস্থা করেছে। হবিবপুর থানার পুলিশের সহযোগিতা নিয়ে এই সিসি ক্যামেরা বসানো হয়েছে বলে জানিয়েছে পঞ্চায়েত কর্তৃপক্ষ। যা সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট থানা এবং গ্রাম পঞ্চায়েত অফিস থেকে মনিটরিং করা হবে বলে জানানো হয়েছে। এর ফলে বুলবুলচন্ডী গ্রাম পঞ্চায়েত এলাকায় চুরির মতো অপরাধ অনেকটাই কমে যাবে বলেও মনে করছে স্থানীয় পুলিশ ও পঞ্চায়েত কর্তৃপক্ষ। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, দীর্ঘদিন ধরেই হবিবপুর ব্লকের মূল শহর বুলবুলচন্ডী এলাকায় ব্যাপক হারে চুরি, কেপমারির ঘটনা বেড়ে গিয়েছিল। বিভিন্ন মহল থেকেও এই ধরনের অপরাধের বিষয় নিয়ে পুলিশে অভিযোগ দায়ের করা হয়। তারপরও তুলনামূলকভাবে চুরির ঘটনা কমে নি বলে দাবি স্থানীয় বাসিন্দাদের। সেই দিকে লক্ষ্য রেখেই বুলবুলচণ্ডী গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষ তাদের এলাকা জুড়েই সিসি ক্যামেরা বসানোর প্রয়োজনীয় উদ্যোগ নিয়েছে। বুলবুলচন্ডী ব্যবসায়ী সমিতির সদস্য পীযূষ মন্ডল জানিয়েছেন, যেভাবে এলাকায় চুরির ঘটনা বাড়ছিল, তা নিয়ে আমরা রীতিমতো আতঙ্কে ছিলাম। কিন্তু স্থানীয় গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষ বিভিন্ন এলাকার মোড়গুলিতে সিসি ক্যামেরা বসানোর ব্যবস্থা করেছে। এই উদ্যোগকে আমরা সাধুবাদ জানিয়েছি। এর ফলে এলাকায় চুরি, ছিনতাই, কেপমারির মতো ঘটনা অনেকটাই কমে যাবে। সাধারণ ব্যবসায়ীরাও যেমন নির্বিঘ্নে নিজেদের ব্যবসা করতে পারবেন। ঠিক এরকমই রাতবিরেতে সাধারণ মানুষও চলাচল করতে সমস্যায় পড়বেন না। সিসিক্যামেরা থাকলে অপরাধ অনেকটাই কমে যাওয়ার আশা করছি আমরা। বুলবুল চন্ডী গ্রাম পঞ্চায়েত প্রধান সমীর সাহা জানিয়েছেন, দীর্ঘদিন ধরেই এলাকায় এই ধরনের অপরাধের অভিযোগ উঠছিল। সেই দিকে লক্ষ্য রেখে পুলিশ ও প্রশাসনের সাহায্য নিয়েই পঞ্চায়েত থেকে ৩২টি সিসি ক্যামেরা বসানো হয়েছে। যা সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট পঞ্চায়েত থেকে মনিটরিং করা হবে। স্থানীয় থানা কর্তৃপক্ষ এবিষয়ে নজরদারি রাখবে। এর ফলে এলাকায় অনেকটাই অপরাধ কমবে বলে আমরা মনে করছি।

পরিবেশ রক্ষার বার্তা নিয়ে সাইক্লোথন

সুজিত দত্ত, পূর্ব বর্ধমান, ৩ ফেব্রুয়ারি ঃ সারা বিশ্বের কাছে গ্লোবাল ওয়ার্মিং বা বিশ্ব উষ্ণায়ন বর্তমানে একটা জ্বলন্ত সমস্যা। এর ফলে যেমন জলবায়ুর অস্বাভাবিক পরিবর্তনে সংকটের মুখে পড়েছে আমাদের প্রাকৃতিক পরিবেশ। গ্লোবাল ওয়ার্মিং-এর অন্যতম কারনের মধ্যে খনিজ তেল দ্বারা মোটর চালিত যানবাহন তাদের মধ্যে অন্যতম। তাই জলবায়ুর অস্বাভাবিক পরিবর্তন রোধ এবং প্রাকৃতিক পরিবেশ রক্ষার বার্তা দিতে পূর্ব বর্ধমানের জামালপুর ব্লকের সাদিপুর গ্রামে আয়োজিত হল সাইক্লোথন বা সাইকেল ম্যারাথন। পূর্ব বর্ধমান সাইক্লিং ক্লাবের উদ্যোগে এবং সাদিপুর অ্যাথেলেটিক ক্লাবের সহযোগিতায় আয়োজিত এই সাইকেল ম্যারাথনে অংশগ্রহন করেন সাদিপুর গ্রামের শিশু, যুবক থেকে মধ্যবয়স্করাও। এই সাইকেল ম্যারাথনে অংশগ্রহন করেন সার্থক মিত্র, রোহিত মোহন মিত্র, সৈকত ব্যানার্জী, শুভাশীষ মিত্র, মলয় সিংহ, পরিমল ব্যানার্জী, বিশ্বজিৎ সিংহ, সৌম্যজিৎ সিংহ, স্বপ্ননীল দত্ত সহ অন্যান্যরা। সাদিপুর অ্যাথেলেটিক ক্লাবের সম্পাদক মলয় সিংহ জানিয়েছেন, সাদিপুর অ্যাথেলেটিক ক্লাব সারা বছরই বিভিন্ন ধরনের সাংস্কৃতিক ও সমাজসেবামূলক কাজে অংশগ্রহন করে। যাতায়াতের অন্যতম মাধ্যম হিসাবে সাইকেল শুধু পরিবেশ রক্ষা করে না, শরীরের ফিটনেসও বজায় রাখে। তাই স্বল্প দূরত্ব অতিক্রম করতে সাইকেল ব্যবহার করা উচিত সববয়সী মানুষের। উল্লেখ্য, সাইকেল ম্যারাথনকে 'মুভ ফর আর্থ' বা পৃথিবীর জন্য যাত্রা নামে অভিহিত করে পূর্ব বর্ধমানের বিভিন্ন ব্লকে আগামি তিন দিন ধরে আয়োজন করা হবে বলে জানা গেছে। এদিন মেমারি ১ নং ব্লকের পাল্লা রোড উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের নিয়েও এই সাইক্লোথন আয়োজিত হয়। আয়োজকরা ছাড়াও সুইচ অন ক্লাব ও বর্ধমান নেহেরু যুব কেন্দ্রের সহযোগী সংগঠন পাল্লারোড পল্লীমঙ্গল সমিতির সদস্যরাও এদিন যোগ দেয় এই সাইক্লোথনে। পরিবেশ রক্ষার জন্য সাইকেল ম্যারাথনের আয়োজনকে সাধুবাদ জানিয়েছেন পরিবেশবিদরাও।

১৪ দিনের জেল হেফাজতে অনুব্রত

দুরন্ত বার্তা, আসানসোল, ৩ ফেব্রুয়ারি ঃ গরু পাচার মামলায় আগামী ১৪ দিনের জন্য ফের জেল হেফাজতে থাকতে হবে বীরভূমের তৃণমূল নেতা অনুব্রত মণ্ডলকে । শুক্রবার আসানসোল জেলা আদালতে তাঁকে পেশ করা হয়। এদিন অনুব্রতর জামিনের আবেদনই করেননি তাঁর আইনজীবী। ফলে ফের ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত ফের জেল হেফাজতের নির্দেশ দেন বিচারক। ওই দিনই পরবর্তী শুনানি। প্রসঙ্গত, এর আগে গত ১৯ জানুয়ারি অনুব্রত মণ্ডলকে তোলা হয়েছিল আদালতে। সেদিন সিবিআই আইনজীবী বিচারকের কাছে দাবি করেছিলেন আরও বেনামি অ্যাকাউন্টের হদিশ মিলেছে। বীরভূমের কো-অপারেটিভ ব্যাঙ্কের ১৭৭টি বেনামি অ্যাকাউন্টের কথা জানা গিয়েছিল আগেই। তারপর আরও ৫৪টি বেনামি অ্যাকাউন্টের হদিশ মিলেছে। এমনই তথ্য তুলে ধরা হয়েছিল বিচারকের কাছে। সিবিআইয়ের আইনজীবী জানিয়েছিলেন, ওইগুলি সব বাফার অ্যাকাউন্ট। ওই অ্যাকাউন্টগুলির মাধ্যমে ঘুরপথে কোটি কোটি টাকা অনুব্রত এবং তাঁর মেয়ে সুকন্যা মণ্ডল লেনদেন করেছেন। তবে সেদিনের পর ফের সিবিআই তল্লাশি চালিয়ে আরও ১৫০টি নতুন অ্যাকাউন্টের হদিশ পায়। অর্থাৎ মোট ৩৩০টি ভুয়ো অ্যাকাউন্টের হদিশ মিলেছে। এদিন এই সমস্ত তথ্য তুলে ধরা হয় বিচারকের কাছে। সিবিআই সমস্ত তথ্য পেশ করেন। বিচারকও বেশ কিছু প্রশ্ন করেন। শুক্রবার দিনের প্রথমার্ধে অনুব্রত মণ্ডলকে আদালতে পেশ করার সময়ে তাঁকে বেশ অসুস্থ লাগছিল।

তৃণমূলের মনোনয়ন

দুরন্ত বার্তা, বহরমপুর, ৩ ফেব্রুয়ারি ঃ শুক্রবার বহরমপুর জেলা প্রশাসন ভবনে আসন্ন সাগরদিঘি বিধানসভা উপনির্বাচনের জন্য তৃণমূল কংগ্রেস প্রার্থী হিসাবে দেবাশীষ ব্যানার্জি মনোনয়নপত্র জমা দিয়েছেন। তৃণমূল প্রার্থী দেবাশীষ বন্দ্যোপাধ্যায় বর্ণাঢ্য মিছিল নিয়ে মনোনয়ন জমা দিতে এসেছিলেন। তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন জঙ্গিপুরের সাংসদ খলিলুর রহমান, প্রতিমন্ত্রী আকরুজ্জামান, বহরমপুরের পৌরপ্রধান নন্দগোপাল মুখার্জি এবং জেলার একাধিক তৃণমূল বিধায়ক। উল্লেখ্য, সাগরদিঘি আসনের তিন বারের বিধায়ক সুব্রত সাহা ২৯ ডিসেম্বর হৃদরোগে মারা যান।

Bidhannagar Municipal Corporation

i) NIT No. 495/PWD/ROAD/BMC, Dt - 03.02.2023
e-Tender has been invited for Construction of Drain and Improvement of Road at different location of ward no. 1, 4, 15, 18, 19, 20, 22, 25, 26 under BMC.
For details, please follow Tender Id 2023_MAD_465949_1 to 16 in www.wbtenders.gov.in Office Notice Board.
Last date of Bid submission - 18.02.2023 up to 3:00 p.m.

Executive Engineer
Bidhannagar Municipal Corporation

Notice

Notice hereby given to the public at large that I Dhiraj Sharma, intend to purchase a property situated at Lalit Sadan Premises No 29 Talpukur Road Sarsuna Kolkata - 700061 from its present owner Rajendra Nath Mitra. All persons, are having any objection, claim, interest, dispute, demand, against or in respect of the said property kindly contact the below person with documents in support of any claim within 7 days and thereafter no claims/ demand/objection shallbe entertained and the sale transaction with the owner shall be proceeded.

Sd/- Advocate
Prasanta Biswas
contact no 9748690097

SUSUNIA GRAM PANCHAYAT
Monteswar Panchayat Samity
Vill-Panbaraya, PO-Susunia,
Dist-Purba Bardhaman
E-Tender Notice
NIT No-36/SUSU/2023 dt-01/02/2023
37/SUSU/2023 dt-01/02/2023
38/SUSU/2023 dt-01/02/2023
Online Bids are invited for the year 2022-23 from the bonafide contractors for Listed Works under 15th FC (Tied) & 15th FC (Untied). Last Date of Paper Submission **03-02-2023.** For details information contact.
Sd/- Prodhan
SUSUNIA GRAM PANCHAYAT

Office of The Baragram Gram Panchayat
At+PO-Baragram, PS-Joypur, Dist-Purulia
Notice Inviting e-Tender
Pradhan, Baragram GP has invited 4 nos. e-Tender of various schemes on **02/02/23.** For details contact Baragram GP Office/ **www.wbtenders.gov.in**
Sd/- Pradhan
Baragram GP
Joypur Dev Block, Purulia

প্রশ্নের মুখে দিদির দূত চেয়ারম্যান

দুরন্ত বার্তা, কোচবিহার, ৩ ফেব্রুয়ারি ঃ দিদির দূত কর্মসূচিতে গিয়ে প্রশ্নের মুখে কোচবিহার পৌরসভার চেয়ারম্যান তথা প্রাক্তন মন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষ। বিভিন্ন দুর্নীতির সঙ্গে যুক্ত তৃণমূল কংগ্রেসের রাজ্য নেতৃত্ব। এবার সেই দুর্নীতি নিয়ে সরাসরি রবীন্দ্রনাথ ঘোষকে প্রশ্নের মুখে পড়তে হলো দিদির দূত কর্মসূচিতে গিয়ে। শুক্রবার কোচবিহার পৌরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ কোচবিহার ১ নম্বর ব্লকের ফলিমারী গ্রাম পঞ্চায়েতের দেওয়ানবাগ এলাকায় যান। সেখানে গিয়ে সাধারণ মানুষের সঙ্গে কথা বলার সময় সাধারণ মানুষের প্রশ্নের মুখে পড়তে হয় রবীন্দ্রনাথ ঘোষকে। দিদির দূত কর্মসূচিতে উপস্থিত এক ব্যক্তি রবীন্দ্রনাথ ঘোষকে উদ্দেশ্য করে বলেন, গ্রামে গঞ্জে আলোচনা হচ্ছে খুব শীঘ্রই বন্ধ হতে চলেছে লক্ষীর ভান্ডারের টাকা। কারণ পার্থ চট্টোপাধ্যায়, অনুব্রত মণ্ডলরা সব টাকা চুরি করেছে। স্বাভাবিকভাবেই সাধারণ মানুষের এই প্রশ্নের মুখে পড়ে অপ্রস্তুত হয়ে পড়েন রবীন্দ্রনাথ ঘোষ। যদিও বিষয়টিকে স্বাভাবিক করতে গিয়ে তিনি বলেন, যারা চুরি করছে তাদের জেল হচ্ছে, ফাঁসি হচ্ছে। সেই বিষয়টি তারা বুঝবে, আপনারা সরকারি সুযোগ-সুবিধা পাচ্ছেন কিনা সেটা বড় কথা। দিদির দূত কর্মসূচি শেষে রবীন্দ্রনাথ ঘোষ বলেন, যে যেমন কাজ করবে তার তেমন শাস্তি হবে। কেউ আইন বিরোধী কাজ করলে তার শাস্তি হবে। তিনি বলেন এসব বিষয় পঞ্চায়েত নির্বাচনে কোন প্রভাব পড়বে না। মানুষ দেখবে তারা কী সুযোগ-সুবিধা পাচ্ছে। মানুষ দেখবে মমতা বন্দ্যোপাধ্যায় তাদের কি কি পরিষেবা দিচ্ছে। কোচবিহারের মানুষ দু'বার বেলতলায় গিয়েছে, আর যাবে না। গত লোকসভা নির্বাচন এবং বিধানসভা নির্বাচনে যারা এখান থেকে জয়লাভ করেছে বর্তমানে তাদের দেখা পাচ্ছে না সাধারণ মানুষ। তাই মানুষ আর ভুল করবে না। বিজেপির জেলা সভাপতি সুকুমার রায় বলেন, দিদির দূত কর্মসূচিতে তৃণমূল নেতারা যেখানে যাচ্ছে সাধারণ মানুষের বিক্ষোভের মুখে পড়ছে। তৃণমূল কংগ্রেস দুর্নীতিতে ভরা। তাই সাধারণ মানুষ প্রশ্ন করবেই। আর সাধারণ মানুষের প্রশ্নের মুখে পড়ে পালিয়ে আসছে তৃণমূলে নেতারা।

মেলায় ব্রাত্য স্থানীয় সাংসদ ও বিধায়ক

দুরন্ত বার্তা, পূর্ব মেদিনীপুর, ৩ ফেব্রুয়ারি ঃ সরকারি উদ্যোগে শুক্রবার থেকে শুরু হচ্ছে হলদিয়া মেলা। ডাক মিলল না স্থানীয় সাংসদ ও স্থানীয় বিধায়কের। যা নিয়ে রাজনৈতিক তরজা শুরু হয়েছে পূর্ব মেদিনীপুরে। বিরোধীদের বক্তব্য, সরকারি অনুষ্ঠানে বিরোধী দলের জনপ্রতিনিধিদের 'ব্রাত্য' রাখা বর্তমান শাসকদলের সংস্কৃতি। হলদিয়া মেলার অনুষ্ঠানে না ডাকা তার আরও এক প্রমাণ। কিন্তু ডাক পান নি হলদিয়ার বিজেপি বিধায়ক তাপসী মণ্ডল। শুধু তাই নয়, হলদিয়া যে লোকসভা কেন্দ্রের মধ্যে পড়ে, সেই তমলুকের সাংসদ দিব্যেন্দু অধিকারীও 'ব্রাত্য'। খাতায়-কলমে তৃণমূলের সাংসদ হলেও ডাকা হয়নি দিব্যেন্দুকে। হলদিয়া মেলায় না ডাকা নিয়ে দিব্যেন্দু বলেন, ওদের থেকে আমি কিছু আশা করি না। তমলুকের সাংসদ জানান, তাঁকে আমন্ত্রণ জানানো হয়নি। যদিও আমজনতা হিসাবেই তিনি মেলায় যাবেন বলে জানিয়েছেন দিব্যেন্দু। তাঁর কথায়, ওদের হয়তো মনে হয়েছে, আমি গেলে ওদের সমস্যা হতে পারে। তাই আমায় ডাকেনি। এ নিয়ে আমার কোনও দুঃখ নেই।

উত্তর মধ্য রেলওয়ে

ই-প্রোকিওরমেন্ট টেন্ডার নোটিস নং-২৩/০৯ তারিখ ৩১.০১.২০২৩

ভারতের রাষ্ট্রপতির পক্ষে, **প্রিন্সিপাল চিফ মেটিরিয়ালস ম্যানেজার, উত্তর মধ্য রেলওয়ে, প্রয়াগরাজ, (একটি আইএসও ৯০০১ঃ২০১৫ শংসাপত্রপ্রাপক ইউনিট)** আহ্বান করছেন নিম্নলিখিত ই-প্রোকিওরমেন্ট টেন্ডার।

ক্র. নং.	টেন্ডার নং.	ক্ষুদ্র বিবরণ	পরিমান	টেন্ডার খোলার তারিখ
১	৮০২২৫০৪২এ	বল বিয়ারিং	১৭২টি	২৭.০২.২০২৩
২	৮০২২৫০৪৬এ	সিলিন্ডারিক্যাল রোলার বিয়ারিং সেট	৪৪ সেট	২৭.০২.২০২৩
৩	৮০২২৫০৪৭এ	এক্সিয়াল থ্রাস্ট বিয়ারিং	২৩৬টি	২৭.০২.২০২৩
৪	৮০২২৫০৪৮এ	রোকার বিয়ারিং	৭৩৬টি	২৭.০২.২০২৩
৫	৩০২৩২৮৭১	রাউন্ড প্লেট বন্ডেড সঙ্গে স্টপার স্প্রিং	৭১৫০টি	২২.০২.২০২৩
৬	৮০২২১০৬৫ (ইআরএ কেস)	ডিসলভ অ্যক্টিলিনি গ্যাস	৩৮৩৫০৮ কাম	২২.০২.২০২৩

দ্রষ্টব্য ঃ ১. সম্পূর্ন বিস্তারিত তথ্যাবলী উপরোক্ত টেন্ডারের দেখা যাবে এবং ডাউনলোড করা যাবে আইআরইপিএস ওয়েবসাইট থেকে -**https://www.ireps.gov.in**।

158/23 (ADM)

North central railways www.ncr.indianrailways.gov.in @northcentralrailway @CPRONCR

Office of The Bishnupur-I Panchayet Samity
Bhasa, South 24 Parganas
NIeT No: WB/BISHNUPUR-I/EO/NIT-35(01)/22-23,
Dated: 02.02.2023
E-tenders are hereby invited by the under signed details of which as noted below, 2. **Tender ID 2023_ZPHD_465072_1.** Supplying Installation and Setting up of IP Based Video Conferencing System under Bishnupur-I Panchayat Samity. Last date of bid submission: 13.02.2023, Details available from the web site **http://wbtenders.gov.in**
Sd/- Executive Officer
Bishnupur-I Panchayet Samity
Bhasa, South 24 Parganas

Hooghly Chinsurah Municipality
Mahendra Mitra Road, Pipulpati,
PO & Dist.-Hooghly, West Bengal, India
Tel.: 2680-2899/2319, Tele Fax: 2680-6091
SHORT TENDER NOTICE
Tender Notice No : 528/HD-HC/HCM Date : 03-02-2023
Sealed Tenders are invited from interested person or organization to take 2 nos. Road roller on monthly rental basis. Tender will be received up to **10/02/2023 at 2 P.M.** For more details please visit the website of this Municipality i.e. **http://hcm.net.in**
Sd/- Chairman
Hooghly Chinsurah Municipality

BANUPUR-1 GRAM PANCHAYAT
Post: Banipur, P.S.: Sankrail, Dist: Howrah
Email: banupur1gp@gmail.com
Sealed Tender is invited by the Prodhan, Banupur-1 Gram Panchayat for Total 3 (Three) Nos. works. Sl. No. **(1) NIeT No- Banu-1/eNIT-01/2022-23,** Construction of PCC Road from H/o Shah Alam to Gents Bathroom at Sangsad, **(2) NIeT No- Banu-1/eNIT-02/2022-23,** Construction of PCC Road from H/o Rampada Malick to H/o Joydeb Dhara at Sangsad I, **(3) NIeT No- Banu-1/eNIT-03/2022-23,** Construction of New Urinal near H/o Asgar and Golden Star Club at Sangsad VI. Last date and time of Tender submission(online) on **08.02.2023 at 10.00 A.M.** Date of opening of Tender(online) on **10.02.2023 at 10.00 A.M.** For further details please visit website: **https://wbtender.gov.in**
Sd/- Prodhan
Banupur 1 G.P.

Office of The Shyamsundarpur Gram Panchayat
(under Raipur P.S)
Dudhya*Barikul*Bankura
NOTICE INVITING e-TENDER
No-03/15 th CFC(Untied)/2022-23, Dt.-03/02/2023(1 nos. work)
No-04/15 th CFC(Untied)/2022-23, Dt.-03/02/2023(2 nos. work)
No-05/15 th CFC(Untied)/2022-23, Dt.-03/02/2023(1 nos. work)
Ref. Memo No.-49,50,51 Dt.-03.02.2023
Tender are invited by the Pradhan, Shyamsundarpur Gram Panchayat for 04(Four) works. Date of closing of submission of Technical Bid & Financial Bid **13.02.2023 up to 6 p.m.** For details contact office of the undersigned or visit **https://wbtenders.gov.in**
Sd/- Pradhan
Shyamsundarpur Gram Panchayat

"Undersigned invites **E-NIT No.- 103/DNK -PS/2022-23** for some civil works under Executive officer, Dhaniakhali Panchayat samity . Last date of bid submission through online at e- procurement link **https://wbtenders.gov.in** on **24.02.2023 up to 5.00 PM.** Details can be seen at **www.hooghly.nic.in** or at the office of undersigned in any working days within office hour."
Sd/-EXECUTIVE OFFICER
DHANIAKHALI PANCHAYAT SAMITY
DHANIAKHALI, HOOGHLY

Office of The Beldih Gram Panchayat
At-Juradih, PO-Tumbajhalda, PS-Arsha, Dist-Purulia
Notice Inviting E-Tender No.-02(E)/BGP/2022-23/15th CFC
For and on behalf of the Beldih Gram Panchyat Authority, the Pradhan Beldih Gram Panchyat, tenders are invited. Bid submission (online) starting from **03/02/2023 at 17.00 Hrs.** Bid submission closing (online) on **10/02/2023 up to 17:00 Hrs.** Time and Date of Opening of Bid(Online): **13/02/2023 at 13:00 Hrs.** For details please visit website **www.wbtenders.gov.in** or office of the undersigned.
Sd/- Pradhan
Beldih Gram Panchayat

Office of the Pradhan
Polgustia Gram Panchayat
Under Jagatballavpur Development Block, Dist-Howrah
Invited E-Tender Notice: **1) NIT No:-007/POL/E-TENDER/15 th CFC(UNTIED)/2022-23.** Sl. No:-01, Dated:-**01/02/2023.** Bid submission date: **02/02/2023 to 3.00 PM** and End of Bid submission:- **08/02/2023 at 3.45 PM. 2) 008/POL/E-TENDER/15 th CFC(TIED)/2022-23.** Sl. No:-01, Dated:-**01/02/2023.** Bid submission date: **02/02/2023 to 3.20 PM** and End of Bid submission:- **08/02/2023 at 3.50 PM. 3) 009/E-TENDER/15 th CGF(UNTIED)/2022-23.** Sl. No:-01, Dated:-**01/02/2023.** Bid submission date: **02/02/2023 to 3.30 PM** and End of Bid submission:- **08/02/2023 at 3.30 PM. 4) 010/POL/E-TENDER/15 th CGF(UNTIED)/2022-23.** Sl. No:-01, Dated:-**01/02/2023.** Bid submission date: **02/02/2023 to 3.00 PM** and End of Bid submission: **08/02/2023 at 4.00 PM. 5) 011/POL/E- TENDER/15 th CFC (UNTIED)/2022-23.** Sl. No:-01, Dated:-**01/02/2023 to 2.45 PM** and End of Bid submission:- **08/02/2023 at 3.20 PM** and The Details tender notice along with Tender Documents and others Forms is available at **http://wbtender.gov.in.**
Sd/- Prodhan
Polgustia Gram Panchayat
Polgustia, Howrah

The Assistant Engineer, PWD Hooghly Construction Sub Division No II, Arambagh, Hooghly invites Tender vide **NIT No.-07/Sub-II of 2022-23** for 01(One)No work from bonafied resourceful agency having technical and financial capability of performing the job. The details will be available in the office notice board and from office within office hour. Last date of application - **10.02.2023.** Last date of receiving tender paper – **13.02.2023.**
Sd/- A. De
Assistant Engineer (PWD)
Hooghly Construction Sub Division No-II
Arambagh, Hooghly

পাবলিক নোটিস
রুপা অ্যান্ড কোম্পানি লিমিটেড
ঠিকানা ঃ ১ হো চি মিন সরণী
মেট্রো টাওয়ার ৮ম ফ্লোর কলকাতা ৭০০০৭১
এতদ্বারা সূচিত করা যায় যে শেয়ার শংসাপত্র নং. ১০৬ সঙ্গে স্বতন্ত্র নং. ৫৫৬৮১১-৫৬৮৮১০ যার ফোলিও নং. জি০০০৪৪ নথিবদ্ধ রয়েছে গরিমা কনসালট্যান্ট প্রা. লি. নামে যা হারিয়ে গেছে এবং কোম্পানি আবেদন পেয়েছে নকল শেয়ার শংসাপত্র জারি করার। যদি কোন আগ্রহী ব্যক্তির তরফে কোন আপত্তি না আসে কোম্পানির রেজিস্টার অফিসের ঠিকানায় মাহেশ্বরী ডাটামেটিকস প্রা.লি., ২৩ আর.এন. মুখার্জি রোড, কলকাতা ৭০০০০১, এই বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে তাহলে আবেদনকারীকে নকল শেয়ার শংসাপত্র প্রদানের প্রক্রিয়া শুরু করা হবে।

ফাউন্ড্রি ফুয়েল প্রোডাক্টস লিমিটেড
রেজি.অফিসঃ ৭সি, আচার্য জগদীশ চন্দ্র বোস রোড,থানা-শেক্সপিয়ার সরণি, কলকাতা-৭০০০১৭
টেলি.নং-০৩৩ ৪০৬৬ ৮০৭২,
ওয়েবসাইট-www.foundryfuel.in
ই-মেল আইডি- foundryfuel@gmail.com
CIN: L50500WB1964PLC026053
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে অনুসারী ধারা ২৯(১)(এ) ও ৪৭(১)(এ) এর সাথে পড়তে হইবে ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশানস অ্যান্ড ডিসক্লোসার রিকোয়ারমেন্ট) ধারা, ২০১৫ অনুসারে কোম্পানির বোর্ডের পরিচালনবর্গের একটি সাধারণ সভা অনুষ্ঠিত হবে ৮৪ মেকার চেম্বার-৩, নরিম্যান পয়েন্ট, মুম্বাই-৪০০০২১ সোমবার, ১৩ ফেব্রুয়ারি, ২০২৩ বেলা ০২.০০ ঘটিকায় ইন্টার আলিয়া, বিবেচনা, অনুমোদন এবং রেকর্ড গ্রহন অ-নিরীক্ষিত আর্থিক ফলাফল ত্রৈমাসিক সমাপ্তে ৩১.১২.২০২২।
এই তথ্য জানা যাবে কোম্পানির ওয়েবসাইটে-www.foundryfuel.in এবং পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইটে-www.bseindia.com ।
বোর্ডের আদেশানুসারে
ফাউন্ড্রি ফুয়েল প্রোডাক্টস লিমিটেড-এর পক্ষে
স্বা /-
(সুনীল বিশ্বম্ভরণ)
পরিচালক
স্থানঃ কলকাতা
তারিখ ঃ ০৩.০২.২০২৩ DIN: 02831247

ইয়াশমান দীপক লিমিটেড
Corporate Identity Number: L67120WB1975PLC029901
রেজিস্টার অফিস ঃ ২য় ফ্লোর ৬৭/৪৯, স্ট্র্যান্ড রোড, পোস্তা, কলকাতা-৭০০০০৭
ই-মেল ঃ **yashmandeepakltd@gmail.com**
ওয়েবসাইট ঃ **www.yashmandeepak.com**
যোগাযোগ নং. ৯৮৩৯০৩৪৪৪২
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে অনুসারী ধারা ২৯সঙ্গে পড়তে হবে ধারা ৪৭ সেবি (লিস্টিং অব্লিগেশান্স এবং ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ অনুসারে বোর্ডের পরিচালনবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে সোমবার, ১৩ ফেব্রুয়ারি, ২০২৩ কোম্পানির প্রশাসনিক অফিসে ৪৯ মিগ, রতনলাল নগর, কানপুর-২০৮০২২, বেলা ৩.০০ ঘটিকায় বিবেচনা এবং অনুমোদন অনিরীক্ষিত আর্থিক ফলাফল কোম্পানির ত্রৈমাসিক শেষে ৩১ ডিসেম্বর, ২০২২।
বোর্ডের আদেশানুসারে
ইয়াশমান দীপক লিমিটেড
স্বা /- (সুপ্রিত কউর)
কোম্পানি সচিব
সদস্যপদ নং. এ৪৬২৬৭
তারিখ ঃ ০৩.০২.২০২৩
স্থান ঃ কানপুর

AUCKLAND INTERNATIONAL LIMITED
CIN- L36934WB1977PLC031184
Regd. Office : P.O.Jagatdal, 24 Parganas (North), West Bengal-743125
Phones: (033) 2581-2038/25812757
Fax: 2581-3795
Email: ail@aucklandjute.com
Website: www.aucklandjute.com
NOTICE
Pursuant to Regulation 29(1) of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations 2015, NOTICE is hereby given that a Meeting of the Board of Directors of the Company is scheduled to be held on **Tuesday, the 14th day of February, 2023** inter alia, to consider, approve and take on record the Unaudited Financial Results of the Company for the third quarter and nine months ended on **31st December, 2022,** amongst other businesses.
Further as per the SEBI (Prohibition of Insider Trading) Regulations, 2015 & Code of Conduct framed thereunder, the Company has closed the **trading window** w.e.f. January 01, 2023 for all designated persons (as defined in the code) of the Company which shall remain closed till the closure of 48 hours after the announcement/ declaration of Unaudited Financial Results of the Company for the third quarter and nine months ended on 31st December, 2022
For Auckland International Limited
Sd/-
Sangeeta Ghose
Company Secretary
Place: Kolkata
Date : 03.02.2023

উত্তর মধ্য রেলওয়ে

ই-টেন্ডার নোটিস নং-০২/২০২৩ **তারিখ ঃ ০২.০২.২০২৩**

ই-টেন্ডার নোটিস

ভারতের রাষ্ট্রপতির পক্ষে সিনি. ডিএসটিই/উত্তর মধ্য রেলওয়ে, আগ্রা আহ্বান করছেন ''ওপেন টেন্ডার'' কেবলমাত্র অনলাইন মাধ্যমে (ই-টেন্ডারিং) উল্লেখিত কাজের জন্য ঃ

ক্র. নং.	টেন্ডার নং.	বিবরণ	কাজের আনুমানিক মূল্য	টেন্ডার বন্ধের তারিখ
১	আগ্রা-এসটি-২০২৩-০৩	এইচআইএমএস ব্যবস্থার রূপায়ণ আগ্রা ডিভিশনে।	টাকা ৫৫,২১,৫৮৪.৭৪	২৭.০২.২০২৩

বিস্তারিত তথ্যাবলী এবং দরপত্র জমা করতে দয়াকরে দেখুন ভারতীয় রেলওয়ের ওয়েবসাইট - **www.ireps.gov.in**। ঠিকাদাররা পারবেন জমা করতে নিজেদের আসল / পরিবর্তিত দরপত্র - **www.ireps.gov.in** ওয়েব পোর্টাল মাধ্যমে উপরি উল্লিখিত তারিখে বেলা ১৫.০০ ঘটিকা পর্যন্ত। ম্যানুয়াল অফার গ্রহণযোগ্য নহে এই টেন্ডারের ক্ষেত্রে এবং যদি কোন ম্যানুয়াল অফার পাওয়া যায় তা বাতিল করা হবে।

172/23(D)

North central railways www.ncr.indianrailways.gov.in @northcentralrailway @CPRONCR

NOTICE INVITING TENDER NO:
NIeT-06 (2nd Call) (SL-5 & 8)/E.O/J.P.S/2022-23
E-tenders are invited by the undersigned from the bonafied contractors for 2 nos various construction work, under Joypur Panchayat Samity. Period for downloading of bid documents **03/02/2023 to 11/02/2023 up to 12.00 PM.** Period for submission of bid documents **up to 12.00PM of 11/02/2023** & the time & date of opening of Technical bid on **13/02/2023 at 12.00 P.M.** The Financial bid to be notified. For details intending participants may contact to the office of The undersigned or visit website **www.wbtenders.gov.in** in any working day before the Last date for submission of bid documents.
Sd/- Executive officer
Joypur Panchayat Officer

ভিসকো ট্রেড অ্যাসোসিয়েটস লি.

CI N: L57339WB1983PLC035628
রেজিস্টার অফিসঃ ১ ব্রিটিশ ইন্ডিয়ান স্ট্রিট, পুরানো বিল্ডিং,
১ম ফ্লোর, রুম নং. ঃ ১০৯, কলকাতা-৭০০০৬৯
ফোন নং. ০৩৩-৪০০৭ ৬১৭৫,
ওয়েবসাইট-www.viscotradeassociates.in
ই-মেল-tradevisco@gmail.com

সংক্ষিপ্ত অনিরীক্ষিত আর্থিক ফলাফল (স্বতন্ত্র)
৩য় ত্রৈমাসিক এবং নয় মাস শেষে ৩১ ডিসেম্বর, ২০২২ (লক্ষ টাকায়)

	বিবরণ	তিন মাস সমাপ্তে			নয় মাস সমাপ্তে		বছর সমাপ্তে
		ডিসেম্বর ৩১, ২০২২ (অনিরীক্ষিত)	সেপ্টেম্বর ৩০, ২০২২ (অনিরীক্ষিত)	ডিসেম্বর ৩১, ২০২১ (অনিরীক্ষিত)	ডিসেম্বর ৩১, ২০২২ (অনিরীক্ষিত)	ডিসেম্বর ৩১, ২০২১ (অনিরীক্ষিত)	মার্চ ৩১,২০২২ (নিরীক্ষিত)
১	মোট আয়	২,০৬২.৭১	১,৭৯৯.৫৫	১৭৫.৬১	৪,৮৬৪.৬৫	৫০৬.১০	১,৩২১.৩৫
২	লাভ / (ক্ষতি) করের পূর্বে	-৩৫.০৯	২৩৬.৩১	৪৪.৫৫	-৭৩.৪৬	৮৮.১১	১০.১৫
৩	লাভ / (ক্ষতি) বছরে	-৩৫.০৬	২৩২.১১	৪৪.৫৫	-৭৭.৬৩	৮৮.১০	১০.১৪
৪	অন্যান্য ব্যাপক লাভ / (ক্ষতি) বছরে	-	৬.২৬	০.৩৪	১২.০৭	০.৮২	-৪৩.১৭
৫	মোট ব্যাপক লাভ / (ক্ষতি) বছরে	-৩৫.০৬	২৩৮.৩৭	৪৪.৮৯	-৬৫.৫৬	৮৮.৯২	-৩৩.০৪
৬	ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ১০ টাকা প্রতি)	৪৮০.২৮	৪৮০.২৮	৪৮০.২৮	৪৮০.২৮	৪৮০.২৮	৪৮০.২৮
৭	*শেয়ার প্রতি আয়- মূল ও মিশ্র	-০.৭৩	৪.৮৩	০.৯৩	-১.৬২	১.৮৩	০.২১

* বার্ষিকীকৃত নহে

সংক্ষিপ্ত অনিরীক্ষিত আর্থিক ফলাফল (একত্রীকরণ)
৩য় ত্রৈমাসিক এবং নয় মাস শেষে ৩১ ডিসেম্বর, ২০২২ (লক্ষ টাকায়)

	বিবরণ	তিন মাস সমাপ্তে			নয় মাস সমাপ্তে		বছর সমাপ্তে
		ডিসেম্বর ৩১, ২০২২ (অনিরীক্ষিত)	সেপ্টেম্বর ৩০, ২০২২ (নিরীক্ষিত)	ডিসেম্বর ৩১,২০২১ (অনিরীক্ষিত)	ডিসেম্বর ৩১, ২০২২ (অনিরীক্ষিত)	ডিসেম্বর ৩১,২০২১ (অনিরীক্ষিত)	মার্চ ৩১,২০২২ (নিরীক্ষিত)
১	মোট আয়	২,২৭৬.৪৯	১,৮২১.৬৫	৪৩৩.৩৯	৫,৩৭৭.৯৮	১,২৩৩.৩৫	২,২৪৭.৬৮
২	লাভ / (ক্ষতি) করের পূর্বে	-৩২.২৫	২,০০৭.৩৩	৩৫.৫৫	১৯.৭৮	১১৩.৫৬	১৯.৮৩
৩	লাভ / (ক্ষতি) বছরে	-৩৭.২৯	১,৯৯৩.৯৯	৩২.১৫	০.৬৩	১০৮.৩৭	১২.৮৬
৪	অন্যান্য ব্যাপক লাভ / (ক্ষতি) বছরে	-	৮.৭৫	০.৩৪	১১.৮৭	০.৮২	-৩৯.৮১
৫	মোট ব্যাপক লাভ / (ক্ষতি) বছরে	-৩৭.২৯	২,০০২.৭৪	৩২.৪৯	১২.৫০	১০৯.১৯	-২৬.৯৫
৬	ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ১০ টাকা প্রতি)	৪৮০.২৮	৪৮০.২৮	৪৮০.২৮	৪৮০.২৮	৪৮০.২৮	৪৮০.২৮
৭	*শেয়ার প্রতি আয়- মূল ও মিশ্র	-০.৭৮	৪১.৫২	০.৬৭	০.০১	২.২৬	০.২৭

* বার্ষিকীকৃত নহে

দ্রষ্টব্য ঃ
১. উপরোক্ত ফলাফল সংক্ষিপ্ত রূপ বিস্তারিত আর্থিক ফলাফলের যা সম্পূর্ন করা হয়েছে স্টক এক্সচেঞ্জে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশান অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫। বিস্তারিত ফরম্যাট ত্রৈমাসিক ফলাফলের পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে-www.viscotradeassociates.in, বিএসই লিমিটেড ওয়েবসাইটে-www.bseindia.com।
২. উপরোক্ত অনিরীক্ষিত আর্থিক ফলাফল (স্বতন্ত্র এবং একত্রীকরণ) ৩য় ত্রৈমাসিক শেষে ৩১ ডিসেম্বর, ২০২২ পর্যালোচিত হয়েছে অডিট কমিটি দ্বারা এবং অুমোদিত হয়েছে কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরদের সভায় যা অনুষ্ঠিত হয়েছে ২ ফেব্রুয়ারি, ২০২৩ এবং যা সাময়িক পর্যালোচিত হয়েছে কোম্পানির বিধিসম্মত অডিটর দ্বারা।

ভিসকো ট্রেড অ্যাসোসিয়েটস লিমিটেড পক্ষে
স্বা /-(বিনয় কুমার গোয়েঙ্কা)
ম্যানেজিং ডিরেক্টর
DIN : 01687463
স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ০২.০২.২০২৩

টোঙ্গানি টি কোম্পানি লিমিটেড

CIN : L01132WB1893PLC000742
রেজি অফিস ঃ ১৫বি, হেমন্ত বসু সরণী, ৩য় ফ্লোর, কলকাতা-৭০০০০১
ফোন নং. ২২৪৮-৭৬৮৫, ২২১০-০৫৪০, ফ্যাক্স নং. ঃ ৯১-৩৩-২২১০-০৫৪১
E-mail : info@tonganitea.com, Website : www.tonganitea.com

সংক্ষিপ্ত বিবরণী স্বতন্ত্র অনিরীক্ষিত আর্থিক ফলাফল
ত্রৈমাসিক এবং নয় মাস সমাপ্তে ৩০ ডিসেম্বর, ২০২২

(লক্ষ টাকায়)

	বিবরণ	ত্রৈমাসিক শেষে ৩১.১২.২০২২ অনিরীক্ষিত	বছর থেকে তারিখ রাশি ৩০.০৬.২০২২ অনিরীক্ষিত	চলতি ৩ মাস শেষে পূর্ববর্তী বছরে ৩১.১২.২০২১ অনিরীক্ষিত
১.	মোট আয় কারবার থেকে	২২৯.৩৬	৭৫০.১০	২৬৯.১৫
২.	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পূর্বে, অতিরিক্ত এবং /অথবা অসাধারণ আইটেমে)	০.৫৬	১১৫.০৩	২৬.৪৪
৩.	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পূর্বে (অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেম পর)	০.৫৬	১১৫.০৩	২৬.৪৪
৪.	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পর (অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেম পর)	০.৫৬	১১৫.০৩	২৬.৪৪
৫.	মোট ব্যাপক আয়। (ক্ষতি) মেয়াদে (লাভ / ক্ষতি সংযুক্ত) মেয়াদে (করের পর) এবং অন্যান্য ব্যাপক আয় (করের পর)	০.৫৬	১১৫.০৩	২৬.৪৪
৬.	ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ১০ টাকা প্রতি)	১৮.৫৮	১৮.৫৮	১৮.৫৮
৭.	অন্যান্য ইক্যুইটি (আইএনডি এএস অনুসারে)	১১৭৫.১৫ ৩১.০৩.২০২২ তারিখে	১১৭৫.১৫ ৩১.০৩.২০২২ তারিখে	১১১২.৩৭ ৩১.০৩.২০২১ তারিখে
৮.	শেয়ার প্রতি আয় (ভরযুক্ত) (১০ টাকা প্রতি) ক) মূল	০.৩০	৬১.৯১	১৪.২৩
	খ) মিশ্র	০.৩০	৬১.৯১	১৪.২৩

দ্রষ্টব্য ঃ
১. উপরোক্ত ফলাফল সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ফরম্যাট অনিরীক্ষিত আর্থিক ফলাফলের যা সম্পূর্ন করা হয়েছে স্টক এক্সচেঞ্জে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অবলাইজেশান অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্ট) ধারা, ২০১৫। বিস্তারিত ফরম্যাট আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে www.cse-india.com এবং কোম্পানির ওয়েবসাইটে http://tonganitea.com/pdf/sqfr_dec_2022.pdf।
২. উপরোক্ত আর্থিক ফলাফল পর্যালোচিত হয়েছে অডিট কমিটি দ্বারা এবং অনুমোদিত হয়েছে বোর্ড অফ ডিরেক্টর ও তাদের প্রতিনিধিদের সভায় ৩ ফেব্রুয়ারি, ২০২৩। ত্রৈমাসিক সমাপ্তে ৩১ ডিসেম্বর, ২০২২ ফলাফল সাময়িক পর্যালোচনা করেছেন বিধিসম্মত অডিটরগন।

বোর্ডের তরফে
স্বা /- মনোজ কুমার দাগা
চেয়ারম্যান
DIN : 00123386
স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ৩ ফেব্রুয়ারি, ২০২৩

গৃহকোণ

শুধু খাবার তৈরিই নয়, গৃহে গাছের চর্চাতেও ব্যবহার করা যেতে পারে দুধ

দুধ গরম করার জন্য গ্যাসে বসিয়েছেন। অমনি একটা কাজ হাতে এসে গেলে কি করবেন। এমনও হতে পারে দিব্যি ভুল গেলেন দুধের কথা। ব্যস, দুধ উপচে পড়ে যাচ্ছে তাই অবস্থা! মাথায় হাত এবারে কী করা যায়! চিন্তা এই বিপদ থেকে মুক্তি পেতে রয়েছে সহজ কয়েকটি টিপস। যা কিনা এই সমস্যা দূর করবে।

প্রথমেই বলে রাখা যাক। গ্যাসে দুধ বসিয়ে লক্ষ্য রাখাটাই সব সময়ই উচিত। যদি না করতে পারেন, তাহলে এই টিপসগুলো বেশ কার্যকরী।

১) যে পাত্রে দুধ গরম করছেন, তার উপর আড়াআড়ি ভাবে একটি হাতা বসিয়ে দিন। দুধ ফুটে উঠলেও উপচে পড়বে না। এক্ষেত্রে কাঠের হাতা হলে সবচেয়ে ভাল হয়।

২) দু'বার করে দুধ ফোটান। প্রথমে দুধের মধ্যে কিছুটা জল মিশিয়ে নিন। তারপর দুধ ফোটান। একটু ফুটে এলে ৫ মিনিট উনুন বন্ধ করে রাখুন। মিনিট পাঁচেক পর আবার দুধের পাত্র ওভেনে বসিয়ে ফুটিয়ে নিন।

৩) যে পাত্রে দুধ জ্বাল দেবেন, সেই পাত্রে দুধ রাখার আগে তার উপরের দিকে চারপাশে ভাল করে ঘি কিংবা মাখন মাখিয়ে নিন। তার পর দুধ রাখুন। এতে দুধ উপচে পড়বে না।

৪) গরম করার আগে দুধে সামান্য জল মেশান। তার পর অল্প আঁচে দুধ গরম করতে দিন। এর ফলে দুধ যখন ফুটবে, তখন ওই মেশানো জলই বাষ্প হয়ে যাবে। ফলে দুধ উপচে পড়বে না।

৫) দূরের পাত্র তুলে ঝাঁকিয়ে নিন। দুধ উপচে পড়া আটকানোর দারুণ উপায় এটি। যখন বুঝবেন যে দুধ ফুটে উপচে পড়তে চলেছে, তখনই পাত্রটি তুলে হালকা ঝাঁকিয়ে নিন। তাহলেই দুধ নষ্ট হবে না। দুধ গরম করতে গিয়ে হঠাৎ দেখলেন দুধ কেটে গিয়েছে! ব্যস, মাথায় হাত। নষ্ট হয়ে যাওয়া দুধ দিয়ে কী করবেন! ছানা তৈরি করবেন তো? মূলত, নষ্ট হয়ে যাওয়া দুধ দিয়ে আমরা সাধারণত ছানাই তৈরি করে থাকি। কিন্তু জানেন কি? নষ্ট দুধ দিয়ে আরও অনেক কাজও হয়!

১) কেটে যাওয়া দুধ দিয়ে বাড়িতেই বানিয়ে ফেলতে পারেন চিজ। চিজ তৈরি করা কিন্তু খুব সহজ। দুধ ছানা কাটতে শুরু করলে তার মধ্যে ভিনিগার মিশিয়ে ভাল করে নাড়তে থাকুন। দেখবেন জল আর চিজ আলাদা হয়ে গিয়েছে। চিজ গরম জল থেকে তুলে নিয়ে নুন ভাল করে ধুয়ে নিন, যাতে ভিনিগারের টক ভাব কেটে যায়। এ বার তা জল থেকে তুলে নিয়ে সেলোফিন র‍্যাপে মুড়ে প্রায় তিন ঘণ্টা মতো ফ্রিজে রেখে দিলেই তৈরি হয়ে যাবে চিজ।

২) কেটে যাওয়া দুধ দিয়ে অনায়েসে তৈরি করতে পারেন ক্রিম। যা কিনা স্যালাড ড্রেসিংয়ে ব্যবহার করতে পারবেন। তবে মাথায় রাখবেন দুধ জ্বাল দেওয়ার আগে ফেটে গেলে কেবলমাত্র সেই দুধই ব্যবহার করা যাবে।

৩) কেটে যাওয়া দুধ থেকে তৈরি করতে পারেন কেক ও প্যানকেকও। কেক বেক করার সময় মাখন বা ডিমের পরিবর্তে ব্যবহার করতে পারেন কেটে যাওয়া দুধ। স্বাদ কিন্তু আরও বৃদ্ধি পাবে।

৪) তবে শুধু খাবার তৈরিই নয়। গাছের চর্চাতেও ব্যবহার করা যেতে পারে দুধ। নষ্ট দুধ গাছের সার হিসেবে দারুণ কাজ করে। গাছের গোড়ায় দুধ দিলে গাছ দ্রুত বাড়তে থাকে।

৫) কাঠের আসবাবপত্র পুরনো হয়ে গেলে, কেটে যাওয়া দুধে কাপড় ভিজিয়ে আসবাবপত্র মুছে নিন। দেখবেন কাঠের আসবাব ঝকঝকে হয়ে উঠবে।

৬) তবে শুধু গাছ, আসবাবপত্র নয়। রূপচর্চার ক্ষেত্রেও দারুণ কাজ দেয় কেটে যাওয়া দুধ। ক্লিনজার হিসেবে দারুণ কাজ দেবে এই দুধ। বাইরে থেকে ঘরে ফিরে দুধের তুলো ভিজিয়ে মুখ মুছে নিন। দেখবেন খুব জলদিই মুখের ত্বক ঝকঝকে হয়ে উঠবে। এমনকী, রোদে পোড়া ত্বকে সতেজতা ফেরাতেও দারুণ কাজ করবে এই দুধ।

কি করলে কমবে বিদ্যুতের বিল, জানেন কি

এবারের বাজেটে সাধারণ মানুষের জন্য তেমন কিছু ভালে নেই। তাই সকলেরই চিন্তা বেড়েছে। কিন্তু কিছু করাও তো নেই। তাই মূল্যবৃদ্ধির এ বাজারে যদি বিদ্যুতের বিলও বেড়ে যায়, সকলেরই মাতায় হাত। সংসারের হাল সামলানো মুশকিল হয়ে পরছে। শীতের সময় তাও বিলের পরিমাণ একটু কম হতে পারে। কিন্তু বছরের বাকি সময়টা বিদ্যুতের বিল যেন সংসারের বজেটের বাইরে চলে যায়। ক্রমাগত বাড়তেই থাকে। অথচ ছোট ছোট কিছু বিষয়ে খেয়াল রাখলেই এই বিল নিয়ন্ত্রণে আনা যেতে পারে। যতটা পারবেন প্রাকৃতিক আলো ব্যবহার করবেন। আর তার জন্য ঘরে জানলা একটু বড় রাখতে হয়। দক্ষিণের জানলা দিয়ে সবচেয়ে বেশি আলো পাওয়া যায় বলেই মত বিশেষজ্ঞদের।লাইটের উপর বিদ্যুতের বিল অনেকটা নির্ভর করে। কত পাওয়ারের লাইট কিনছেন তাতে কতটা বিদ্যুৎ খরচ হবে জেনে রাখবেন। পারলে সিলিং কিংবা দেওয়ালের লাইট কম ব্যবহার করবেন। টেবিল ল্যাম্পে বেশিরভাগ কাজ সারতে পারেন। চার্জার, ইস্ত্রি, ইন্ডাকশন কিংবা মাইক্রোওয়েভের মতো জিনিস ব্যবহার করার পর প্লাগ লাগিয়ে রাখবেন না। কাজ হয়ে গেলে তা খুলে রেখে দিন। পুরনো ডেস্কটপের বদলে ল্যাপটপের ব্যবহারে জোর দিন। বিদ্যুতের সাহায্য ছাড়াও কিছুক্ষণ ল্যাপটপ চালাতে পারবেন। সেই সময়টুকু বিদ্যুতের সাশ্রয় করা যেতে পারে। ওয়াশিং মেশিনে গরম জল ব্যবহার করবেন না। ঠান্ডা জল ব্যবহার করতে অনেকটা কম বিদ্যুৎ খরচ হয়। একইভাবে ইস্ত্রি করার আগে জামাকাপড় ভাল করে শুকিয়ে নেবেন। তাতে কম সময়ে কাজ হয়ে যাবে। টেলিভিশন পুরনো হয়ে গেলে তা পাল্টে ফেলতে হবে। এক্সচেঞ্জ অফারে সমস্ত পুরানো জিনিস বিক্রি করে নতুন কিনে নিতে পারলে ভালো। পুরনো টিভিতে বেশি বিদ্যুৎ খরচ হয়। এমন সামান্য কিছু বিষয়ে খেয়াল রাখলেই বিদ্যুতের বিল অনেকটা কমানো সম্ভব। এরপরও যদি সমস্যা হয় তাহলে বাড়ির ওয়্যারিং সিস্টেম এবং আর্থিং অভিজ্ঞ ইলেক্ট্রিশিয়ানকে দেখিয়ে নিতে পারেন। বিনা কারণে পাখা, লাইট, এসি, ফ্রিজ, ইন্ডাকশন, মাইক্রোওয়েভ চালিয়ে রেখে বিদ্যুতের বিল বড়ানো উচিত নয়। তাই সকলেরই সেই দিকে খেয়াল রাখা প্রয়োজন।

কাশ্মীরের গুরেজে তুষারধস, জল সরবরাহের ক্ষতি

বান্দিপোরা, ৩ ফেব্রুয়ারি ঃ শুক্রবার তুষারধসের কবলে পড়ল কাশ্মীরে গুরেজের তুলাইল অঞ্চলের দুটি গ্রাম ।সেখানকার আধিকারিকরা জানিয়েছেন, তুষারধসের জেরে কিষাণগঙ্গা নদী অবরুদ্ধ হয়ে পড়েছে । তুষারপাতে ক্ষতিগ্রস্ত হয়েছে জল সরবরাহে। স্থানীয় প্রশাসন জানিয়েছে, তুষার তুষারপাত উইজিরথাল এবং নিরুর তুলাইল গ্রামে আঘাত হানে। গুগরান তুলাইলে তুষারধসের কারণে বেশ কয়েকটি বসতিতে জল সরবরাহ ব্যাহত হয়েছে। গুগরানে তুষারধসের কারণে জল সরবরাহ ক্ষতিগ্রস্ত হওয়ায় সমস্যায় পড়েছে অন্তত ২০০ পরিবার। ইতিমধ্যেই এই অঞ্চলে দল পাঠানো হযেছে এবং আরও তথ্যের জন্য পরিস্থিতি মূল্যায়ন করছে। তাছাড়া যত তাড়াতাড়ি সম্ভব জল সরবরাহ পুনরুদ্ধার করার চেষ্টা চলছে। আবহাওয়ার উন্নতি না হওয়া পর্যন্ত, প্রশাসন সাধারণ জনগণকে সতর্কতা অবলম্বন করতে বলেছে । কিষাণগঙ্গা, পাহাড় বা তুষারপাতপ্রবণ স্থানের কাছাকাছি এলাকায় মানুষজনকে বাইরে যাওয়া এড়াতে অনুরোধ করা হয়েছে।

কেরল সরকারের দ্বিতীয় পূর্ণ বাজেট পেশ

তিরুবনন্তপুরম, ৩ ফেব্রুয়ারি ঃ শুক্রবার কেরলে সিপিএম এর নেতৃত্বাধীন পিনারাই বিজয়ন সরকারের দ্বিতীয় পূর্ণ বাজেট পেশ করেছেন অর্থমন্ত্রী কে এন বালাগোপাল। এটি দ্বিতীয় সিপিআই(এম)-এর নেতৃত্বাধীন সরকারের দ্বিতীয় পূর্ণ বাজেট যা ২০১৬ সালের বিধানসভা নির্বাচনে ৯১টি আসনের তুলনায় ২০২১সালে ১৪০টি বিধানসভা আসনের মধ্যে ৯৯টি আসন জিতে টানা দ্বিতীয় মেয়াদে ক্ষমতায় এসেছিল। এদিন অর্থমন্ত্রী বলেন, বর্তমান অর্থনৈতিক মন্দার পরিপ্রেক্ষিতে সাধারণ মানুষের ওপর বোঝা না দিয়ে সরকার অতিরিক্ত সম্পদ সংগ্রহের জন্য সাহসী পদক্ষেপ নেওয়া হয়েছে।

প্রধানমন্ত্রীর নেতৃত্বে সার্বিক কল্যাণে কাজ চলছে, তাই ত্রিপুরায় বিজেপি পুণরায় ক্ষমতায় ফিরবে ঃ সমীর ওরাং

আমবাসা(ত্রিপুরা), ৩ ফেব্রুয়ারি ঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকার জনজাতি সহ সকল অংশের মানুষের সামগ্রিক উন্নয়নে কাজ করছে। তাই, ত্রিপুরায় বিজেপির জয় অবশ্যম্ভাবী। শুক্রবার ধলাই জেলায় করমছড়া এবং সুরমা বিধানসভা কেন্দ্রে নির্বাচনী প্রচারে জন সংকল্প জনসভায় অংশ দৃঢ় প্রত্যয়ের সুরে একথা বলেন বিজেপি জনজাতি মোর্চার সভাপতি সাংসদ সমীর ওরাং। এদিন ত্রিপুরা জুড়ে বিধানসভা নির্বাচনে বিজেপি প্রার্থীদের সমর্থনে ঝড়ো প্রচারে নেমেছেন দলের কেন্দ্রীয় নেতৃবৃন্দ। এরই অঙ্গ হিসাবে সমীর ওরাং ৪৮ জনজাতি সংরক্ষিত করমছড়া কেন্দ্রের বিজেপি প্রার্থী ব্রজলাল ত্রিপুরা এবং ৪৬ তপশিলী জাতি সংরক্ষিত সুরমা কেন্দ্রের বিজেপি প্রার্থী স্বপ্না দাস পালের সমর্থনে বিজয় সংকল্প জনসভায় প্রধান বক্তা হিসাবে বক্তব্য রাখেন। এই দু'টি সভাতেই দলীয় প্রার্থীর সমর্থনে বক্তব্য রাখতে গিয়ে শ্রীওরাং বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্র এবং রাজ্য সরকার ত্রিপুরাবাসী ও দেশবাসীর সামগ্রিক উন্নয়নে কাজ করে চলেছে। কোন রকম রাজনৈতিক পরিচয় বা বৈষম্য ছাড়া সবকা সাথ সবকা বিকাশ সুনিশ্চিত করতে দা।ঢ় পদক্ষেপে গ্রহণ করেছে। তিনি বলেন, গোটা রাজ্যে এই উন্নয়নের নিরিখে অন্তিম ব্যক্তি্টি পর্যন্ত সকল সুবিধা পৌঁছে যাচ্ছে। তাই মানুষ নিশ্চয় করেছেন বিজেপিকে আবার ক্ষমতায় প্রতিষ্ঠা করবেন। তাঁর দাবি, বিরোধীদলগুলো নানা বিভ্রান্তি ছড়াচ্ছে। কংগ্রেস ও সিপিএম একসাথে হাত মিলিয়েছে। আবার কোন কোন রাজনৈতিক দল নতুন রাজ্য গঠনের অবাস্তব স্বপ্ন ফেরি করছে। কিন্তু রাজ্যের মানুষ প্রকৃত বন্ধুদের চিনতে পেরেছেন। সেই নিরিখে ১৬ ফেব্রুয়ারি নির্বাচনে পদ্মফুল চিহ্নে বোতাম টিপে মানুষ বিজেপি প্রার্থীদের বিপুল ভোটে জয়ী করবেন, আশা প্রকাশ করে বলেন তিনি।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের জন্য রেকর্ড বাজেট বরাদ্দ

রেলমন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণবের রেল বাজেট নিয়ে মিডিয়ার সাথে মত বিনিময়

মালিগাঁও, ০৩ ফেব্রুয়ারিঃ শ্রী অশ্বিনী বৈষ্ণব, মাননীয় রেলমন্ত্রী, ৩ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখে রেলওয়ে বাজেট ২০২৩-২৪-এর বিষয়ে নয়াদিল্লি থেকে ভার্চুয়ালি উত্তরপূর্বের মিডিয়া কর্মীদের সাথে একটি মত বিনিময় করেন। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের জেনারেল ম্যানেজার শ্রী আনশুল গুপ্তা এবং মুখ্য কার্যালয়ের বরিষ্ঠ রেলওয়ে আধিকারিকরাও উপস্থিত ছিলেন। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের সমস্ত ডিভিশনেও অনুরূপ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছিল যেখানে ডিভিশনাল রেলওয়ে ম্যানেজাররা অংশগ্রহণ করেন। বিভিন্ন স্থানের মিডিয়াকর্মীরা ভার্চুয়ালি যোগদান করেন। সাংবাদিকদের উদ্দেশে ভাষণ দেওয়ার সময়, রেল মন্ত্রী জানান যে রেলের জন্য ২.৪০ লক্ষ কোটি টাকা মূল ব্যয় প্রদান করা হয়েছে। এই বছর বরাদ্দ সর্বোচ্চ ব্যয় যা ২০১৩-১৪ সালে করা প্রায় ৯ গুণ এবং গত বছরের তুলনায় ৫১ অধিক। রেলমন্ত্রী বলেন যে উত্তরপূর্বে ৫৯টি স্টেশনকে বিশ্বমানের সুযোগসুবিধা সহ বিকশিত করা হবে। 'বিরাসত ভি, বিকাশ ভি'-এর ঐতিহ্যের ধারণাকে সামনে রেখে, তিনি জানান যে যাত্রীদের জন্য আরও ভালো রাইডিং অভিজ্ঞতা এবং আরামদায়ক যাত্রার জন্য ৩১০টি পুরানো ট্রেনের কোচকে এলএইচবি কোচে রূপান্তর করা হবে। গত বছর আসামে ৪৪৫ কিলোমিটার রেলপথ বিদ্যুতায়িত করা হয়েছে। অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের সমস্ত ডিভিশনের ১৫টি করে স্টেশন উন্নত করা হবে।

মত বিনিবয়ের সময়, মন্ত্রী জানান যে সমস্ত উত্তরপূর্ব রাজ্যগুলিতে রেলের পরিকাঠামোর সামগ্রিক উন্নয়নের জন্য পর্যাপ্ত পুঁজি বরাদ্দ করা হয়েছে। প্রথমবারের জন্য, পার্বত্য ও সীমান্ত এলাকাকে সংযুক্ত করার জন্য ১.২০ লক্ষ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। তাছাড়া, অর্থবর্ষ ২০২৩-২৪-এর জন্য উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের জন্য মোট বাজেট বরাদ্দ হল ১০,৯৮৮.৮০ কোটি টাকা। এটি আগের বছরের বরাদ্দের (৯,৬৬০.১৪ কোটি টাকা) তুলনায় ১৩.৭৫ অধিক। উত্তরপূর্ব রাজ্যগুলির জন্য বরাদ্দ করা ১০,২৬৯ কোটি টাকা যা প্রায় গত বছরের তুলনায় ৩০০ কোটি টাকা অধিক। এই বছরের বাজেট বরাদ্দ নতুন লাইন এবং দ্বৈত প্রকল্প, ট্র্যাক পুনর্নবীকরণ কাজ, ট্রাফিক সুবিধা, সড়ক সুরক্ষা কাজ, সেতুর কাজ, সিগন্যালিং, ওয়ার্কশপ আধুনিকী করণ এবং গ্রাহক সুবিধা ইত্যাদির মতো বিভিন্ন বিভাগে অভূতপূর্ব বৃদ্ধি দেখা যায়। প্রায় ৬৫৯১ কোটি টাকা নতুন লাইনের জন্য এবং ১৩৬৪ কোটি টাকা রেলপথ দ্বৈতকরণের জন্য বরাদ্দ করা হয়েছে। রেল মন্ত্রী আরও জানান যে সমস্ত উত্তরপূর্বাঞ্চলে ৭৫,৭৯৫ কোটি টাকার মোট রেলওয়ে পরিকাঠামো প্রকল্পর কাজ চলছে। সমস্ত চলতি কাজ দ্রুত সম্পাদনের জন্য পর্যাপ্ত বরাদ্দ করা হয়েছে। ডিমাপুর কোহিমা নতুন লাইন প্রকল্পের জন্য প্রায় ১১০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে এবং জিরিবাম - ইম্ফল নতুন লাইন প্রকল্প বাস্তবায়নের জন্য ৮০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। উত্তরপূর্ব রাজ্যগুলির অন্যান্য ক্যাপিটাল সংযোগী প্রকল্পগুলি যেমন সিকিমে সিভোক রংপো নতুন লাইন প্রকল্পের জন্য ২৩৫০ কোটি টাকা যখন মিজোরামে ভৈরবি-সাইরাং নতুন লাইন প্রকল্পের জন্য ৯১৫ কোটি বরাদ্দ করা হয়েছে। অন্যান্য নতুন লাইন প্রকল্পের মধ্যে, ভারত ও বাংলাদেশের মধ্যে আন্তর্জাতিক সংযোগ আগরতলা আখাউড়া প্রকল্পের জন্য ২০০ কোটি এবং প্রায় ৭০০ কোটি টাকা আরারিয়া গলগলিয়া প্রকল্পের জন্য বরাদ্দ করা হয়েছে।

চলমান ট্র্যাক দ্বৈতকরণ কাজ দ্রুত সম্পাদনের জন্য নিউ বঙাইগাঁও - রঙিয়া - কামাখ্যার জন্য ৬০০ কোটি টাকা এবং নিউ বঙাইগাঁও- গোয়ালপাড়া- কামাখ্যার জন্য ৫০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। তাছাড়া, কাটিহার - কুমেদপুর এবং কাটিহার - মুকুরিয়া সেকশনের মধ্যে দ্বৈতকরণ কাজের জন্য ১১৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে যাতে উত্তরপূর্বাঞ্চলে ট্রেন সংযোগ আরও উন্নত করা যায়।

শনিবার করিমগঞ্জের আকবরপুরে বিজেপির কার্যনির্বাহী সভা

করিমগঞ্জ (অসম), ৩ ফেব্রুয়ারি ঃ ভারতীয় জনতা পার্টি করিমগঞ্জ জেলা কমিটির জেলা কার্যনির্বাহী সভা অনুষ্ঠিত হবে আগামীকাল ৪ ফেব্রুয়ারি । শনিবার সকাল ১০-০০ ঘটিকা করিমগঞ্জ জেলার উত্তর করিমগঞ্জ বিধানসভা সমষ্টির অন্তর্গত আকবরপুর স্থিত আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রের প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হবে এই সভা। জেলা কার্যনির্বাহী সভায় প্রদেশ বিজেপির পক্ষে কার্যনির্বাহী সভার প্রভারি হিসেবে উপস্থিত থাকবেন অসম প্রদেশ বিজেপির সামাজিক মাধ্যম কোষের রাজ্যিক আহ্বায়ক পলাশ লাহন । এছাড়া উপস্থিত থাকবেন করিমগঞ্জ জেলা বিজেপির বরিষ্ঠ নেতৃবৃন্দ, মণ্ডল বিজেপি সভাপতি সাধারণ সম্পাদক, বিজেপি মোর্চার জেলা সভাপতি, কোষের জেলা আহ্বায়ক এবং জেলার কার্যনির্বাহী সদস্য বৃন্দ । জেলা বিজেপির পক্ষ থেকে এক প্রেস বার্তায় এখবর জানান হয়েছে।

কুলগাম থেকে উদ্ধার বিপুল পরিমাণ অস্ত্র ও গোলাবারুদ, গ্রেফতার ৬

কুলগাম, ৩ ফেব্রয়ারি ঃ জম্মু ও কাশ্মীরের কুলগাম থেকে উদ্ধার বিপুল পরিমাণ অস্ত্র ও গোলাবারুদ । নিরাপত্তা বাহিনী শুক্রবার দক্ষিণ কাশ্মীরের কুলগাম জেলায় বিপুল পরিমাণ অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করেছে। এর সঙ্গে যুক্ত ছয়জনকে গ্রেফতার করেছে নিরাপত্তা বাহিনী।সরকারী সূত্রের জানা গেছে, শুক্রবার দক্ষিণ কাশ্মীরের কুলগাম জেলার মিরহামা গ্রামে একটি অনুসন্ধান অভিযান চালানো হয়েছিল। এই অভিযানে বিপুল পরিমাণ অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া অস্ত্র সম্ভারের মধ্যে আছে ছয়টি ম্যাগাজিন, চারটি গ্রেনেড এবং একটি পিস্তল সহ বিপুল পরিমাণ অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করা হয়েছিল। পাশাপাশি এর সঙ্গে যুক্ত ছয়জনকে গ্রেফতার করেছে নিরাপত্তা বাহিনী।

পাতিয়ালার কংগ্রেস সাংসদ প্রণীত কৌরকে সাসপেন্ড

নয়াদিল্লি, ৩ ফেব্রুয়ারি ঃ পঞ্জাবের প্রাক্তন মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরিন্দর সিংয়ের স্ত্রী প্রণীত কৌরকে সাসপেন্ড করল কংগ্রেস। প্রণীত কৌর পঞ্জাবের পাতিযালা থেকে লোকসভা সাংসদ। শুক্রবার কংগ্রেস সদর দফতর থেকে জারি করা এক বিবৃতিতে বলা হযেছে, পঞ্জাব কংগ্রেসের প্রধান অমরিন্দর সিং রাজা ওয়ার্ডিং এবং অন্যান্য দলের নেতারা প্রণীত কৌরের দল বিরোধী কার্যকলাপে জড়িত থাকার অভিযোগ করেছেন। দলের নেতারাও অভিযোগ করেছেন, তিনি বিজেপিকে সাহায্য করছেন। এর পরে তাকে কংগ্রেস থেকে সাসপেন্ড করা হয়েছে। কংগ্রেসের সাধারণ সম্পাদক তারিক আনোযার শুক্রবার একটি বিবৃতি জারি করে বলেছেন, পঞ্জাব কংগ্রেস থেকে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে কৌরের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। তিনি বলেন, বিষয়টি আগে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য কংগ্রেসের শৃঙ্খলা কমিটির কাছে পাঠানো হয়েছিল। সমস্ত দিক বিচার করার পরে কমিটি প্রণীতকে দল থেকে সাসপেন্ড করে এবং তাকে কারণ দর্শানোর নোটিশ জারি করে।

ত্রিপুরায় কংগ্রেস হাইকমান্ড পাপ করেছে, কটাক্ষ কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানির

আগরতলা, ৩ ফেব্রয়ারী ঃ ত্রিপুরায় সিপিআইএমের সাথে আসন ভাগাভাগির অনুমোদন দিয়ে কংগ্রেস হাইকমান্ড পাপ করেছে। কেন্দ্রীয় মহিলা ও শিশু কল্যাণ মন্ত্রী স্মৃতি ইরানি ত্রিপুরায় সিপাহিজলা জেলার অন্তর্গত নলচর বিধানসভা কেন্দ্রে বিজয় সংকল্প জনসভায় অংশ নিয়ে সিপিএম ও কংগ্রেসকে এভাবেই বিঁধেছেন। তাঁর দাবি, টানা ২৫ বছর ধরে সিপিআইএম ত্রিপুরায় কংগ্রেস কর্মীদের উপর সহিংসতা চালিযেছে। শুধুমাত্র নলচর এলাকায ১৭ জন কংগ্রেস কর্মীকে সিপিএমের গুন্ডারা হত্যা করেছে। এখনো ওই কর্মীদের রক্তের দাগ মুছেনি, অথচ সেই সিপিএমের সাথে হাত মেলাতে কংগ্রেসের মধ্যে কোন দ্বিধা দেখা যায়নি, আক্ষেপ করে বলেন তিনি। তিনি বলেন, সমস্ত কংগ্রেস কর্মীদের অনুরোধ করছি সিপিএমের সাথে আসন ভাগাভাগির পাপ প্রস্তাবে অনুমোদনের জন্য হাইকমান্ডকে ব্যাখ্যা দিতে বলুন। সাথে তিনি যোগ করেন, কংগ্রেস কর্মীদের অবশ্যই হাইকমান্ডকে জিজ্ঞাসা করতে হবে, শুধু ক্ষমতা পাওয়ার জন্য তাঁরা হত্যাকারীদের সাথে হাত মেলাতে পারেন। তিনি বিদ্রুপের সুরে বলেন, কংগ্রেস কর্মীদের জন্য এটি একটি উজ্জ্বল দৃষ্টান্ত দলের জন্য বলিদান শীর্ষ নেতাদের কাছে গুরুত্ব পায়নি। যাঁরা কংগ্রেসের জন্য জীবন দিয়েছেন আজ তাঁদের উপেক্ষা করা হযেছে। তাতে মনে হচ্ছে তাঁরা কখনই কংগ্রেস দলের অংশ ছিলেন না কটাক্ষ করে বলেন তিনি। তাঁর আরও কটাক্ষ, সিপিএমের গণতন্ত্রের প্রতি কখনোই শ্রদ্ধা ছিল না। তাই গণতন্ত্র রক্ষায় এবং সহিংসতা প্রত্যাখ্যান করার জন্য ত্রিপুরার ভোটারদের কাছে আবেদন জানিয়েছেন স্মৃতি ইরানি। তাঁর আরও আবেদন, নলছড় বিধানসভা কেন্দ্রে বিজেপি প্রার্থী কিশোর বর্মনকে ভোট দিয়ে জয়ী করে নতুন ভারত গড়ার জন্য দায়িত্ব পালন করুণ। এদিকে, টাউন বড়দোয়ালি কেন্দ্রে বিজয় সংকল্প জনসভায় অংশ কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি আবারও বামফ্রন্ট ও কংগ্রেসকে বিঁধেছেন। সিপিএমকে নিশানা করে তাঁর কটাক্ষ, বামফ্রন্ট দাত ভাঙ্গার কাজ করেছে, মুখ্যমন্ত্রী ডা মানিক সাহা এখন ডেন্টাল কলেজ বানাচ্ছেন। তাঁর কথায়, সিপিএমের জমানায় রেশনে চাল মিলত না। সবই লুটেপুটে খেয়ে নিতেন নেতারা। অথচ, আজ সকলের ঘরে রেশন সামগ্রী পৌছে যাচ্ছে। এদিন ওই কেন্দ্রে মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহার সমর্থনে জনসভায় অংশ নিয়েছেন।

মিসেস অর্চনা যোশী, জেনারেল ম্যানেজার, দক্ষিণ পূর্ব রেলওয়ে শুক্রবার গার্ডেন রিচের এসইআর সদর দফতরে সাংবাদিকদের সাথে মতবিনিময় করছেন।

অযোধ্যা ক্যান্ট-পাটলিপুত্র এক্সপ্রেসের চলমান সময়কাল বাড়ানো হবে

গোরখপুর, ০৩ ফেব্রয়ারিঃ রেলওয়ে প্রশাসনের দ্বারা যাত্রীদের অতিরিক্ত ভিড়ের পরিপ্রেক্ষিতে, ভ্রমণকারী জনসাধারণের সুবিধার্থে, ০৩২১৯-০৩২২০ পাটলিপুত্র-অযোধ্যা ক্যান্টপাটলিপুত্র এক্সপ্রেসের চলমান সময়কাল নিম্নরূপ ০৮টি ট্রিপের জন্য বাড়ানো হবে . এই ট্রেনের সময়, স্টপেজ এবং রুট একই থাকবে।০৩২১৯ পাটলিপুত্র অযোধ্যা ক্যান্ট বিশেষ ট্রেনের চলমান সময়কাল ৩১ মার্চ, ২০২৩ পর্যন্ত বাড়ানো হবে এবং ০৩২২০ অযোধ্যা ক্যান্টপাটলিপুত্র বিশেষ ট্রেনের চলমান সময়কাল ০১ এপ্রিল, ২০২৩ পর্যন্ত ৮টি অতিরিক্ত ভ্রমণের জন্য বাড়ানো হবে। রেলওয়ে সুরক্ষা বাহিনী, উত্তর পূর্ব রেলওয়ে রেলের সম্পত্তির নিরাপত্তা এবং অবৈধ পণ্য জব্দ সহ যাত্রীদের নিরাপত্তা দেওয়ার জন্য ক্রমাগত প্রচেষ্টা চালায়। এই ধারাবাহিকতায়, ০২ ফেব্রুয়ারী, ২০২৩-এ, রেলওয়ে প্রোটেকশন ফোর্স, বারাণসী সিটি একটি ১৫ বছর বয়সী নাবালিকাকে প্ল্যাটফর্ম নম্বর৫ থেকে সন্দেহজনক অবস্থায় ঘোরাফেরা করতে দেখেছিল, যাকে জিজ্ঞাসাবাদের পরে চাইল্ড লাইন বারাণসী ক্যান্টে হস্তান্তর করা হয়েছিল। রেলওয়ে সুরক্ষা বাহিনী, সিওয়ান ট্রেন নম্বর১৫১০৫ থেকে যাত্রীর রেখে যাওয়া একটি ব্যাগ উদ্ধার করে এবং সিওয়ান পোস্টে জমা দেয়, যা যাত্রীর উপস্থিতিতে হস্তান্তর করা হয়। রেলওয়ে প্রোটেকশন ফোর্স, বেনারস ট্রেন নম্বর১৮৩১১ থেকে যাত্রীর রেখে যাওয়া একটি ব্যাগ উদ্ধার করে বেনারস পোস্টে জমা দেয়, যা তার উপস্থিতিতে যাত্রীর কাছে হস্তান্তর করা হয়। ডিভিশনাল সিকিউরিটি কন্ট্রোল রুম, বারাণসী, রেলওয়ে প্রোটেকশন ফোর্সের তথ্যের ভিত্তিতে, ছাপরা ট্রেন নম্বর০৫৪৪৬ থেকে যাত্রীর রেখে যাওয়া একটি ব্যাগ উদ্ধার করে এবং পোস্টে জমা দেয়, যা যাত্রীর উপস্থিতিতে হস্তান্তর করা হয়। ০১ ফেব্রয়ারী, ২০২৩-এ, ডিভিশনাল সিকিউরিটি কন্ট্রোল রুম, বারাণসী, রেলওয়ে প্রোটেকশন ফোর্সের তথ্যের ভিত্তিতে, সিওয়ান ট্রেন নম্বর১৫১০৫ থেকে একজন মহিলা যাত্রীর রেখে যাওয়া একটি ব্যাগ উদ্ধার করে এবং সিওয়ান পোস্টে জমা দেয়, যা উপস্থিতির কাছে হস্তান্তর করা হয়। মহিলা যাত্রীর। ৩১ জানুয়ারী, ২০২৩-এ, ডিভিশনাল সিকিউরিটি কন্ট্রোল রুম, বারাণসী, রেলওয়ে প্রোটেকশন ফোর্সের তথ্যের ভিত্তিতে, বালিয়া ট্রেন নম্বর২০৫০৫ থেকে একজন যাত্রীর একটি বাম ল্যাপটপ ব্যাগ উদ্ধার করে, যা যাত্রীর উপস্থিতিতে হস্তান্তর করা হয়েছিল।

পাকিস্তানে বাস-ট্রাক সংঘর্ষে নিহত ১৭

ইসলামাবাদ, ৩ ফেব্রয়ারি ঃ ফের সড়ক দুঘটনার কবলে পাকিস্তান । শুক্রবার ভোরে দেশটির উত্তরপশ্চিমাঞ্চলের খাইবার পাখতুনখোয়া প্রদেশের কোহাট জেলায় যাত্রীবাহী একটি বাসের সঙ্গে ট্রাকের মুখোমুখি সংঘর্ষে ১৭ জন যাত্রী নিহত হয়েছেন। উদ্ধারকারী দলের এক সদস্য জানিয়েছেন, শুক্রবার ভোরে উত্তরপশ্চিমাঞ্চলে একটি সুড়ঙ্গের কাছে একটি যাত্রীবাহী বাসের সঙ্গে একটি দ্রুতগতির ট্রাকের মুখোমুখি সংঘর্ষ হয় । যার জেরে নারী ও শিশুসহ অন্তত ১৭ জন নিহত হয়েছেন। এই ঘটনায় আহত হয়েছে আরও বেশ কয়েকজন । তিনি জানান, হতাহতদের কোহাটের একটি হাসপাতালে নিয়ে এসেছি। এদিকে মর্মান্তিক এ দুর্ঘটনার জন্য গভীর দুঃখ ও শোক প্রকাশ করেছেন প্রদেশের তত্ত্বাবধায়ক মুখ্যমন্ত্রী আজম খান। এর আগে, গত ২৯ জানুয়ারি বেলুচিস্তান প্রদেশে যাত্রীবাহী একটি বাস খুঁটির সঙ্গে ধাক্কা লেগে সেতু থেকে পড়ে আগুন ধরে যায়। এতে ৪০ জন নিহত হন। উল্লেখ্য, দুর্বল সড়ক অবকাঠামো ও ট্র্যাফিক আইন অমান্য করার কারণে পাকিস্তানে প্রায়ই দুর্ঘটনা ঘটছে।

বাল্যবিবাহের বিরুদ্ধে ব্যাপক অভিযান করিমগঞ্জে, ৯২ টি মামলায় গ্রেফতার ৭৯

করিমগঞ্জ (অসম), ৩ ফেব্রুয়ারি ঃ বাল্য বিবাহ রুখতে ব্যাপক ধরপাকড় শুরু হয়েছে গোটা অসম জুড়ে । রাজ্যের মুখ্যমন্ত্রীর নির্দেশের পর থেকে গতকাল অর্থাৎ বৃহস্পতিবার রাত থেকেই অসমের করিমগঞ্জ জেলায় অভিযানে নেমেছে করিমগঞ্জ পুলিশ । শুক্রবার সন্ধ্যা অবধি এনিয়ে ৭৯ জনকে গ্রেফতার করা হয়েছে । যার মধ্যে করিমগঞ্জ সদর থানায় ৮ জন, রাতাবাড়ি থানায় ১৯ জন, বদরপুর থানায় ১২ জন, পাথারকান্দি থানায় ৫ জন, নিলামবাজার থানায় ৮ জন, রামকৃষ্ণনগর থানায় ১৮ এবং রাতাবাড়ি থানায় ১০ জন রয়েছেন । পুলিশের হাতে গ্রেফতার হওয়া ৭৯ জনের মধ্যে ৩০ জন রয়েছেন স্বামী এবং বাকি ৪৯ জন রয়েছেন তাদের নিকটাত্মীয়। আজ শুক্রবার করিমগঞ্জের পুলিশ সুপার পদ্মনাভ বড়ুয়া এক সাংবাদিক সম্মলেন ডেকে তথ্যগুলো তোলে ধরে বলেন যে, বাল্য বিবাহ রুখতে বদ্ধ পরিকর করিমগঞ্জ পুলিশ । তিনি জানান, মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশে গতকাল রাত থেকেই করিমগঞ্জ পুলিশ অভিযানে নেমেছে এবং গত চব্বিশ ঘঃটায় ৭৯ জনকে গ্রেফতার করা হয়েছে । যাদের ১৪ বছরের কম বযসী মেয়েদের বিয়ে হয়েছে তাদের বিরুদ্ধে যৌন অপরাধ থেকে শিশুদের সুরক্ষা (পকসো) আইনের অধীনে মামলা দায়ের করা হবে এবং যারা ১৪-১৮ বছর বয়সী মেয়েদের বিয়ে করেছেন তাদের বিরুদ্ধে বাল্যবিবাহ প্রতিরোধ আইন, ২০০৬ এর অধীনে মামলা দায়ের করা হবে বলে জানান পুলিশ সুপার। বলেন, শুক্রবার গ্রেফতার করা ব্যক্তিদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে পুলিশের পক্ষ থেকে । শুধু স্বামী বা নিকটাত্মীয় নয়, বাল্যবিবাহের সঙ্গে জড়িত থাকা ব্যক্তি কাজী, পুরোহিতদের বিরুদ্ধে বিহীত ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি ।

বাংলাদেশে বাড়ছে নিপা ভাইরাস, সংক্রমণ ছড়িয়েছে ২৮ জেলায়

ঢাকা, ৩ ফেব্রয়ারি ঃ বাংলাদেশে বাড়ছে নিপা ভাইরাসের সংক্রমণ। এখনও পর্যন্ত দেশটির ২৮ জেলায় নিপা ভাইরাসের সংক্রমণ ঘটেছে বলে শুক্রবার এক বিজ্ঞপ্তিতে একথা জানিয়েছে বাংলাদেশের স্বাস্থ্য মন্ত্রণালয়। ক্রমশ নিপা ভাইরাসে আক্রান্ত হওয়ার ঘটনা বৃদ্ধি পাওয়ায় আতঙ্ক ছড়িয়েছে সাধারণ মানুষের মধ্যে। শুক্রবার বাংলাদেশের স্বাস্থ্য মন্ত্রণালয় এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, দেশের ২৮ জেলায় নিপা ভাইরাসের সংক্রমণ পাওয়া গেছে। এই ভাইরাস আক্রান্তদের চিকিৎসার জন্য ইতিমধ্যে মহাখালীর কোভিড হাসপাতালের শয্যা প্রস্তুত রাখার নির্দেশ দেয়া হয়েছে প্রশাসনের তরফে। উল্লেখ্য, এর আগে গত ২৯ জানুয়ারি বাংলাদেশের স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক সাংবাদিক সম্মেলনে জানিয়েছিলেন, শুধু জানুয়ারি মাসে ৫ জনের মৃত্যু হয়েছে নিপা ভাইরাসে আক্রান্ত হয়ে। সেই বৈঠকে তিনি জানান, বাংলাদেশে নিপা ভাইরাসে ৮ জন আক্রান্ত হয়েছিলেন।

Name Change

I, AJIJUL RAHAMAN BISWAS is wrongly recorded in my Voter Card No- NHW1442664. S/o- FAJLU RAHAMAN BISWAS. Residing at Vill - Rajaur Purbapara, Post- Kanainagar, Ps- Tehatta, Dist- Nadia, Pin- 742121, West Bengal. Shall henceforth be known as AJIJUL BISWAS. That my name AJIJUL BISWAS and AJIJUL RAHAMAN BISWAS is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change

I, SOHIDUR KHAN is wrongly recorded in my Son's School Certificate. S/o- ABUCHHADDIN KHAN. Residing at Vill - Maliapota Purbapara, Post- Pathar Ghata, Ps- Tehatta, Dist- Nadia, Pin- 741103, West Bengal. Shall henceforth be known as SAHIDUL KHAN. That my name SAHIDUL KHAN and SOHIDUR KHAN is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change

I, FULI BISWAS is wrongly recorded in my Son's Birth Certificate. W/o- NARESH BISWAS. Residing at Vill - Kamal Nagar, Post- Tamaghata, Ps- Purbasthali, Dist- Burdwan, Pin- 713512, West Bengal. Shall henceforth be known as PHULU BISWAS. That my name PHULU BISWAS and FULI BISWAS is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change

I, SHYAMAL KUMAR GHOSH is wrongly recorded in my Passport. S/o- AMAR CHANDRA GHOSH . Residing at Vill - Saroda Colony, Post- Mangalbari, Ps- Malda, Dist- Malda, Pin- 732142, West Bengal. Shall henceforth be known as SHYAMAL GHOSH. That my name SHYAMAL GHOSH and SHYAMAL KUMAR GHOSH is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change

I, JIYAUL S/o- AINUL, Residing at Vill - Soyub ali biswastala, Post- Sabdalpur, Ps- Baishnabnagar, Dist- Malda, Pin- 732201, West Bengal. That my JIAUL HOQUE & JIAUL is wrongly recorded in my Son's Aadhaar and voter. Shall henceforth be known as JIYAUL. That my name JIYAUL and JIAUL HOQUE and JIAUL is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change

I, RONIKA KUMARI is wrongly recorded in my Passport No- R2472881. W/o- SOURAV AGARWALA. Residing at Vill - Jubilee Road, North Baluchar, Po - Malda, Ps- Englishbazar, Dist- Malda, Pin- 732101, West Bengal. Shall henceforth be known as RONIKA AGARWALA. That my name RONIKA AGARWALA and RONIKA KUMARI is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change

I, RONIKA KUMARI is wrongly recorded in my Passport No- R2472881. W/o- SOURAV AGARWALA. Residing at Vill - Jubilee Road, North Baluchar, Po - Malda, Ps- Englishbazar, Dist- Malda, Pin- 732101, West Bengal. Shall henceforth be known as RONIKA AGARWALA. That my name RONIKA AGARWALA and RONIKA KUMARI is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change

I, AJMAT MALITYA S/o- INTAB MALITYA, Residing at Vill - Dudhsar, Post- Dudhsar, Ps- Nowda, Dist- Murshidabad, Pin- 742147, West Bengal. That I am Policy Holder of LICI Being No- 423914868, but therein the Spelling of my nick name RAJU MALITYA, that my actual name AJMAT MALITYA is recorded in my Aadhar Card No- (834917207446) and Bank A/C No- 31019819757. Shall henceforth be known as AJMAT MALITYA. That my name AJMAT MALITYA and RAJU MALITYA is the same and one Identical Person. Vide an affidavit sworn before the S.D.E.M at Berhampore Murshidabad ON 17/01/20023.

দিদির দূত কর্মসূচীতে সাধারণ মানুষের বিক্ষোভ প্রসঙ্গে নদীয়ায় এসে বললেন জয়প্রকাশ মজুমদার

গোপাল বিশ্বাস, নদীয়া, ৩ ফেব্রুয়ারি ঃ দিদির দূত কর্মসূচিতে যোগ দিতে শুক্রবার নদীয়ার শান্তিপুরের ফুলিয়ায় এলেন তৃণমূল কংগ্রেসের রাজ্য সহসভাপতি জয়প্রকাশ মজুমদার। এদিন তিনি ফুলিয়া বিডিও অফিস সংলগ্ন কালীমন্দিরে পুজো দিয়ে দিদির সুরক্ষা কবচ কর্মসূচির সূচনা করেন। এরপর তিনি ফুলিয়া টাউনশিপ গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন জায়গায় গিয়ে সাধারণ মানুষের সুবিধা অসুবিধার কথা জানার চেষ্টা করেন, এবং খোঁজ নেন সরকারি প্রকল্পের সুবিধা ঠিক মতো পাচ্ছেন কিনা। পাশাপাশি এই দিন ফুলিয়া উপস্বাস্থ্য কেন্দ্রে পরিদর্শন করেন তিনি এরপর কথা বলেন উপ-স্বাস্থ্য কেন্দ্রের স্বাস্থ্য আধিকারিকের সাথে। দিদির সুরক্ষাকবচ কর্মসূচিতে এদিন জয়প্রকাশ মজুমদারের সঙ্গে উপস্থিত ছিলেন নদীয়া জেলা পরিষদের সভাধিপতি রিক্তা কুন্ডু। এছাড়া উপস্থিত ছিলেন জেলা পরিষদের সদস্য পম্পা মুখার্জি ও নদীয়া জেলার যুবনেতা শুভঙ্কর মুখার্জি সহ একাধিক প্রধান থেকে শুরু করে ব্লক নেতৃত্ব। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে জয়প্রকাশ মজুমদার বলেন, সুরক্ষা কবচ কর্মসূচি করতে গিয়ে যেসব মানুষ ক্ষোভ বিক্ষোভ দেখাচ্ছেন বা জানাচ্ছেন জেনে রাখবেন মানুষ যাদের ভালবাসে, তাই তাদেরকে সামনে পেলে তাদের অন্তরের কথা জানায়, আমরা তো জানতে চাইছি তাদের কথা। এর জন্য তো মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দিদির সুরক্ষা কবচ কর্মসূচির সিদ্ধান্ত নিয়েছেন।

জলপাইগুড়ির প্রাচীনতম এই ব্যাঙ্ক ভবন পরিদর্শন করলেন রাজ্যপাল

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৩ ফেব্রুয়ারি ঃ সত্তরের দশকে তিনি ছিলেন রাষ্ট্রায়ত্ত স্টেট ব্যাঙ্কের জলপাইগুড়ি জেলা শাখার অফিসার। কর্মসূত্রে তখন তিনি ছিলেন জলপাইগুড়ি শহরের বাসিন্দা। সেই সুবাদে জলপাইগুড়ি শহরে এসে প্রাচীনতম এই ব্যাঙ্ক ভবন পরিদর্শন করলেন পশ্চিমবঙ্গের রাজ্যপাল সিভি আনন্দ বোস। রাজ্যপালের আগমনকে ঘিরে সাজিয়ে তোলা হয়েছিল স্টেট ব্যাঙ্কের শতবর্ষ প্রাচীন জলপাইগুড়ির মুখ্য ভবন। রাজ্যপাল শুক্রবার পুরোনো কর্মস্থলের পাশাপাশি পরিদর্শন করেন অসম মোড় এলাকার মিশনারিজ অফ চ্যারিটি ভবনেও। শুক্রবার সকালে প্রথম এখানেই আসেন রাজ্যপাল। একসময় জলপাইগুড়ি শহরের ক্লাব রোডে অবস্থিত রাষ্ট্রয়ত্ব ব্যাংকের অফিসার পদে কর্মরত ছিলেন তিনি। এজন্য তাঁর আগমনকে ঘিরে রীতিমতো উৎসবের আমেজ তৈরি হয়েছিল সরকারি এই ব্যাঙ্কে। রাজ্যপালকে কাছে পেয়ে খুব খুশি ছিলেন এই ব্যাঙ্কের বর্তমান ও প্রাক্তন কর্মীরা।

রাসায়নিক স্প্রে করে গৃহস্থের বাড়িতে চুরি বহরমপুরে

দুরন্ত বার্তা, বহরমপুর, ৩ ফেব্রুয়ারি ঃ মুর্শিদাবাদ জেলার বহরমপুর পৌরসভার ১৫ নম্বর ওয়ার্ডের ইন্দ্রপ্রস্থ এলাকায় একটি বাড়িতে রাসায়নিক স্প্রে দিয়ে সংজ্ঞাহীন করে গৃহস্থের আলমারি খুলে টাকা ও গয়না নিয়ে চম্পট দিল দুষ্কৃতিরা। বৃহস্পতিবার গভীর রাতে ঘটনাটি ঘটেছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার রাতে বহরমপুরের ইন্দ্রপ্রস্থ এলাকায় একটি বাড়িতে হানা দেয় দুষ্কৃতিরা। রাতে যখন ঘরে থাকা লোকজন গভীর নিদ্রায় মগ্ন, সেই সময় তালা ভেঙে ঘরে ঢুকে তাদের উপর রাসায়নিক স্প্রে করে সংজ্ঞাহীন করে দেয় দুষ্কৃতি। এরপর বাড়িতে সমস্ত ঘরের তালা ভেঙে, বাক্স, আলমারি খুলে নগদ টাকা ও লক্ষাধিক টাকার সোনার গয়না নিয়ে চম্পট দেয় দুষ্কৃতিরা। শুক্রবার সকালে কাজের মহিলা প্রতিদিনের মত ওই বাড়িতে গিয়ে ডাকাডাকি করার পর ঘরের মানুষজনের সংজ্ঞা ফেরে। এর পর উঠে গোটা বিষয়টি নজরে পড়ে তাঁদের। জানা গিয়েছে ক্ষতিগ্রস্ত পরিবারটি বহরমপুরে ইন্দ্রপ্রস্থ এলাকায় ওই বাড়িটিতে ভাড়া থাকত। এদিন শুক্রবার সকালে খবর পেয়ে ঘটনাস্থলে এসে পৌঁছায় বহরমপুর থানার পুলিশ। কীভাবে এমন ঘটনা ঘটল, চুরির পিছনে কে বা কারা জড়িত রয়েছে গোটা বিষয়টি খতিয়ে দেখছেন তদন্তকারীরা।

SHUBH LABH INVESTMENTS LTD.
Regd. Office: Sincere Group, 1st Floor, 2 B. B. D. Bagh (East), Kolkata-700 001, WB
CIN: L65993WB1980PLC033083
Ph:(033)4020 2100
Website: shubhlabhinvestmentsltd.godaddysites.com
Email: subhlabhinvestments@gmail.com

NOTICE

Pursuant to Regulation 29 read with Regulation 47 of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosures Requirements) Regulations, 2015, Notice is hereby given that the meeting of the Board of Directors of the Company will be held on Monday, the 13th Day of February, 2023 at 11:00 A.M. to inter-alia, consider and approve the Unaudited Financial Results of the Company for the quarter ended 31st December, 2022.

For Shubh Labh Investments Ltd.
Sd/- Bhagwan Das Agarwal
(Director)
Place: Kolkata
Date: 03/02/2023
DIN: 00532041

USHITA TRADING & AGENCIES LTD.
Regd. Office: 52, Weston Street, Kolkata-700012, WB
CIN: L51109WB1983PLC035659
Ph:(033)2211 9888
Email: ushitatrading1983@gmail.com

NOTICE

Pursuant to Regulation 29 read with Regulation 47 of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosures Requirements) Regulations, 2015, Notice is hereby given that the meeting of the Board of Directors of the Company will be held on Monday, the 13th Day of February, 2023 at 11:30 A.M. to inter-alia, consider and approve the Unaudited Financial Results of the Company for the quarter ended 31st December, 2022.

For Ushita Trading & Agencies Ltd.
Sd/- Santanu Bose
(Director)
Place: Kolkata
Date: 03/02/2023
DIN: 03316428

পূর্ব রেলওয়ে

ই-অকশন বিজ্ঞপ্তি

[illegible]

ASN-185/2022-23

@EasternRailway
Eastern Railway Headquarter

পূর্ব রেলওয়ে

[illegible]

www.ireps.gov.in

CON-112/2022-23

@EasternRailway
Eastern Railway Headquarter

মুখ্যমন্ত্রীর সভায় যাওয়ার পথে বাস দুর্ঘটনায় আহত ব্যক্তিকে জেলা প্রশাসনের সাহায্য

দুরন্ত বার্তা, মালদা, ৩ ফেব্রুয়ারি ঃ গত মঙ্গলবার গাজলের মুখ্যমন্ত্রীর সভায় যোগ দিতে গিয়ে বাস দুর্ঘটনা আহত হয়েছিলেন হরিশ্চন্দ্রপুর থানা এলাকার খোপা কাটিগ্রামের মোস্তাফিজুর রহমান নামে এক যুবক। দুর্ঘটনায় মাথা এবং পায়ে চোট পেয়েছিলেন তিনি। প্রথমে তাকে গাজল পরে মালদা হাসপাতালে চিকিৎসা করা হয়। আজ শুক্রবার তিনি বাড়ি ফিরলে, জেলা পরিষদের শিশু নারী এবং ত্রাণ কর্মাধ্যক্ষ মর্জিনা খাতুন ওই আহত ব্যক্তির হাতে ক্ষতিপূরণ বাবদ ৫০ হাজার টাকার চেক তুলে দেন। উপস্থিত ছিলেন ইসলামপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান সেতারা খাতুন। মোস্তাফিজুর রহমানের হাতে চেক তুলে দিয়ে মর্জিনা খাতুন জানান, ছেলেটি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রশাসনিক সভায় যোগদান করার জন্য গাজলের উদ্দেশ্যে রওনা হয়েছিল। যে বাসে করে তারা রওনা হয়েছিলেন। বাসটি দুর্ঘটনা গ্রস্ত হলে ছেলেটি ভীষণভাবে আহত হয়। মালদা মেডিকেল কলেজে হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসা করে সুস্থ হওয়ার পরে আজকে বাড়ি ফেরার পর জেলা পরিষদের তরফ থেকে ছেলেটির হাতে ৫০ হাজার টাকার ক্ষতিপূরণের চেক তুলে দেওয়া হল। রাজ্য সরকারের তরফ থেকে এই ক্ষতিপূরণ ছেলেটির হাতে তুলে দিতে পেরে আমি খুব খুশি। এদিকে আহত যুবক মোস্তাফিজুর রহমান জানান মুখ্যমন্ত্রীর সভায় যোগদান করার জন্য আগের দিন রওনা হয়েছিলাম। পান্ডুয়ার কাছে বাসটি দুর্ঘটনাগ্রস্ত হয়। আমি ভীষণভাবে চোট পাই। প্রশাসনিক উদ্যোগে চিকিৎসা করিয়ে বাড়ি ফিরতে পেরেছি। আজকে জেলা পরিষদ কর্মাধ্যক্ষ মর্জিনা খাতুন এসেছিলেন তিনি আমাকে রাজ্য সরকারের তরফ থেকে ক্ষতিপূরণের চেক তুলে দিলেন। সরকারের তরফ থেকে এই সাহায্য পেয়ে আমার খুব ভালো লাগছে।

আগামী ১৫ ফেব্রুয়ারি থেকে চালু হতে চলেছে বিমান পরিষেবা

দুরন্ত বার্তা, কোচবিহার, ৩ ফেব্রুয়ারি ঃ দীর্ঘ প্রতীক্ষার পর কোচবিহার বিমানবন্দর থেকে শুরু হতে চলেছে বিমান পরিষেবা। উরান স্কিম এর মাধ্যমে আগামী ১৫ ফেব্রুয়ারি থেকে এই বিমান পরিষেবা চালু হতে চলেছে। শুক্রবার কোচবিহার বিমানবন্দর পরিদর্শনের পর এই ঘোষণা করলেন স্বরাষ্ট্র দপ্তরের প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক। কোচবিহার থেকে কলকাতা, কলকাতা থেকে জামশেদপুর, জামশেদপুর থেকে ভুবনেশ্বর এই রুটে চলবে বিমান পরিষেবা। সপ্তাহে সাত দিন বিমান পরিষেবা চালু থাকবে।

৯ ফেব্রুয়ারি মনীষী পঞ্চানন বর্মা স্মারক ভবনের শুভ উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৩ ফেব্রুয়ারি ঃ আগামী ৯ ফেব্রুয়ারি জলপাইগুড়িতে মনীষী পঞ্চানন বর্মা স্মারক ভবনের শুভ উদ্বোধন করবেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। হাওড়া থেকে ভার্চুয়ালি এই উদ্বোধন করবেন রাজ্যের মুখ্যমন্ত্রী। শুক্রবার শিলিগুড়ি জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষের কার্যালয়ে এক সাংবাদিক বৈঠক করে এমনটা জানালেন চেয়ারম্যান সৌরভ চক্রবর্তী। মনীষী পঞ্চানন বর্মা স্মারক সমিতির তরফে শিলিগুড়ি জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষের কাছে একটি প্রস্তাব দেওয়া হয়েছিল সেই প্রস্তাবের ভিত্তিতে শিলিগুড়ি জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষের প্রচেষ্টায় জলপাইগুড়ি রাজবাড়ি পুকুরের কাছে মনীষী পঞ্চানন বর্মা স্মারক ভবন নির্মাণ করা হয়েছে। এই ভবনের গ্রন্থাগার করা হয়েছে সেখানে মনীষী পঞ্চানন বর্মার লেখা কাব্যগ্রন্থ এবং বিভিন্ন ছবি সহ সমস্ত কিছুই থাকবে।

হার্ডওয়ারের দোকানে অগ্নিকাণ্ড

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৩ ফেব্রুয়ারি ঃ শিলিগুড়ির ডন বসকো মোড় এলাকায় একটি হার্ডওয়ারের দোকানে অগ্নিকাণ্ডের ঘটনায় চাঞ্চল্য ছড়ালো শুক্রবার সকালে। জানা গেছে এদিন স্থানীয়রা ওই দোকান থেকে ধোঁয়া বেরোতে দেখে খবর দেওয়া হয় দমকলকে। ঘটনাস্থলে আসেন দোকানের মালিকও। ঘটনাস্থলে দমকলে দুটি ইঞ্জিনে এসে দীর্ঘক্ষণের প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। এই অগ্নিকাণ্ডে দোকানে থাকা সমস্ত জিনিসপত্রই পুড়ে ছাই হয়ে গেছে।

নতুন মা ক্যান্টিন তৈরির জন্য পরিদর্শন করলেন মেয়র গৌতম দেব

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৩ ফেব্রুয়ারি ঃ শিলিগুড়ি পুরসভার ৩৬ নম্বর ওর্য়াডের নুতন মা ক্যান্টিন তৈরীর জন্য পরিদর্শন করতে মেয়র গৌতম দেব ঘুরে বেড়ান। গত বোর্ড মিটিং এ ৩৬ নম্বর ওর্য়াড কাউন্সিলর রঞ্জন শীলশর্মা অভিযোগ করেছিলেন যে ভলিবল প্রতিযোগিতা ও আরো অনেক কিছুই হচ্ছে কিন্তু তাঁর ওয়ার্ডের ভগ্ন দশা রাস্তা ও বাজার এলাকায় ড্রেন না থাকার দরুন বর্ষার সময় ঐ সব এলাকা ভেসে যায়। এই অভিযোগের ভিত্তিতে আজ মেয়র গৌতম দেব বোরো চেয়ারম্যান প্রীতিকণা বিশ্বাস ও ৩৬ নম্বর ওয়ার্ডের পুরপিতা রঞ্জনবাবুকে সঙ্গে নিয়ে ঘুরে বেড়ান। সবকিছু খুঁটিয়ে দেখার পর সাংবাদিকদের গৌতমবাবু জানান যে, মা ক্যান্টিন মুখ্যমন্ত্রী স্বপ্নের একটি প্রজেক্ট যার দরুন অনেক সাধারণ ও গরীব মানুষ দু-মুঠো খাবার খেতে পারবেন। তাই এই কর্মকাণ্ড কে আরো বিস্তার করতে শান্তিনগর বাজার সংলগ্ন স্থান পরিদর্শন করে যাওয়া হল খুব তাড়াতাড়ি এটি চালু করা হবে। এছাড়াও ৩৬ নম্বর ওয়ার্ডে নিকাশি ব্যবসা জন্য কিছু নুতন ড্রেনের চাহিদা রয়েছে তা দেখে যাওয়া হল। এরপর সব ইঞ্জিনিয়ারকে নিয়ে দেখে খুব শীঘ্রই এই সমস্যা সমাধানের চেষ্টা করা হবে।

উদ্ধার কাফ সিরাপ

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৩ ফেব্রুয়ারি ঃ লক্ষাধিক টাকার নিষিদ্ধ কাফ সিরাপ সহ দুই ব্যক্তিকে গ্রেফতার করল শিলিগুড়ির মাটিগাড়া থানার পুলিশ। গোপন সূত্রের খবরের ভিত্তিতে শিলিগুড়ির পরিবহন নগরীতে অভিযান চালায় মাটিগাড়া থানার পুলিশ। সুরজ থাপা ও মহম্মদ তাজিউল নামে দুই যুবককে গ্রেফতার করে পুলিশ। তাদের কাছে মজুত রাখা অবস্থায় প্রচুর নিষিদ্ধ করা সিরাপ উদ্ধার করে পুলিশ। উদ্ধার হওয়া নিষিদ্ধ কাফ সিরাপের আনুমানিক বাজার মূল্য প্রায় লক্ষাধিক টাকা। কাফ সিরাপ ধৃত দুই যুবক কোথায় বিক্রি করতো তার তদন্ত শুরু করেছে পুলিশ।

নবদ্বীপ ধাম স্টেশনের জিআরপির প্রচেষ্টায় ঘরে ফিরল এক নাবালক

দুরন্ত বার্তা, নদীয়া, ৩ ফেব্রুয়ারি ঃ আবারও বড়োসড়ো সাফল্য নবদ্বীপ ধাম স্টেশনের জিআরপির। এর আগেও একাধিক বার ট্রেন থেকে খোয়া যাওয়া মোবাইল উদ্ধার করে তুলে দেওয়া হয়েছে সঠিক মালিকের হাতে। আর এদিন দুপুর ২.৪৫ এর আপ হাওড়া-কাটোয়া লোকাল ট্রেন থেকে ৯ বছর বয়সী আনশু ঘোষ নামক এক নাবালককে উদ্ধার করে তাঁর বাবা মার হাতে তুলে দিল জিআরপি। জানা যায়, নবদ্বীপ থানার অন্তর্গত আনন্দবাস এলাকায় ওই নাবালকের বাড়ি। মার সাথে বেহুলা আত্মীয়ের বাড়ি বেড়াতে গিয়ে সেখানে মা একটু বকাবকি করায় বেহুলা স্টেশন থেকে ট্রেন ধরে পালিয়ে যায়। এরপর সঙ্গে সঙ্গে নাবালকের মা এবং পরিবারের লোকজন গুপ্তিপাড়া স্টেশনের জিআরপিকে জানানোর পরেই নবদ্বীপ ধাম স্টেশনের জিআরপির ভারপ্রাপ্ত আধিকারিক গৌতম ভট্টাচার্য্যের তৎপরতায় দুপুর ২.৪৫ এর আপ হাওড়া-কাটোয়া লোকাল নবদ্বীপ ধাম স্টেশনে ঢুকতেই ওই নাবালককে উদ্ধার করে। এরপর তাঁর বাবা, মাকে ডেকে তাঁদের হাতে তুলে দেওয়া হয়। জিআরপির ভারপ্রাপ্ত অধিকারিক গৌতম ভট্টাচার্য্য বলেন, আমরা গুপ্তিপাড়া জিআরপির কাছ থেকে খবর পেয়েই দুপুর ২.৪৫ এর আপ হাওড়া- কাটোয়া লোকাল ট্রেন থেকে তাঁকে উদ্ধার করি। এরপর তাঁর বাবা- মাকে ডেকে কাগজপত্র তৈরি করে তাঁদের হাতে তুলে দিই।

COMFORT FINCAP LIMITED
CIN: L65923WB1982PLC035441
Registered Office: 22, Camac Street, Block 'B', Kolkata- 700016, West Bengal;
Corporate Office.: A-301, Hetal Arch,Opp. Natraj Market, S.V.Road, Malad (West), Mumbai- 400064;
Phone No.: 022-6894-8500/08/09, Fax: 022-2889-2527; Email: info@comfortfincap.com; Website: www.comfortfincap.com

Extracts of the Un-Audited Financial Results for the Third Quarter and Nine Months ended December 31, 2022

(Rs. in Lakh)

Sr. No.	Particulars	STANDALONE					
		Quarter ended			Nine Month Ended		Year Ended
		31.12.2022	30.09.2022	31.12.2021	31.12.2022	31.12.2021	31.03.2022
		(Un-Audited)			(Un-Audited)		(Audited)
1	Total Income from Operations (net)	364.00	411.13	318.73	1170.84	898.81	1242.97
2	Net Profit / (Loss) for the period (before Tax and Exceptional items)	172.79	186.98	178.42	529.50	510.51	619.90
3	Net Profit / (Loss) for the period before Tax, (after Exceptional items)	172.79	186.98	178.42	529.50	510.51	619.90
4	Net Profit / (Loss) for the period (after tax and Exceptional items)	129.35	139.88	133.62	394.37	380.93	442.44
5	Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	129.35	139.88	133.62	394.37	380.93	442.44
6	Equity Share Capital (Face Value Rs. 10/- each)	1085.13	1085.13	1085.13	1085.13	1085.13	1085.13
7	Reserves (excluding revaluation reserve as per Balance Sheet of the of previous accounting year)	0.00	0.00	0.00	0.00	0.00	3431.81
8	Earnings Per Share (In Rs.) Basic & Diluted	1.19*	1.29*	1.23*	3.63*	3.51*	4.08

*Not Annualised

(Rs. in Lakh)

Sr. No.	Particulars	CONSOLIDATED					
		Quarter ended			Nine Month Ended		Year Ended
		31.12.2022	30.09.2022	31.12.2021	31.12.2022	31.12.2021	31.03.2022
		(Un-Audited)			(Un-Audited)		(Audited)
1	Total Income from Operations (net)	364.00	411.13	318.73	1170.84	898.81	1242.97
2	Net Profit / (Loss) for the period (before Tax and Exceptional items)	172.79	186.98	178.42	529.50	510.51	619.90
3	Net Profit / (Loss) for the period before Tax, (after Exceptional items)	172.79	186.98	178.42	529.50	510.51	619.90
4	Net Profit / (Loss) for the period (after tax and Exceptional items)	129.35	139.88	133.62	394.37	380.93	442.44
5	Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	129.35	139.87	133.62	394.35	380.92	442.40
6	Equity Share Capital (Face Value Rs. 10/- each)	1085.13	1085.13	1085.13	1085.13	1085.13	1085.13
7	Reserves (excluding revaluation reserve as per Balance Sheet of the of previous accounting year)	0.00	0.00	0.00	0.00	0.00	3434.82
8	Earnings Per Share (in Rs.) Basic & Diluted:	1.19*	1.29*	1.23*	3.63*	3.51*	4.08

*Not Annualised

Note: The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchange(s) under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results is available on the Company's website at www.comfortfincap.com and on the website of the Stock Exchange(s) where the Company's shares are listed i.e. at www.bseindia.com and www.cse-india.com.

For and on behalf of the Board of Directors of
Comfort Fincap Limited
Sd/-
Ankur Agrawal
Director
DIN: 06408167

Place: Mumbai
Date: February 03, 2023

KOLKATA MUNICIPAL CORPORATION e - TENDER

ABRIDGE NIT

The Executive Engineer (Civil) / Borough-III, KMC invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No.: KMC/EE-III/32/BBG10/22-23 (1st Call)
Name of the Work: **Repair of Path Ways, repair toilet and other civic work at 52, Bagmari Road in Bagmari Muslim Burial Ground in ward no. 32 for Sab-e-Barat** ; Estimated Cost (including GST & CESS): **Rs.4,70,633.71** ; Earnest Money: **Rs.10,000.00** ; Period of Completion: **30 Days** ; Last date & time of submission of Bid: **10.02.2023 at 12:00 Noon** ; Date and time of opening of Bid: **12.02.2023 at 12:00 Noon** ; The bid forms and other details are available on and from **03.02.2023 at 05:00 PM** from the website **https://etender.wb.nic.in**.

(2) NIT No.: KMC/EE-III/014/26/22-23
Name of the Work: **Repairing and exterior painting of KMC premises accommodating different departments at 227 Bagmari Road in ward no. 14 under Borough-III** ; Estimated Cost (including GST & CESS): **Rs.1,72,113.26** ; Earnest Money: **Rs.3,500.00** ; Period of Completion: **17 Days** ; Last date & time of submission of Bid: **13.02.2023 at 12:00 Noon** ; Date and time of opening of Bid: **16.02.2023 at 12:00 Noon** ; The bid forms and other details are available on and from **04.02.2023 at 05:00 PM** from the website **https://etender.wb.nic.in**.

The Executive Engineer (Civil) / Borough-IV, KMC invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No.: KMC/EE(C)/Br-IV/027/030/2022-2023/R
Name of the Work: **Repairing of asphaltum roads by laying hot mix at Amherst Row, Chalta Bagam Lane, Dr. Dhiren Sen Sarani and others in ward no. 27** ; Estimated Cost (including GST & CESS): **Rs.2,79,023.48** ; Earnest Money: **Rs.5,600.00** ; Period of Completion: **90 Days** ;

(2) NIT No.: KMC/EE(C)/Br-IV/028/042/2022-2023/R
Name of the Work: **Repairing of passage / footpath at 20, Nakelbagan Lane, 7/A, Yogipara Lane and others in ward no. 28** ; Estimated Cost (including GST & CESS): **Rs.1,95,848.71** ; Earnest Money: **Rs.3,400.00** ; Period of Completion: **90 Days** ; Last date & time of submission of Bid: **11.02.2023 at 11:00 AM** (for Sl. No. 1 & 2) ; The Tender will be opened on: **13.02.2023 at 11:00 AM** (for Sl. No. 1 & 2) ; The bid forms and other details are available on and from **03.02.2023 at 05:00 PM** from the website **https://etender.wb.nic.in** (for Sl. No. 1 & 2).

The Executive Engineer (Civil) / Borough-V, KMC invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No.: KMC/EE(C)/Br-V/041/44/2022-2023
Name of the Work: **Repairing of road surface at Chit per SPUR (W/S cutting) in ward no. 41** ; Estimated Cost (including GST & CESS): **Rs.2,02,377.48** ; Earnest Money: **Rs.4,500.00** ; Period of Completion: **21 Days** ;

(2) NIT No.: KMC/EE(C)/Br-V/041/45/2022-2023
Name of the Work: **Restoration of I.P.S passage from 212 R. Sarani to 220 R. Sarani & other places (W/S Cutting) in ward no. 41** ; Estimated Cost (including GST & CESS): **Rs.2,28,481.92** ; Earnest Money: **Rs.4,600.00** ; Period of Completion: **21 Days** ;

(3) NIT No.: KMC/EE(C)/Br-V/041/46/2022-2023
Name of the Work: **Restoration of I.P.S passage at 20, 61 Muktaram Babu ST & other places (W/S Cutting) in ward no. 41** ; Estimated Cost (including GST & CESS): **Rs.2,99,511.29** ; Earnest Money: **Rs.6,000.00** ; Period of Completion: **21 Days** ; Last date & time of submission of Bid: **11.02.2023 at 11:00 AM** (for Sl. No. 1 to 3) ; Date and time of opening of tender: **13.02.2023 at 11:00 AM** (for Sl. No. 1 to 3) ; The bid forms and other details are available on and from **03.02.2023 at 05:00 PM** from the website **https://etender.wb.nic.in** (for Sl. No. 1 to 3).

The Executive Engineer (Civil) / Borough-VII, KMC invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No.: KMC/EEC/VII/63/49/22-23/B
Name of the Work: **Restoration of road disturbed due to removal of chockage of connecting sewer of Pay & Use toilet at AJC Bose Road Flyover (Near SSKM Hospital) in ward no. 63** ; Estimated Cost (including GST & CESS): **Rs.1,99,291.01** ; Earnest Money: **Rs.4,000.00** ; Period of Completion: **45 Days** ; Last date & time of submission of Bid: **15.02.2023 up to 12:00 Noon**; Tender will be opened on: **17.02.2023 at 12:00 Noon** ; The bid forms and other details are available on and from **03.02.2023 at 06.55 PM** from the website **https://etender.wb.nic.in.**

(2) NIT No.: KMC/EE(C)/Br-VII/57/24A/22-23/BUSTEE
Name of the Work: **Repairing of footpath by laying paver 39, 46 D.C. Dey Road and its surrounding in ward no. 57** ; Estimated Cost (including GST & CESS): **Rs.3,04,077.54** ; Earnest Money: **Rs.6,083.00** ; Period of Completion: **30 Days** ;

(3) NIT No.: KMC/EE(C)/Br-VII/57/26A/22-23/BUSTEE
Name of the Work: **Repairing of drainage system at 7/1 K T 2nd Lane and its surrounding bustee area in ward no. 57** ; Estimated Cost (including GST & CESS): **Rs.3,01,959.63** ; Earnest Money: **Rs.6,040.00** ; Period of Completion: **30 Days** ;

(4) NIT No.: KMC/EE(C)/Br-VII/57/57/22-23/BUSTEE
Name of the Work: **Repairing of passage at 26 D C Dey, 4/1 K T 1st Lane and its surrounding in ward no. 57** ; Estimated Cost (including GST & CESS): **Rs.2,90,107.82** ; Earnest Money: **Rs.5,805.00** ; Period of Completion: **30 Days** ;

(5) NIT No.: KMC/EE(C)/Br-VII/57/54/22-23/R
Name of the Work: **Repairing of drainage system at 44 D C Dey and its surrounding in ward no. 57** ; Estimated Cost (including GST & CESS): **Rs.3,90,364.06** ; Earnest Money: **Rs.7,810.00** ; Period of Completion: **30 Days** ;

(6) NIT No.: KMC/EE(C)/Br-VII/57/45/22-23/R
Name of the Work: **Repairing of footpath by laying paver block at Lime Street and its surrounding in ward no. 57** ; Estimated Cost (including GST & CESS): **Rs.4,13,025.93** ; Earnest Money: **Rs.8,265.00** ; Period of Completion: **30 Days** ;

(7) NIT No.: KMC/EE(C)/Br-VII/57/62/22-23/BUSTEE
Name of the Work: **Repairing of passage at 12 M Ali, 28 D C Dey and its surrounding in ward no. 57** ; Estimated Cost (including GST & CESS): **Rs.2,93,186.95** ; Earnest Money: **Rs.5,865.00** ; Period of Completion: **30 Days** ; Last date & time of submission of Bid: **13.02.2023 at 12:00 Noon** (for Sl. No. 2 to 7) ; Date and time of opening of Bid: **15.02.2023 at 12:00 Noon** (for Sl. No. 2 to 7) ; The bid forms and other details are available on and from **03.02.2023 at 05:00 PM** from the website **https://etender.wb.nic.in** (for Sl. No. 2 to 7).

The Executive Engineer (Civil) / Borough-XII, KMC invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No.: KMC/EE(C)/BR-XII/102/48/22-23
Name of the Work: **Construction of U/G drainage system at UPHC(KMC) in ward no. 102, BR-XII** ; Estimated Cost: **Rs.2,46,327.29** ; Earnest Money: **Rs.5,000.00** ; Period of Completion: **60 Days** ;

(2) NIT No.: KMC/EE(C)/BR-XII/106/097/22-23
Name of the Work: **Restoration of damaged road near prem no. 93 Purbachal Road (N) in ward no. 106** ; Estimated Cost: **Rs.1,39,332.30** ; Earnest Money: **Rs.3,000.00** ; Period of Completion: **25 Days** ;

(3) NIT No.: KMC/EE(C)/BR-XII/106/098/22-23
Name of the Work: **Maintenance of road near prem no. 15 Ramlal Bazar Road in ward no. 106** ; Estimated Cost: **Rs.3,92,033.10** ; Earnest Money: **Rs.8,000.00** ; Period of Completion: **35 Days** ;

(4) NIT No.: KMC/EE(C)/BR-XII/108/148/22-23
Name of the Work: **Protection of road by providing Bullah Pilling at Chowbagha Bon Bibi Tala Near H/O - Sajani Mondal in ward no. 108** ; Estimated Cost: **Rs.2,98,836.63** ; Earnest Money: **Rs.6,000.00** ; Period of Completion: **45 Days** ;

(5) NIT No.: KMC/EE(C)/BR-XII/108/146/22-23
Name of the Work: **Maintenance of U/G drainage system at Nonadanga, Mundapara etc. in ward no. 108** ; Estimated Cost: **Rs.2,53,655.09** ; Earnest Money: **Rs.5,100.00** ; Period of Completion: **45 Days** ;

(6) NIT No.: KMC/EE(C)/Br-XII/106/104/22-23
Name of the Work: **Construction of sanitary latrine with chamber at Sucheta Nagar Primary School at ward no. 106** ; Estimated Cost: **Rs.1,49,688.50** ; Earnest Money: **Rs.3,000.00** ; Period of Completion: **30 Days** ;

(7) NIT No.: KMC/EE(C)/Br-XII/106/099/22-23
Name of the Work: **Maintenance of U/G drainage system by providing catch pits & ancillary work near Prem No. 1 Ramlal Bazar 2nd Row & others in ward no. 106** ; Estimated Cost: **Rs.1,98,384.07** ; Earnest Money: **Rs.4,000.00** ; Period of Completion: **25 Days** ; Last date & time of submission of Bid: **11.02.2023 at 11:00 AM** (for Sl. No. 1 to 7); Date and time of opening of Bid: **13.02.2023 at 11:00 AM** (for Sl. No. 1 to 7) ; The bid forms and other details are available on and from **03.02.2023 at 05:00 PM** from the website **https://etender.wb.nic.in** (for Sl. No. 1 to 7).

The Executive Engineer (Civil) / Borough-XVI, KMC invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No.: KMC/EE(C)/BR-XVI/142/221/22-23
Name of the Work: **Restoration of C.C. Road at Jiyadergote Tower Goli near Church in ward no. 142** ; Estimated Cost (including GST & CESS): **Rs.2,30,575.49** ; Earnest Money: **Rs.4,700.00** ; Period of Completion: **30 Days** ;

(2) NIT No.: KMC/EE(C)/BR-XVI/125/139/22-23
Name of the Work: **Construction of cement concrete road at Bhattacharjee Para Near Pre. No. 23 in ward no. 125** ; Estimated Cost (including GST & CESS): **Rs.2,75,992.57** ; Earnest Money: **Rs.5,600.00** ; Period of Completion: **30 Days** ;

(3) NIT No.: KMC/EE(C)/BR-XVI/142/214/22-23
Name of the Work: **Maintenance of surface drain at Ashavari Near Pre. No. 232/63 in ward no. 142** ; Estimated Cost (including GST & CESS): **Rs.4,88,651.38** ; Earnest Money: **Rs.9,800.00** ; Period of Completion: **30 Days** ;

(4) NIT No.: KMC/EE(C)/BR-XVI/142/205/22-23
Name of the Work: **Construction of C.C. Road at Sabujpally near H/O - Koushal Jha in ward no. 142** ; Estimated Cost (including GST & CESS): **Rs.4,76,520.76** ; Earnest Money: **Rs.9,600.00** ; Period of Completion: **30 Days** ;

(5) NIT No.: KMC/EE(C)/BR-XVI/125/143/22-23
Name of the Work: **Construction of Cement Concrete Road at Khudiram Sarani Near Pre. No. 10C in ward no. 125** ; Estimated Cost (including GST & CESS): **Rs.4,74,627.38** ; Earnest Money: **Rs.9,500.00** ; Period of Completion: **30 Days** ;

(6) NIT No.: KMC/EE(C)/BR-XVI/142/138/22-23BUSTEE
Name of the Work: **Desilting of surface drain at Aparitajita, Madrashidanga etc. (Slum Area) near Pre. No. 232/22 in ward no. 142** ; Estimated Cost (including GST & CESS): **Rs.2,90,207.99** ; Earnest Money: **Rs.6,000.00** ; Period of Completion: **30 Days** ;

(7) NIT No.: KMC/EE(C)/BR-XVI/125/072/22-23/BUSTEE
Name of the Work: **Desilting of surface drain at Abhoypada School Road (Slum Area) near L. P. No. 134/8/0/8/3 in ward no. 125** ; Estimated Cost (including GST & CESS): **Rs.2,90,292.88** ; Earnest Money: **Rs.6,000.00** ; Period of Completion: **30 Days** ; Last date & time of submission of Bid: **11.02.2023 at 12:00 Noon** (for Sl. No. 1 to 7); Date and time of opening of Bid: **13.02.2023 at 12:00 Noon** (for Sl. No. 1 to 7) ; The bid forms and other details are available on and from **03.02.2023 at 05:00 PM** from the website **https://etender.wb.nic.in** (for Sl. No. 1 to 7).

1047/22-23

২০২৬ বিশ্বকাপে খেলার সম্ভাবনায় মেসির ভাবনা

বুয়েনস আইরেস, ৩ ফেব্রুয়ারিঃ বিশ্বকাপের আগেই কথাটা জানিয়েছিলেন লিওনেল মেসি। কাতার বিশ্বকাপই হবে তাঁর কেরিয়ারের শেষ বিশ্বকাপ। তবে একটা বিশ্বকাপ ট্রফি অনেক কিছুই বদলে দিয়েছে। প্রত্যাশার চাপ জয় করা মেসি ও আর্জেন্টিনা মাঠের খেলা এখন আগের চেয়ে অনেক বেশি উপভোগ করছেন। তাই তো আর্জেন্টিনা দল ও সমর্থকেরা ২০২৬ বিশ্বকাপেও মেসিকে দলে চাইছেন। মেসিও সেই বিশ্বকাপে খেলার সম্ভাবনা একেবারেই উড়িয়ে দিচ্ছে না। তবে ৩৯ বছর বয়সে তাঁর জন্য বিশ্বকাপে খেলাটা যে কঠিন, সেটা মানছেন আর্জেন্টইন অধিনায়ক। আর্জেন্টিনার ওলে পত্রিকাকে দেওয়া সাক্ষাৎকারে মেসি বলেছেন, ''বয়সের কারণে ২০২৬

বিশ্বকাপে খেলা আমার জন্য কঠিন। আমি ফুটবল খেলতে ভালোবাসি, যদি খেলাটা আমি উপভোগ করি, শারীরিকভাবে ফিট থাকি, তাহলে চালিয়ে যাব। পরবর্তী বিশ্বকাপ এখনো দেরি আছে। আমার কেরিয়ার কোন দিকে যাচ্ছে, এর ওপর নির্ভর করছে।'' মেসি ২০২৬ বিশ্বকাপেও খেলুক, দলের সবার চাওয়াটা এমনই। বিভিন্ন সংবাদমাধ্যমে দেওয়া সাক্ষাৎকারে মেসিকে আগামী বিশ্বকাপে পাওয়ার আশা প্রকাশ করেছেন অনেক ফুটবলারই। গত মাসে এক সাক্ষাৎকারে মেসিকে আগামী বিশ্বকাপে পাওয়ার আশার কথা জানিয়েছেন কোচ স্কালোনিও, ''আমার মনে হয় মেসি খেলবে (২০২৬ বিশ্বকাপ)। এটা তার ওপর নির্ভর করছে। সে নিজেকে ফিট মনে করলে এবং আরও কিছু জিততে চাইলে এটা হতে পারে। (জাতীয় দলের) দরজা তার জন্য সব সময় খোলা থাকবে। সে মাঠে সব সময় আনন্দে থাকে এবং তাকে পাওয়াটাও হবে আমাদের জন্য দারুণ ব্যাপার।'' বিশ্বকাপে সবচেয়ে বেশি ২৬ ম্যাচ খেলার রেকর্ড গড়েছেন মেসি। ২০০৬ থেকে ২০২২-এই পাঁচ বিশ্বকাপে খেলেছেন মেসি। মেসি ছাড়া আরও চারজন ফুটবলার পাঁচটি বিশ্বকাপে খেলেছেন। ২০২৬ বিশ্বকাপে মেসি যদি খেলেন তাহলে একমাত্র ফুটবলার হিসেবে ছয়টি বিশ্বকাপে খেলার কীর্তি গড়বেন মেসি। আগামী বিশ্বকাপে খেললে বিশ্বকাপের সর্বোচ্চ গোলদাতার রেকর্ড ছোঁয়ার সুযোগ থাকবে মেসির সামনে। কাতার বিশ্বকাপে ৭ গোল করা মেসির বিশ্বকাপ গোল ১৩টি। ১৬ গোল করে বিশ্বকাপের সর্বোচ্চ গোলদাতা মিরোস্লাভ ক্লোজা। তবে মেসি ২০২৬ বিশ্বকাপে খেলতে পারেন কি না, এটাই সবচেয়ে বড় প্রশ্ন। কারণ, মেসি নিজেই বলছেন কাজটা খুবই কঠিন হবে তাঁর জন্য। মেসি কী কঠিনকে আরও একবার জয় করবেন!

ঝাড়খণ্ডকে হারিয়ে সেমিফাইনালে বাংলা

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারিঃ বিরাট সিংয়ের ঝাড়খণ্ডকে হারিয়ে রঞ্জি ট্রফির সেমিফাইনালে পৌঁছে গেল বাংলা। চলতি মরসুমে রঞ্জি ট্রফিতে দুরন্ত ছন্দে রয়েছে মনোজ তিওয়ারির বাংলা। কোয়ার্টার ফাইনালে ঝাড়খণ্ডের বিরুদ্ধে ইডেন গার্ডেন্সে ব্যাটে-বলে দাপট দেখাল বাংলা। সেমির টিকিটের জন্য চতুর্থ দিন তাড়াতাড়ি ঝাড়খণ্ডের ৩টি উইকেট তুলে নিতে হত বাংলাকে। তারপর ছিল রান তাড়া করার পালা। সবটাই গিয়েছে বাংলার পক্ষে। চতুর্থ দিনের শুরুতেই উইকেট পান মুকেশ কুমার। শাহবাজ নাদিম ফেরেন ৬ রানে। বাকি ২টি উইকেটও সহজেই তুলে নেয় বাংলা। চতুর্থ দিনের শুরুতে শাহবাজ নাদিম যখন আউট হন, তখন ঝাড়খণ্ডের স্কোর ছিল ১৬৪। যা দেখে মনে হয়েছিল খুব

শীঘ্রই শেষ হবে ঝাড়খণ্ডের ইনিংস। আদতে তা হয়নি। সুপ্রিয় চক্রবর্তী ও রাহুল শুক্লার জুটিতে ঝাড়খণ্ড তোলে ৫৬ রান। অবশেষে ২২১ রানেই শেষ হয় ঝাড়খণ্ডের দ্বিতীয় ইনিংস। শেষ অবধি ৪১ রানে অপরাজিত ছিলেন সুপ্রিয়। ৬৬ রানের লিড নিয়েছিল বিরাটের দল। ফলে কোয়ার্টার ফাইনালের ম্যাচ জিততে হলে বাংলাকে তুলতে হত ৬৭ রান। সেমির টিকিট পাওয়ার জন্য রান তাড়া করতে নেমে চতুর্থ ওভারে ওপেনার কাজি জুনেইদ সইফির উইকেট হারায় বাংলা। মনোজের দলের ২১ রানের মাথায় প্রথম সাফল্য পায় ঝাড়খণ্ড। কিন্তু বাংলার জয় ছিল কার্যত সময়ের অপেক্ষা। আর হলও তাই। ব্যক্তিগত ৪ রানে কাজি ফেরার পর, বাংলাকে জেতানোর কাজটা জুটি বেঁধে করে যান অভিমন্যু ঈশ্বরণ ও সুদীপ কুমার ঘরামি। এই জুটিই ১২.৪ ওভারের মাথায় টার্গেট পূরণ করে ফেলে। অভিমন্যু ২৮ রানে অপরাজিত থেকে মাঠ ছাড়েন। অন্যদিকে সুদীপ ঘরামি ২৬ রানের অপরাজিত ইনিংস খেলেন। ৯ উইকেটে ঝাড়খণ্ডকে হারিয়ে প্রথম সেমিফাইনালিস্ট হল মন্ত্রীমশাইয়ের বাংলা। এ বার দেখার বাংলার সঙ্গে এ বারের রঞ্জি ট্রফির শেষ চারের লড়াইয়ে সাক্ষা হয় কোন দলের। আজ, ৩ ফেব্রুয়ারি সিএবির প্রতিষ্ঠা দিবস। এই বিশেষ দিনে ঝাড়খণ্ডকে ৯ উইকেটে হারিয়ে টানা তৃতীয় বারের জন্য রঞ্জি ট্রফির সেমিফাইনালে গেল বাংলা।

মিশন অজিবধ! জিমে গা ঘামালেন বিরাট, রাহুলও ফিরলেন দলে

নাগপুর, ৩ ফেব্রুয়ারিঃ হাতে আর এক সপ্তাহও নেই। ৯ জানুয়ারি শুরু হতে চলেছে বর্ডার গাভাসকর ট্রফি। ২ ফেব্রুয়ারি, বৃহস্পতিবার রাতে নাগপুরে পৌঁছেছেন ভারতের প্রাক্তন অধিনায়ক বিরাট কোহলি এবং সদ্য বিবাহিত ভারতীয় তারকা ক্রিকেটার লোকেশ রাহুল। বিমানবন্দরে দুই ভারতীয় তারকা ধরা পড়লেন পাপারাজ্জিদের ক্যামেরায়। দলের সঙ্গে যোগ দিয়েই মিশন অজিবধের ছক কষতে শুরু করেছেন রাহুল। এ বার তিনিও ফিরলেন জাতীয় দলে। অন্যদিকে সিরিজ শুরুর আগে ভারতীয় দলের জন্য সুখবর। প্রথম ২টি টেস্টে দলে না থাকলেও বেঙ্গালুরুর জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে পুরো দমে বোলিং শুরু করে দিলেন জসপ্রীত বুমরা। ফলে তৃতীয় ও চতুর্থ টেস্টের জন্য দলে ফেরার সম্ভাবনা প্রবল বুমবুমের। পিঠের চোটের সমস্যায় দীর্ঘ দিন ধরেই ভুগেছেন ভারতীয় সফরের পরে কোমরের 'স্ট্রেস ফ্র্যাকচার'-এর শিকার হয়েছিলেন বুমবুম। তারপর থেকে মাঠের বাইরেই রয়েছেন তারকা পেসার। বেঙ্গালুরুর জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে চলছিল তার রিহ্যাব। মাঠে ফেরার জন্য মুখিয়ে ছিলেন টিম ইন্ডিয়ার ইয়র্কার স্পেশালিস্টও। তার নেটে অনুশীলন ফেরার খবরে খুশি ফ্যানেরা। বিশ্বকাপের আগে স্বস্তিতে ভারতীয় টিম ম্যানেজমেন্টও।

করে দিয়েছেন ভিকে। বিরতি কাটিয়ে ফুরফুরে মেজাজে অজিদের বিরুদ্ধে নতুন মিশনের জন্য তৈরি হতে তাই জিমে পৌঁছে গিয়েছেন কোহলি। সোশ্যাল মিডিয়ায় নিজের জিম সেশনের ভিডিয়ো শেয়ার করেছেন কোহলি। ফুরফুরে মেজাজে ভারতীয় দলের সঙ্গে যোগ দিয়েছেন কোহলি। দিন কয়েক আগে পরিবারকে সঙ্গে নিয়ে ঋষিকেশে ট্রেকিং করতে গিয়েছিলেন বিরাট। ছোট্ট ভামিকাকে পিঠে চড়িয়ে পাহাড়ের সান্নিধ্য উপভোগ করেছেন বিরাট। সোশ্যাল মিডিয়ায় সেই ছবি ভাইরাল হয়েছিল। এ বার বিরতি থেকে ফিরে অ্যাকশনে ফেরার পালা। যে কারণে, ফিটনেস পাগল কোহলি পৌঁছে গিয়েছেন জিমে। কোহলির পাশাপাশি বর্ডার গাভাসকর ট্রফির জন্য নাগপুরে পৌঁছে গিয়েছেন রোহিত শর্মার ডেপুটি লোকেশ রাহুল। গত ২৩ জানুয়ারি খান্ডালায় দীর্ঘদিনের প্রেমিকা আথিয়া শেট্টির সঙ্গে ক্রিকেট দলের তারকা পেসার জসপ্রীত বুমরাহ। চোটের কারণে এশিয়া কাপে খেলতে পারেননি বুমবুম। ঘরে বসেই দেখতে হয়েছে টি-২০ বিশ্বকাপ। খেলতে না পারার আক্ষেপের কথাও জানিয়েছেন তারকা পেসার। নতুন বছরে শ্রীলঙ্কার বিরুদ্ধে বুমরাকে দলে রাখা হলেও শেষ মুহূর্তে তার নাম তুলে নেয় বিসিসিআই। জানা যায় একশো শতাংশ ফিট না থাকায় বুমরাকে নিয়ে কোনও ঝুঁকি নিতে নারাজ বোর্ড। তবে এবার ভারতীয় ক্রিকেট সমর্থকদের খুশির খবর দিলন জসপ্রীত বুমরা। কারণ চোট সারিয়ে বোলিং শুরু করে দিয়েছেন জসপ্রীত বুমরাহ। ফিজিক্যাল ট্রেনিং আগেই শুরু করেছিলেন বুমরা। এবার নেটে বোলিং অনুশীলনও শুরু করলেন ভারতীয় পেসারকে। প্রসঙ্গত, শেষ বার জাতীয় দলের হয়ে বুমরাকে খেলতে দেখা গিয়েছিল ২০২২ সালের ২৫ সেপ্টেম্বর। ইংল্যান্ড

বর্ডার-গাভাসকর ট্রফির জন্য অস্ট্রেলিয়া স্কোয়াড। প্যাট কামিন্স (অধিনায়ক), অ্যাস্টন অ্যাগার, স্কট বোল্যান্ড, অ্যালেক্স ক্যারি, ক্যামেরন গ্রিন, পিটার হ্যান্ডসকম্ব, জশ হ্যাজেলউড, ট্রেভিস হেড, উসমান খোয়াজা, মার্নাস লাবুসেন, নাথান লিয়ঁ, ল্যান্স মরিস, টড মারফি, ম্যাথু রেনশ, স্টিভ স্মিথ (সহ-অধিনায়ক), মিচেল স্টার্ক, মিচেল সুইপসন, ডেভিড ওয়ার্নার।

বর্ডার-গাভাসকর ট্রফির প্রথম দুই টেস্টের জন্য ভারতের স্কোয়াড। রোহিত শর্মা (অধিনায়ক), কেএল রাহুল (সহ-অধিনায়ক), শুভমন গিল, চেতেশ্বর পূজারা, বিরাট কোহলি, শ্রেয়স আইয়ার, কেএস ভরত, ঈশান কিষাণ, রবিচন্দ্রন অশ্বিন, অক্ষর প্যাটেল, কুলদীপ যাদব, রবীন্দ্র জাডেজা, মহম্মদ সামি, মহম্মদ সিরাজ, উমেশ যাদব, জয়দেব উনাদকাট, সূর্যকুমার যাদব।

মেসিরা পারলে তোমরা পারবে না কেন?

মনোজদের বললেন সিএবি সভাপতি

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারিঃ টানা তিনবার রঞ্জি ট্রফির সেমিফাইনালে বাংলা। ঘরের মাঠে ঝাড়খণ্ডকে ৯ উইকেটে উড়িয়ে শেষ চারে মনোজ তিওয়ারিরা। ব্যাটিং-বোলিং অলরাউন্ড পারফরমেন্সে ঝাড়খণ্ডকে উড়িয়ে দিল টিম বেঙ্গল। সামনে এ বার মধ্যপ্রদেশ। গতবারের স্নেহাশিস গঙ্গোপাধ্যায়। ম্যাচের পর বাংলার অধিনায়ক মনোজ তিওয়ারি বলেন, ''আমরা আত্মতুষ্টিতে ভুগতে নারাজ। সতর্ক থাকছি। গত বার মধ্যপ্রদেশের কাছে হেরেছিলাম। সেই হার থেকে শিক্ষা নিয়েছি। ওদের মাঠে গিয়ে খেলতে হবে। বাড়তি চ্যালেঞ্জ তো বটেই।'' বাংলা

রঞ্জি চ্যাম্পিয়ন। এমনকি গত সেমিফাইনালে এই মধ্যপ্রদেশের কাছেই হেরেছিল বাংলা। টিম বেঙ্গল এ বারে বাড়তি সতর্ক, একই সঙ্গে আত্মবিশ্বাসী। ম্যাচ জেতার পর ড্রেসিংরুমে গিয়ে. বঙ্গ শিবিরকে উদ্বুদ্ধ করে এলেন সিএবি সভাপতি সেমিফাইনালে উঠলেও ওপেনিং স্লট এখনও ভোগাচ্ছে। অভিমন্যু ঈশ্বরন রান পেলেও উল্টো প্রান্তে কেউই থিতু হতে পারেনি। সেমিফাইনালের আগে ভাবাচ্ছে বাংলা শিবিরকে। কোচ লক্ষ্মীরতন শুক্লা বললেন, ''আমরা সতর্ক থাকছি। এখনও দুটো গুরুত্বপূর্ণ ল্যাপ বাকি। সেমিফাইনালে কঠিন চ্যালেঞ্জ। আমাদের কোনও বাড়তি উচ্ছ্বাস নেই।'' একই সঙ্গে লক্ষ্মী বলেন, ''মাঠ সামলাচ্ছে মনোজ। ড্রেসিংরুম আমি সামলাচ্ছি। এটাই আমাদের দলের বন্ডিং।'' সিএবি প্রেসিডেন্ট স্নেহাশিস গঙ্গোপাধ্যায় ড্রেসিংরুমে গিয়ে বাংলা দলকে উদ্বুদ্ধ করলেন। ম্যাচের পর কোচ-ক্যাপ্টেনের সঙ্গে বেশ কিছুক্ষণ আলাদা কথাও বললেন। মেসির আর্জেন্টিনার তুলনা টেনে স্নেহাশিস বলেন, ''১৯৮৬ সালের পর ৩৬ বছর বাদে আর্জেন্টিনা বিশ্বকাপ চ্যাম্পিয়ন হয়েছে। ১৯৯০ সালের পর বাংলাও নিশ্চয়ই রঞ্জি চ্যাম্পিয়ন হতে পারে।'' এই দলের মেসি কে? সিএবি প্রেসিডেন্টের উত্তর, ''এই দলে তো সবাই ভালো খেলছে। অভিমন্যু, মনোজ, শাহবাজ, অনুষ্টুপ প্রত্যেকে ভালো পারফর্ম করছে। আলাদা করে কারও কথা বলতে চাই না।'' সেমিফাইনালে উঠলেও, দলের সঙ্গে এখনই কোনও সিএবি কর্তা যাচ্ছেন না। রবিবারই মধ্যপ্রদেশ উড়ে যাচ্ছে বাংলা।

ধর্ষণ মামলায় আরও বিপাকে ব্রাজিলিয়ান ফুটবলার!

বার্সেলোনা, ৩ ফেব্রুয়ারিঃ ব্রাজিলের কিংবদন্তি ফুটবলার দানি আলভেস আরও বিপাকে। তাঁর বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ তুলেছিলেন বার্সেলোনার এক তরুণী। বার্সেলোনার একটি নাইটক্লাবের শৌচাগারে তাঁকে ধর্ষণ করা হয়েছে, দানি আলভেসের বিরুদ্ধে এমনই অভিযোগ

তুলেছিলেন সেই তরুণী। যদিও প্রাথমিক ভাবে সেই অভিযোগ পুরোপুরি অস্বীকার করেন বার্সেলোনার প্রাক্তন তারকা। পরে তিনি বয়ান বদলেছিলেন। যদিও স্প্যানিশ সংবাদমাধ্যম সূত্রের খবর, দানি আলভেসের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগের পরিপ্রেক্ষিতে যথেষ্ট তথ্য প্রমাণ রয়েছে। যার জেরে আরও বিপাকে ব্রাজিলের ডিফেন্ডার।

খাতড়ায় শুরু বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

দুরন্ত বার্তা, খাতড়া, ৩ ফেব্রুয়ারিঃ মহকুমা স্তরীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা শুরু হলো খাতড়ায়। আজ শুক্রবার বেলা এগারোটা নাগাদ খাতড়া পূর্ব চক্র ও পূর্ব দুই চক্রের ব্যবস্থাপনায় খাতড়ার খড়িডুংরিতে অবস্থিত খাতরা স্পোর্টস একাডেমির মাঠে ৩৮তম মহকুমা স্তরীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা প্রতিযোগিতা শুরু হয়। প্রতিযোগিতার সূচনা করেন রাজ্যের মন্ত্রী তথা রাণী বাঁধ বিধানসভার বিধায়ক জ্যোৎস্না মান্ডি। প্রথমে মহাকুমা স্তরীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পতাকা উত্তোলন করেন রাজ্যের মন্ত্রী। পরে প্রদীপ প্রজ্জ্বলন করা হয়। তারপরে মশাল দৌড়ের মাধ্যমে প্রতিযোগিতা সূচনা হয়। প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছেন খাতড়া মহকুমার প্রাথমিক নিম্ন বুনিয়াদি বিদ্যালয় শিশু শিক্ষা কেন্দ্র মাদ্রাসা ও বিশেষ চাহিদা সম্পন্ন ছাত্র-ছাত্রীরা। এদিন উদ্বোধনী অনুষ্ঠানে

মন্ত্রী ছাড়া উপস্থিত ছিলেন, খাতড়ার বিডিও অভিক বিশ্বাস, খাতড়া পঞ্চায়েত সমিতির সভাপতি সুনিতা মাহাতো, বিশিষ্ট সমাজসেবী তথা খাতড়া পঞ্চায়েত সমিতির কৃষি কর্মাধ্যক্ষ সুব্রত মহাপাত্র, শিক্ষা দপ্তরের আধিকারিকবৃন্দ, মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা সহ অভিভাবকরা। সারাদিন ধরেই ছাত্র-ছাত্রীদের মধ্যে বিভিন্ন বিভাগে প্রতিযোগিতার আয়োজন রয়েছে বলে উদ্যোক্তারা জানান।

সাফ কাপে ভুটানকে ১২ গোল ভারতের মেয়েদের

ঢাকা, ৩ ফেব্রুয়ারিঃ দিন কয়েক আগেই অনূর্ধ্ব ১৯ টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতেছে শেফালি বর্মার দল। ক্রিকেটের পাশাপাশি ফুটবলেও দাপটে শুরু ভারতের মেয়েদের। শুক্রবার অনূর্ধ্ব ২০ সাফ কাপে ভুটানকে ১২ গোল দিল ভারতের মেয়েরা। সাফ ফুটবলে বরাবরের মতো এ বারও খেতাব জয়ের দাবিদার ভারত। প্রথম ম্যাচেই ভারতীয় দলের দাপট সেই দাবিকে আরও শক্তিশালী করল। বাংলাদেশের রাজধানী ঢাকায় আয়োজিত প্রতিযোগিতার প্রথম ম্যাচে ভুটানকে ১২-০ ব্যবধানে হারাল ভারত। হ্যাটট্রিক করলেন ভারতের তিন ফুটবলার। প্রথম ম্যাচ হওয়ায় শুরুটা কিছুটা সাবধানে করেছিল ভারত। প্রতিপক্ষকে কিছুটা মেপে নেওয়ার পর আক্রমণের ঝড় তোলেন ভারতীয় ফুটবলাররা। তাতেই একে একে এল ১২ গোল। ২৯ মিনিটে দলের হয়ে প্রথম গোল করেন অপর্ণা নার্জারি। ৩৬ মিনিটে তাঁর দ্বিতীয় গোল থেকে ব্যবধান বাড়ায় ভারত। দলের তৃতীয় গোলটি আসে ৪৩ মিনিটে নিতু লিন্ডার পা থেকে। প্রথমার্ধের সংযুক্ত সময়ে নিজের প্রথম গোল করেন মেসার্স নেহা। প্রথমার্ধে ৪-০ ব্যবধানে এগিয়ে থাকা ভারতীয় দলকে দ্বিতীয়ার্ধে আরও আত্মবিশ্বাসী দেখায়। চাপে পড়ে যাওয়া ভুটানকে কার্যত নিজেদের বক্সের মধ্যেই আটকে রাখলেন ভারতের অনূর্ধ্ব ২০ মহিলা ফুটবলাররা। ৫০ মিনিটে নিজের প্রথম এবং দলের পঞ্চম গোল করেন অনিতা কুমারী। পাঁচ মিনিট পরেই নিজের দ্বিতীয় এবং দলের পক্ষে ষষ্ঠ গোল করে হ্যাটট্রিক সম্পূর্ণ করেন নেহা। ৬১ মিনিটে আবার গোল পায় ভারত। এ বারের গোলদাতা লিন্ডা কম। দু'মিনিট পরেই ৬৩ মিনিটে নিজের দ্বিতীয় এবং দলের পক্ষে অষ্টম

গোল করেন লিন্ডা। তাতেও গোলের খিদে মেটেনি ভারতীয় দলের। ধারাবাহিক ব্যবধানে গোল করেন ভারতীয় ফুটবলাররা। ৬৯ মিনিটে নিজের দ্বিতীয় এবং দলের পক্ষে নবম গোল আসে অনিতার পা থেকে। ৭৫ মিনিটে নিজের তৃতীয় তথা দলের ১০ নম্বর গোল করে হ্যাটট্রিক সম্পূর্ণ করেন লিন্ডা। তিন মিনিট পরেই ম্যাচের ৭৮ মিনিটে দলের ১১তম গোল করে হ্যাটট্রিক পূর্ণ করেন অনিতাও। এর পরেও আক্রমণের ঝাঁঝ কমায়নি ভারতীয় দল। ৯০ মিনিটে নিজের তৃতীয় এবং দলের হয়ে ১২তম গোল আসে নেহার পা থেকে। তিনি মাঠে নেমেছিলেন পরিবর্ত ফুটবলার হিসাবে। তাঁকে প্রথম একাদশে রাখেননি কোচ মেমল রকি। ভারতীয় দলের আক্রমণের সামনে ভুটানের রক্ষণ ভাগকে গোটা ম্যাচেই বেশ অসহায় দেখিয়েছে। ভারতকে আটকানোর জন্য তাদের কোনও পরিকল্পনাও চোখে পড়েনি। যদিও ভারতীয় দলের স্ট্রাইকাররা কয়েক বার ভুটানের অফসাইডের ফাঁদে পা দেন। প্রথম ম্যাচেই দলের এমন পারফরম্যান্সে উচ্ছ্বসিত ভারতীয় দলের কোচ। রকি বলেছেন, ''দুর্দান্ত খেলেছে মেয়েরা। মাঠের সব জায়গার দখল ছিল ওদের পায়ে। তবু এই জয় নিয়ে বসে থাকলে হবে না। আমাদের পরের ম্যাচের জন্য প্রস্তুত হতে হবে।'' ৩১ মিনিটে পরিবর্ত ফুটবলার হিসাবে মাঠে নামা নেহাও উচ্ছ্বসিত হ্যাটট্রিক করে। তিনি বলেছেন, ''ভীষণ ভাল লাগছে। আমি খুব উত্তেজিত। এই প্রথম জাতীয় দলের হয়ে গোল করলাম। সঙ্গে হ্যাটট্রিকও করলাম। সতীর্থদের থেকে দারুণ সাহায্য পেয়েছি। পরের ম্যাচেও গোল করতে চাই। কাল থেকেই প্রস্তুতি শুরু করব।'' ভারতের পরের ম্যাচ ৫ ফেব্রুয়ারি আয়োজক বাংলাদেশের বিরুদ্ধে। ভারতীয় দলে রয়েছেন পূর্ব বর্ধমানের কালনার বাসিন্দা সোনালি সোরেনও। তুলনায় দুর্বল ভুটানের বিরুদ্ধে তাঁকে নামাননি ভারতীয় দলের কোচ।

২০২৪ প্যারিস অলিম্পিক বয়কট করতে পারে চল্লিশটি দেশ, জানালেন পোল্যান্ডের ক্রীড়ামন্ত্রী

লন্ডন, ৩ ফেব্রুয়ারিঃ আগামী বছর প্যারিসে অনুষ্ঠেয় অলিম্পিক অন্তত ৪০টি দেশ বয়কট করতে পারে বলে মন্তব্য করেছেন পোল্যান্ডের ক্রীড়া ও পর্যটনমন্ত্রী কামিল বোরনিউক। তাঁর মতে, রাশিয়া ও বেলারুশের ক্রীড়াবিদদের খেলতে দিলে যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, কানাডাসহ বিপুলসংখ্যক দেশের জোট প্যারিস অলিম্পিকে অংশ নেবে না। তবে যেকোনো ধরনের বয়কটে খেলোয়াড়দের ক্ষতিই করা হয়, মনে করিয়ে দিয়ে সম্ভাব্য বয়কটকারীদের সতর্ক করে দিয়েছে আন্তর্জাতিক অলিম্পিক কমিটি (আইওসি)। বিবিসি জানিয়েছে, ২০২৪ অলিম্পিকে রাশিয়া ও বেলারুশের খেলোয়াড়দের অংশগ্রহণের সুযোগ দিতে চায় আইওসি। ইউক্রেনের সঙ্গে যুদ্ধে জড়ানোয় রাশিয়া এখন আন্তর্জাতিক ক্রীড়াঙ্গনে নিষিদ্ধ। যুদ্ধে রাশিয়ার সহযোগী বেলারুশকেও বয়কট করেছে ইউরোপের কয়েকটি দেশ। এমন অবস্থায় দেশ দুটির খেলোয়াড়দের অলিম্পিকে খেলতে দেওয়ার বিপক্ষে দেশগুলো। তবে আইওসি চায় 'নিরপেক্ষ পতাকা'য় খেলোয়াড়দের সুযোগ দিতে। 'পাসপোর্টের কারণে কোনো ক্রীড়াবিদকে প্রতিযোগিতার বাইরে রাখা উচিত নয়'-মন্ত্রে এ বিষয়ে একটি পরিকল্পনাপত্র প্রকাশ করা হয়েছে গত সপ্তাহে। যার নিন্দা করে যুক্তরাজ্য সরকারের সাংস্কৃতিক মন্ত্রী মিচেল ডোনেলান বলেন, ''পরিকল্পনাটি এমনভাবে করা হয়েছে, যেন পৃথিবী এখন যুদ্ধ-বাস্তবতার বাইরে।'' ইউক্রেনের প্রেসিডেন্ট প্যারিস অলিম্পিক বয়কটেরই হুমকি দিয়েছেন। বৃহস্পতিবার পোল্যান্ডের ক্রীড়ামন্ত্রী জানান, শুধু ইউক্রেন নয়, অন্তত ৪০টি দেশ প্যারিস অলিম্পিক বয়কট করতে পারে, ''যদি অলিম্পিক গেমস বয়কট করতে হয়, আমরা সেই জোটের অংশ হব। আর জোটগত বয়কট হলে গেমস আয়োজন গুরুত্বহীন হয়ে পড়বে।'' এরই মধ্যে রাশিয়া ও বেলারুশের খেলোয়াড়দের নিরপেক্ষ পতাকায় খেলতে দেওয়ার পরিকল্পনা প্রত্যাখ্যান করেছে লাটভিয়া, লিথুয়ানিয়া, এস্তোনিয়া ও পোল্যান্ড। যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি ক্যারিন ইয়ান-পিয়েরে অবশ্য আইওসির পরিকল্পনার পক্ষে তাঁর দেশের সায় আছে বলে জানিয়েছেন, ''এটি নিশ্চিত করতে হবে যেন কোনো খেলোয়াড় রাশিয়া বা বেলারুশের প্রতিনিধিত্ব করতে না পারে।''

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্ল্যাক বার্ণ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013
Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 8420635501